হে পাণ্ডব গণের আচার্য্য। (তুমি আমার আচার্য্য নহ) দেখ দেখ তুমি উত্তম শিষ্য প্রস্তুত করিয়াছ! ধৃষ্টদ্যুম্ন বুদ্ধিমান্ বটে, কেন না তোমাকেই বধ করিবার জন্য তোমারই নিকট ধনুর্ব্বিদ্যা শিক্ষা করিয়াছে। তোমার ন্যায় ভ্রান্ত আর কে আছে, তাই বলিতেছি, একবার নিজ শিষ্যের ব্যবহার তো দেখ। গুরুর প্রতি দুষ্ট দুর্য্যোধনের যে দ্বেষ দুর্বুদ্ধি আছে, তাহাই প্রকাশ করিবার জন্য সঞ্জয় প্রথমতঃ "দৃষ্ট্বেতি" শ্লোক দ্বারা দুর্য্যোধনেরই কথা ধৃতরাষ্ট্রকে জ্ঞাপন করিলেন এবং ইহা দ্বারা স্পষ্ট দেখাইলেন যে আচার্য্যের প্রতি যাহার দ্বেষ বুদ্ধি তাহার "ধর্ম্মক্ষেত্রের" প্রভাব জন্য সত্ত্বগুণের উদয় হইবার সম্ভাবনা কোথায়? অতএব মহারাজ! দুর্য্যোধনের পশ্চাত্তাপ, সন্ধিস্থাপন, বা পাণ্ডবদিগকে স্বদধিকার প্রদান আদি কোন আশঙ্কাই করিবেন না। ৩॥

আনন্দগিরিটীকা। অন্যেপি প্রতিপক্ষে পরাক্রমভাজোবহবঃ সন্তীত্যনুপেক্ষণীয়ত্বং পরপক্ষস্য বিপক্ষয়ন্নাহ অত্রেতি। তস্যাং হি প্রতিপক্ষভূতায়াং সেনায়াং শূরাঃ স্বয়মভীরবঃ শস্ত্রাস্ত্রকুশলাঃ ভীমার্জ্জুনাভ্যাং সর্ব্বসম্প্রতিপন্নবীর্য্যাভ্যাং তুল্যাঃ যুদ্ধভূমাবুপলভন্তে। তেষাং যুদ্ধশৌণ্ডীরং বিষদীকর্ত্তুং বিশিনষ্টি মহেষ্বাসাইতি। ইষুবস্যতে ঽস্মিন্নিতি ব্যুৎপত্ত্যা ধনুস্তদুচ্যতে তচ্চ মহদন্যৈরপ্রধৃষ্যং ষদ্যেষাং তে রাজানস্তথা বিবক্ষ্যন্তে। তানেব পরসেনামধ্যমধ্যাসীনান্ পরপক্ষানুরাগিণোরাজ্ঞোবিজ্ঞাপয়তি যুযুধানইত্যাদিনা সৌভদ্রোদ্রৌপদেয়াশ্চেত্যন্তেন। ৪।

কিঞ্চ ধৃষ্টকেতুরিতি। স্পষ্টং। ৫।

তেষাং সর্ব্বেষামপি মহাবলপরাক্রমভাক্ত্বাদনুপেক্ষ্যত্বং পুনর্ব্বিবক্ষতি সর্ব্বএবেতি। ৬।

স্বামিকৃতটীকা। অত্রেত্যাদি। অত্রাস্যাং চম্বাং ইষবোবাণাঅস্যন্তে ক্ষিপ্যন্তে এভিরিতি ইষ্বাসাধনূংসি মহান্তইষ্বাসাযেষাং তে মহেষ্বাসাঃ, ভীমার্জ্জুনৌ তাবদত্রাতিপ্রসিদ্ধৌ যোদ্ধারৌ তাভ্যাং সমাঃ শূরাঃ সন্তি। তানেব নামভির্নির্দ্দিশতি যুযুধানইতি। যুযুধানঃ সাত্যকিঃ। ৪।

কিঞ্চ ধৃষ্টকেতুরিতি। চেকিতানোনাম একোরাজা, নরপুঙ্গবঃ নরশ্রেষ্ঠঃ শৈব্যঃ। ৫।

যুধামন্যুরিতি। বিক্রান্তোযুধামন্যুর্নামৈকঃ, সৌভদ্রোঽভিমন্যুঃ, দ্রৌপদেয়াঃ দ্রৌপদ্যাং পঞ্চভ্যোযুধিষ্ঠিরাদিভ্যোজাতাঃ পুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ পঞ্চ। মহারথাদীনাং লক্ষণং। একোদশসহস্রাণি যোধয়েদযস্তু ধন্বিনাং। শস্ত্রশাস্ত্র প্রবীণশ্চ মহারথইতিস্মৃতঃ। অমিতান্ যোধয়েদ্যস্তু সংপ্রোক্তোঽতিরথস্তু সঃ। রথী চৈকেন যোযোদ্ধা তন্ন্যূনোঽর্দ্ধরথস্তুসঃ। ৬।

মধুসূদন সরস্বতি কৃত টীকা। নন্বেকেন দ্রুপদপুত্রেণ প্রসিদ্ধেনাধিষ্ঠিতাঞ্চমূমস্মদীয়োযঃ কশ্চিদপি জেষ্যতিকিমিতিত্বমুত্তজেস্যসীত্যত আহ অত্র শূরা ইত্যাদি ত্রিভিঃ। ন কেবলমত্র ধৃষ্টদ্যুম্ন এব শূরঃ যেনোপেক্ষণীয়তা স্যাৎ কিন্তু অস্যাং চম্বাং অন্যেপি বহবঃ শূরাঃ সন্তীত্যবশ্যমেব যতজ্জয়ে যতনীয়মিত্যভিপ্রায়ঃ। শূরানেববিশিনষ্টি মহেষ্বাসা ইতি মহান্তোঽন্যৈরপ্রধৃষ্যা ইষ্বাসা ধনূংসি যেষাং তে তথা দূরতএব পরসৈন্য বিদ্রাবণ কুশলা ইতি ভাবঃ মহাধনুরাদিমত্বেপি যুদ্ধকৌশলাভাবমাশঙ্ক্যাহ যুধি যুদ্ধে ভীমার্জ্জুনাভ্যাং সর্ব্বসংপ্রতিপন্ন পরাক্রমাভ্যাং সমাস্তুল্যাঃ তানেবাহ যুযুধান ইত্যাদিনা মহারথা ইত্যন্তেন যুযুধানঃ

ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বীর্য্যবান্।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥ ৫ ॥
যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ সর্ব্বএব মহারথাঃ ॥ ৬ ॥

সাত্যকিঃ দ্রুপদশ্চ মহারথ ইত্যেকঃ অথবা যুযুধান বিরাট দ্রুপদানাং বিশেষণং মহারথ ইতি ধৃষ্টকেতু চেকিতান কাশিরাজানাং বিশেষণং বীর্য্যবানিতি পুরুজিৎ কুন্তিভোজ শৈব্যানাং বিশেষণং নরপুঙ্গব ইতি বিক্রান্তো যুধামন্যুঃ বীর্য্যবাংশ্চোত্তমৌজা ইতি দ্বৌ অথবা সর্ব্বাণি বিশেষণানি সমুচ্চিত্য সর্ব্বত্র যোজনীয়ানি সৌভদ্রোঽভিমন্যুঃ দ্রৌপদেয়াশ্চ দ্রৌপদীপুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ পঞ্চ চকারাদন্যেপি পাণ্ড্যরাজঘটোৎকচ প্রভৃতয়ঃ পঞ্চপাণ্ডবাস্তুতিপ্রসিদ্ধা এবেতিনগণিতাঃ যে গণিতাঃ সপ্তদশ অন্যেপি তদীয়াঃ সর্ব্বএব মহারথাঃ সর্ব্বেপি মহারথা-এবনেকোপি রথোঽর্দ্ধরথো বা মহারথা ইত্যতিরথত্বস্যাপ্যুপলক্ষণং তল্লক্ষণঞ্চ। একাদশ-সহস্রাণি যোধয়েদ্যস্তু ধন্বিনাং। শস্ত্রশাস্ত্র প্রবীণশ্চ মহারথ ইতি স্মৃতঃ। অমিতান্ যোধয়ে-দ্যস্তু সংপ্রোক্তোঽতিরথস্তুসঃ। রথস্ত্বেকেন যো যোদ্ধা তন্ন্যূনোঽর্দ্ধরথঃস্মৃতঃ ইতি ॥ ৪।৫।৬ ॥

এই পাণ্ডব সেনা মধ্যে মহাধনুর্দ্ধারী ও সুপ্রসিদ্ধ যোদ্ধা ভীমার্জ্জুনের ন্যায় বহুতর শূরবীর বিদ্যমান রহিয়াছেন। মহারথী সাত্যকি, বিরাট, দ্রুপদরাজা, মহাপরাক্রান্ত ধৃষ্টকেতু, চেকিতান ও কাশীরাজ, নর-শ্রেষ্ঠ পুরুজিত, কুন্তিভোজ ও শৈব্য, বিক্রমশালী যুধামন্যু, পরাক্রান্ত রাজা উত্তমৌজা, সুভদ্রানন্দন অভিমন্যু, দ্রৌপদীর পঞ্চ তনয়, ইহাঁরা সকলেই মহারথী ৪।৫।৬ ॥

গীঃ সঃ। একমাত্র ধৃষ্টদ্যুম্নের নামোল্লেখে পাছে দ্রোণাচার্য্য মনে করেন যে এতাদৃশ একজন সামান্য বীরের জন্য দুর্য্যোধনের এতভয় কেন, তন্নিমিত্ত দুর্য্যোধন বলিতেছেন, আচার্য্য! কেবল ধৃষ্টদ্যুম্নই নহে, এখানে বিশ্ববিজয়ী ভীমার্জ্জুনের ন্যায় ধনুর্দ্ধারী ও পরাক্রান্ত বীরও অনেক আছেন, তাঁহারা নিতান্ত উপেক্ষণীয় নহেন। বিশেষণ ও নামের দ্বারাই তাঁহাদের গুণ গৌরব ব্যাখ্যা করিতেছেন।

"মহেষ্বাসা" যদ্দ্বারা মহা ইষু—বাণ বেগে নিক্ষিপ্ত হয়, অর্থাৎ ধনু, এখানে এরূপ বীর বর্গ আছেন, যাঁহারা দূর হইতেই দুর্ব্বিষহ তীব্র শরাঘাতে শত্রু সৈন্য সংহারে সমর্থ ও যুদ্ধকুশল। যথা, যুযুধান, অর্থাৎ যিনি মহারণে অক্লান্ত (সাত্যকী), যিনি শত্রুদিগকে বারম্বার পরাভব দ্বারা ঘুরাইয়া ২ ক্লেশ দেন (বিরাট); দ্রু=বৃক্ষ ও পদ=চিহ্ন, বৃক্ষাঙ্কিত বিজয় পতাকা যাঁহার সদা উড্ডীন (দ্রুপদরাজা); ধৃষ্ট=শত্রুজন ভয়প্রদ ও কেতু=ধ্বজা, যাঁহার উড্ডীয়মান ধ্বজা দর্শনে বৈরী বর্গ বিত্রস্ত হয় (ধৃষ্টকেতু); বীরবর চিকিতানের পুত্র (চেকিতান); যেখানে গমন করিলে দিব্য জ্ঞান প্রকাশিত হয়, তথাকার রাজা (কাশীরাজ); পুরু "অনেক", জিত=যিনি জয় করিয়াছেন যিনি অগণ্য শত্রুসৈন্য বারম্বার জয় করিয়াছেন (পুরুজিত); যে কুন্তি ভীমার্জ্জুন রূপ মহাবল পুত্র প্রসব করিয়াছেন তাঁহারই পিতা (কুন্তিভোজ); প্রসিদ্ধ শিবিরাজার কুলজাত (শৈব্য); যুধা—যুদ্ধ ও মন্যু=ক্রোধ, যুদ্ধের নাম শুনিতেই যিনি উদ্দীপিত হইয়া উঠেন (যুধামন্যু, ইনি পাঞ্চালদেশের বিক্রান্ত রাজা); ওজস্=বল, যাঁহার বল

অস্মাকন্তু বিশিষ্টা যে তান্নিবোধ দ্বিজোত্তম।
নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ॥ ৭ ॥

বিক্রম প্রশংসনীয় (উত্তমৌজা, পাঞ্চাল দেশীয় রাজা); সুভদ্রা গর্ভজাত ও গর্ভবাস কালেই যিনি রণকৌশলের জ্ঞান লাভ করিয়াছিলেন (অভিমন্যু); যে দ্রৌপদীর ভক্তিগুণে মহাকুপিত দুর্ব্বাসাও পাণ্ডব গণের কোন ক্ষতি করিতে পারেন নাই, সেই বিশুদ্ধ তেজঃপূর্ণ গর্ভজাত (প্রতিবিন্ধ্যাদি পঞ্চপুত্র) এবং "চ" কার দ্বারা ঘটোৎকচাদি অবশিষ্ট রাজন্য বর্গও গৃহীত হইয়াছেন। ভীমার্জ্জুনাদি পঞ্চ পাণ্ডবের পরাক্রম ভুবন বিখ্যাত ও তাঁহারাই রঙ্গ স্থলের প্রধানাধিনায়ক বলিয়া তাঁহাদের নাম আর বিশেষ রূপ উল্লিখিত হইল না। প্রোক্ত বীর মাত্রেই মহারথী। রথী, মহারথী আদির লক্ষণ, যথা,

যিনি শস্ত্র শাস্ত্রে অত্যন্ত কুশল ও একাকী দশ সহস্র শূরবীর ধনুর্দ্ধারীর সঙ্গে সমর করিতে সমর্থ তিনিই মহারথী; যিনি শস্ত্র শাস্ত্রে অতিনিপুণ ও অগণিত শূরবীর সঙ্গে রণ তরঙ্গে প্রবৃত্ত হয়েন, তিনি অতিরথী, যিনি একাকী এক জন মাত্র বীরের সহিত যুদ্ধ করেন তিনি রথী, ও যিনি নিজ হইতে দুর্ব্বলের সহিত যুদ্ধ করেন তিনি অর্দ্ধ রথী। ৪।৫ ৬ ॥

আনন্দগিরি টীকা। যদ্যেবং পরকীয়ং বলমতিপ্রভূতং প্রতীত্যাভিভীতবদভিদধাসি তর্হি সন্ধিরেব পরৈরিষ্যতামলং বিগ্রহাগ্রহেণেত্যাচার্য্যাভিপ্রায়মাশঙ্ক্য ব্রবীতি অস্মাকমিতি। তু শব্দেনান্তরঙ্গপন্নমপি স্বকীয়ং ভয়ং তিরোদধানোধৃষ্টতামাত্মনোদ্যোতয়তি, যেপরম্মৎপক্ষে ব্যবস্থিতাঃ সর্ব্বেভ্যঃ সমুৎকর্ষজুষস্তান্ময়োচ্যমানান্নিবোধ নিশ্চয়েন মদ্বচনাদবধারয়েত্যর্থঃ। যদ্যপি ত্বমেব ত্রৈবর্ণিকেষু ত্রৈবিদ্যবৃদ্ধেষু প্রধানত্বাৎ প্রতিপত্তুং প্রভবসি তথাপি মদীয়-সৈন্যস্য যে মুখ্যাস্তানহং তে তুভ্যং সংজ্ঞার্থমসংখ্যেষু তেষু মধ্যে কতিচিন্নামভির্গৃহীত্বা পরিশিষ্টানুপলক্ষয়িতুং বিজ্ঞাপনং করোমি নত্বজ্ঞাতং কিঞ্চিত্তব জ্ঞাপয়ামীতি মত্বাহ দ্বিজোত্তমেতি। ৭।

স্বামিকৃত টীকা। অস্মাকমিতি। নিবোধ বুদ্ধস্ব, নায়কানেতারঃ, সংজ্ঞার্থং সম্যক্ জ্ঞানার্থমিত্যর্থঃ। ৭।

মধুসূদন সরস্বতি কৃত টীকা। যদ্যেবং পরবলমিতি প্রভূতং দৃষ্ট্বা ভীতোসি তর্হি সন্ধিরেব পরৈরিষ্যতাং কিং বিগ্রহাগ্রহেণেত্যাচার্য্যাভিপ্রায়মাশঙ্ক্যাহ। তু শব্দেনান্তরুৎ-পন্নমপি ভয়ং তিরোদধানো ধৃষ্টতামাত্মনোদ্যোতয়তি অস্মাকমিতি। অস্মাকং সর্ব্বেষাং মধ্যে যে বিশিষ্টাঃ সর্ব্বেভ্যঃ সমুৎকর্ষজুষস্তান্ময়োচ্যমানান্নিবোধ নিশ্চয়েন মমবচনাদবধারয়েতি ভৌবাদিকস্য পরস্মৈপদিনোবুধে রূপং যে চ মম সৈন্যস্য নায়কা মুখ্যা নেতারঃ তান্ সংজ্ঞার্থং অসংখ্যেষু তেষু মধ্যে কতিচিন্নামভির্গৃহীত্বা পরিশিষ্টানুপলক্ষয়িতুং তে তুভ্যং ব্রবীমি নতু জ্ঞাতং কিঞ্চিদপি তব জ্ঞাপয়ামীতি দ্বিজোত্তমেতি বিশেষণেনাচার্য্যং স্তবন্ স্বকার্য্যে তদাভিমুখ্যং সম্পাদয়তি। দোষপক্ষে দ্বিজোত্তমেতি ব্রাহ্মণত্বাত্তবযুদ্ধাকুশলত্বং তেন ত্বয়ি বিমুখেপি ভীষ্মপ্রভৃতীনাং ক্ষত্রিয়প্রবরাণাং সত্বান্নাস্মাকং মহতী ক্ষতিরিত্যর্থঃ সংজ্ঞার্থমিতি প্রিয়শিষ্যাণাং পাণ্ডবানাকমুদ্দিষ্ট্বা। হর্ষেণ ব্যাকুল মনসস্তব স্বীয়বীর বিস্মৃতির্মা-ভূদিতিমমের মুক্তিরিতিভাবঃ ॥ ৭ ॥

ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৌমদত্তির্জয়দ্রথঃ॥ ৮॥

হে দ্বিজোত্তম! আমারও সৈন্য মধ্যে যে সকল যোদ্ধাধিনায়ক আছেন, আপনার গোচরার্থ তাঁহাদেরও নাম বলিতেছি, শ্রবণ করুন। ৭॥

গীঃ সঃ। পাণ্ডব পক্ষীয় মহামহাবীর বর্গের নামোল্লেখ করায় পাছে দ্রোণাচার্য্য মনে করেনযে দুর্য্যোধন ভীত হইয়াছেন এবং পাছে বলেন যে যদি তুমি ইহাঁদের সহ সমরে অসমর্থ হও, তবে পাণ্ডব গণের সহিত মিত্রতা কর. এই আশঙ্কা অপনয়নার্থ নিজ শূরবীর বর্গেরও নাম উচ্চারণ করিতেছেন।

কুল, শীল, বিদ্যা, বল, পৌরুষে শ্রেষ্ঠ যদিচ আমার অসংখ্য সেনা আছে, তথাচ আপনার স্মরণার্থ কয়েক জন মাত্রের নাম করিলেই হইবে, কেন না আপনি তো পূর্ব্ব হইতেই জানেন (অস্মাকন্তু) পদের "তু" শব্দ দ্বারা দুর্য্যোধন অন্তরের ভয় অন্তরে লুকাইয়া বাহিরে সাহস প্রকাশ করিতেছেন। (হে দ্বিজোত্তম) পদ দ্বারা প্রকাশ্যে দ্রোণাচার্য্যের স্তুতিবাদ করিয়া নিজ কার্য্যে পূর্ণ প্রবৃত্তির সূচনা করিতেছেন; এবং উনি পাণ্ডব গণকে অধিক স্নেহ করেন বলিয়া, (পক্ষান্তরে) তুমি ব্রাহ্মণ হইয়া ক্ষত্রিয়ধর্ম্মে প্রবৃত্ত, তুমি স্বধর্ম্মভ্রষ্ট ইত্যাকার নিন্দারও ইঙ্গিত করিতেছেন। আবার সঙ্কেতে ইহাও বলিতেছেন, যে তুমি ব্রাহ্মণ, আচার্য্যের কার্য্য করিতে পার বটে, কিন্তু যুদ্ধের সূক্ষ্ম নৈপুণ্য তোমার কোথায়! যদি তুমি স্নেহ বশতঃ পাণ্ডব পক্ষই অবলম্বন কর, তাহাতে আমার ক্ষতি নাই, কেন না ভীষ্মাদি ক্ষত্রিয় মহাশূর গণ অমার সেনাধিনায়ক আছেন, তাই তোমার স্মরণকে সচেতন করিবার জন্যই তাঁহাদের কয়েক জনের নাম করিতেছি, শ্রবণ কর। যদি নিজ প্রিয় শিষ্য পাণ্ডব গণের সেনা দেখিয়া তোমার হর্ষোদয় হইয়া থাকে, তবে তোমার ইহাও যেন চৈতন্য থাকে, যে ভীষ্মাদি বীরেন্দ্র কেশরী গণ আমার পক্ষ ॥ ৭ ॥

আনন্দগিরিটীকা। তানেব স্বসেনানিবিষ্টান্ পুরুষধোরেয়ানাত্মীয়ভয়পরিহারার্থং পরিগণয়তি ভবানিত্যাদিনা॥ ৮॥

স্বামিকৃতটীকা। তানেবাহ ভবানিতি দ্বাভ্যাং। ভবান্ দ্রোণঃ সমিতিং সংগ্রামং জয়তীতি তথা, সৌমদত্তিঃ সোমদত্তস্য পুত্রোভূরিশ্রবাঃ॥ ৮॥

মধুসূদন সরস্বতি কৃত টীকা। তত্র বিশিষ্টান্ গণয়তি ভবানিতি। ভবান্ দ্রোণঃ ভীষ্মঃ কর্ণঃ কৃপশ্চ সমিতিং সংগ্রামং জয়তীতি সমিতিঞ্জয় ইতি কৃপবিশেষণং কর্ণাদনন্তরং গণ্যমানত্বেন তস্য কোপমাশঙ্ক্য তন্নিরাসার্থং এতে চত্বারঃ সর্ব্বতোবিশিষ্টাঃ মায়কান্ গণয়তি অশ্বত্থামা দ্রোণপুত্রঃ ভীষ্মাপেক্ষয়াচার্য্যস্য প্রথম গণনাবদ্বিকর্ণাদ্যপেক্ষয়া তৎ পুত্রস্য প্রথম গণনমাচার্য্য পরিতোষার্থং বিকর্ণঃ স্ব ভ্রাতাকনীয়ান্ সৌমদত্তিঃ সোমদত্তস্য পুত্রঃ শ্রেষ্ঠত্বাৎ ভূরিশ্রবাঃ জয়দ্রথঃ সিন্ধুরাজঃ তথৈবচেতি কচিৎ প্রাহুঃ॥ ৮॥

আপনি (দ্রোণাচার্য্য), পিতামহ ভীষ্ম, কর্ণ, সংগ্রাম বিজয়ী কৃপাচার্য্য, অশ্বত্থামা, বিকর্ণ, সোমদত্তের পুত্র ভূরিশ্রবা ও জয়দ্রথ। ৮॥

অন্যেচ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ।
নানাশস্ত্র প্রহরণাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ ॥ ৯ ॥

গীঃ সঃ। ধূর্ত্ত দুর্য্যোধন দ্রোণাচার্য্যকে সন্তুষ্ট রাখিবার জন্য ভীষ্ম, কর্ণাদির-নামোল্লেখের প্রথমেই দ্রোণাচার্য্যের ও বিকর্ণ ভূরিশ্রবাদির নামোল্লেখের প্রথমেই তাঁহার পুত্র অশ্বত্থামার নামোল্লেখ করিয়াছে; কেননা লোকে প্রশংসিত গণের মধ্যে আপনার ও নিজপুত্রের নাম অগ্রে গণ্য দেখিলে অধিক প্রসন্ন হইয়া থাকে ॥ ৮ ॥

আনন্দগিরিটীকা। দ্রোণাদিপরিগণনস্য পরিশিষ্টপরিসংখ্যার্থত্বং ব্যাবর্ত্তয়তি অন্যে-চেতি। সর্ব্বেপি ভবন্তমাবভ্য মদীয়পৃতনায়াং প্রবিষ্টাঃ স্বজীবিতাদপি মহৎ স্পৃহয়ন্তীত্যাহ মদর্থ ইতি। যত্তু তেষাং শূরত্বমুক্তং তদিদানীং বিশদয়তি নানেতি। নানাবিধানানেকপ্রকা-রাণি শস্ত্রাণ্যায়ুধানি প্রহরণানি প্রহরণসাধনানি যেষাং তে তথা। বহুবিধায়ুধসম্পত্তাবপি তৎপ্রয়োগে নৈপুণ্যাভাবে তদ্বৈফল্যমিতি চেন্নেত্যাহ সর্ব্বইতি ॥ ৯ ॥

স্বামিকৃতটীকা। মদর্থে মৎপ্রয়োজনার্থং জীবিতং ত্যক্তুমধ্যবসিতা ইত্যর্থঃ, নানা অনেকানি শস্ত্রাণি প্রহরণসাধনানি যেষাং তে যুদ্ধে বিশারদানিপুণাঃ ॥ ৯ ॥

মধুসূদন সরস্বতি কৃত টীকা। কিমেতাবন্ত এব নায়কানেত্যাহ। অন্যে চ শল্য কৃতবর্ম্ম প্রভৃতয়ঃ মদর্থে মৎ প্রয়োজনায় জীবনমপি ত্যক্তুমধ্যবসিতা ইত্যর্থেন ত্যক্তজীবিতা ইত্যনেন স্বস্মিন্ননুরাগাতিশয় স্তেষাং কথ্যতে। এবং স্বসৈন্য বাহুল্যং তস্য স্বস্মিন্ ভক্তিং শৌর্য্যং যুদ্ধোদ্যোগং যুদ্ধকৌশলঞ্চ দর্শিতং শূরা ইত্যাদি বিশেষণৈঃ রাজা পুনরপি সৈন্য-দ্বয় সাম্যমাশঙ্ক্য স্বসৈন্যাধিক্যমাবেদয়তি ॥ ৯ ॥

হে আচার্য্য! এতদ্ভিন্ন অস্ত্র শস্ত্র সম্পন্ন রণ কুশল পুরুষ আমার পক্ষে অনেক আছেন। তাঁহারা আমার জন্য জীবন বিসর্জ্জনেও কৃতসংকল্প হইয়াছেন ॥ ৯ ॥

গীঃ সঃ। পাছে দ্রোণাচার্য্য মনে করেন, কি দুর্য্যোধনের পক্ষে এই কয়েকজন ভিন্ন বীর নাই, তাই অন্যান্য আরও অনেক বীর আছেন বলিয়া স্পর্দ্ধা করিয়া বলিতেছেন, ভীষ্মাদি ভিন্ন শল্য, কৃতবর্ম্মা, ভগদত্ত আদি আরও শূর গণ আছেন; তাঁহারা শূল, চক্র, গদা, খড়্গাদি যুদ্ধে মহা নিপুণ, (শূরা) ইত্যাদি বিশেষণ দ্বারা নিজ সেনার বল বাহুল্য, অত্যন্ত সমরাগ্রহ ও রণনৈপুণ্য প্রকাশ করিয়াছেন ॥ ৯ ॥

আনন্দগিরি টীকা। রাজা পুনরপি স্বকীয়ভয়াভাবে হেত্বন্তরমাচার্য্যং প্রত্যাবেদয়তি অপর্য্যাপ্তমিতি। অস্মাকং খল্বিদমেকাদশসংখ্যাকাক্ষৌহিণীপরিগণিতমপরিমিতং বলং ভীষ্মেণ চ প্রথিতমহামহিম্না সূক্ষ্মবুদ্ধিনা সর্ব্বতোরক্ষিতং পর্য্যাপ্তং পরেষাং পরিভবে সমর্থং, এতেষাং পুনস্তদল্পং সপ্তসংখ্যাকাক্ষৌহিণীপরিমিতং বলং ভীমেন চ চপলবুদ্ধিনা কুশলতাবিক-লেন পরিপালিতমপর্য্যাপ্তমস্মানভিভবিতুমসমর্থমিত্যর্থঃ, অথবা তদিদমস্মাকং বলং ভীষ্মাধি-ষ্ঠিতমপর্য্যাপ্তমপরিমিতমধৃষ্যমক্ষোভ্যমেতেষাং পাণ্ডবানাং বলং ভীমেনাভিরক্ষিতং পর্য্যাপ্তং পরিমিতং সোঢুং শক্যমিত্যর্থঃ, অথবা তৎ পাণ্ডবানাং বলমপর্য্যাপ্তং নালমস্মাকমস্মভ্যং ভীষ্মাভিরক্ষিতং ভীষ্মাভিরক্ষিতোঽস্মৈ পরবলনিবৃত্তার্থমিতি তদেব তপোচ্যতে, ইদং পুনর-স্মদীয়ং বলমেতেষাং পাণ্ডবানাং পর্য্যাপ্তং পরিভবে সমর্থং ভীমাভিরক্ষিতং ভীমোদুর্ব্বল-

অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতং।
পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতং॥ ১০॥

হৃদয়োগস্মাদস্মৈ পরবলনিবৃত্ত্যর্থমভিরক্ষিতঃ তস্মাদস্মাকং ন কিঞ্চিদপি ভয়কারণমস্তীত্যর্থঃ॥ ১০॥

স্বামিকৃত টীকা। ততঃ কিমত আহ অপর্য্যাপ্তমিত্যাদি। তত্তথাভূতৈর্বীরৈর্যুক্তমপি ভীষ্মেণাভিরক্ষিতমপি অস্মাকং বলং সৈন্যং অপর্য্যাপ্তং তৈঃ সহ যোদ্ধুমসমর্থং ভাতি, ইদন্ত্বেতেষাং পাণ্ডবানাং বলং ভীমাভিরক্ষিতং সৈন্যং পর্য্যাপ্তং সমর্থং ভাতি॥ ১০॥

মধুসূদন সরস্বতি কৃত টীকা। অপর্য্যাপ্তমনন্তমেকাদশাক্ষৌহিণী পরিমিতং ভীষ্মেণ চ প্রার্থিত মহিম্না সূক্ষ্মবুদ্ধিনাঽভিতঃ সর্ব্বতো রক্ষিতং তত্তাদৃশ গুণবৎ পুরুষাধিষ্ঠিতমস্মাকং বলং এতেষাং পাণ্ডবানাং বলন্তু পর্য্যাপ্তং পরিমিত সপ্তাক্ষৌহিণীমাত্রাত্মকত্বাৎ ন্যূনং ভীমেনচাতি চপল বুদ্ধিনা রক্ষিতং তস্মাদস্মাকমেব বিজয়ো ভবিষ্যতীত্যভিপ্রায়ঃ অথ তৎ পাণ্ডবানাং বলমপর্য্যাপ্তং নালং অস্মাকমস্মভ্যং। কীদৃশং তৎ ভীষ্মাভিরক্ষিতোঽস্মাভির্যস্মৈ যন্নিবৃত্ত্যর্থমিত্যর্থঃ তৎ পাণ্ডব বলং ভীষ্মাভিরক্ষিতং ইদং পুনরস্মদীয়ং বলং এতেষাং পাণ্ডবানাং পর্য্যাপ্তং পরিভবে সমর্থং ভীমোঽতি দুর্ব্বলহৃদয়ো রক্ষিতো যস্মৈ তদস্মাকং বলং ভীমাভিরক্ষিতং যস্মাদ্ভীমোঽত্যযোগ্য এবৈতন্নিবৃত্ত্যর্থং তৈ রক্ষিত স্তস্মাদস্মাকং ন কিঞ্চিদপি ভয়কারণমস্তীত্যভিপ্রায়ঃ॥ ১০॥

হে আচার্য্য! ভীষ্মাভিরক্ষিত আমাদের পক্ষীয় সেনা অনেক আছে, এবং ভীম কর্ত্তৃক রক্ষিত পাণ্ডব সেনা সংখ্যা অপেক্ষাকৃত অল্প। ১০॥

গীঃ সঃ। উভয় পক্ষেই যখন অস্ত্র শস্ত্র নিপুণ ও সমরচতুর পুরুষ বিদ্যমান্ আছেন, তখন পাছে আচার্য্য মনে করেন উভয় দলই সমান, তজ্জন্য দুর্য্যোধন বলিতেছেন, যে সূক্ষ্মবুদ্ধি ভীষ্মাভিরক্ষিত আমাদের পক্ষীয় সেনা অপর্য্যাপ্ত (একাদশ অক্ষৌহিণী) এবং স্থূলবুদ্ধি বিকল চিত্ত ভীমসেনাভিরক্ষিত সেনা নিতান্তই পর্য্যাপ্ত (সাত অক্ষৌহিণী) মাত্র। পক্ষান্তরে ইহাও প্রকাশ করিতেছেন, যে আমাদের সৈন্য একাদশ অক্ষৌহিণী হইলেও রণপ্রাঙ্গণে কার্য্য কালে অপর্য্যাপ্ত—অপ্রচুর বা অসমর্থ এবং পাণ্ডব সেনা সংখ্যায় অল্প হইলেও পর্য্যাপ্ত—প্রচুর বা সামর্থ্যযুক্ত বলিয়া বোধ হইতেছে।

এক অক্ষৌহিণী সেনায় ২১৮৭০ হস্তী, ২১৮৭০ রথ, ৬৫৬১০ অশ্ব ও ১০৯৩৫০ পদাতি সর্ব্বশুদ্ধ ২১৮৭০০ বুঝায়। এতদ্গণনানুসারে কৌরব পক্ষে ২৪০৫৭০ হস্তী, ২৪০৫৭০ রথ, ৭২১৭১০ অশ্ব, ও ১২০২৮৫০ পদাতি অর্থাৎ সর্ব্বশুদ্ধ ২৪০৫৭০০ সেনা এবং পাণ্ডব পক্ষে ১৫৩০৯০ হস্তী, ১৫৩০৯০ রথ, ৪৫৯২৭০ অশ্ব ও ৭৬৫৪৫০ পদাতি অর্থাৎ সর্ব্বশুদ্ধ ১৫৩০৯০০ সেনা, অথবা কুরুক্ষেত্র—মহারণে উভয় পক্ষে ৩৯৩৬৬০০ সেনা সমবেত হইয়াছিল॥ ১০॥

আনন্দগিরিটীকা। স্বকীয়বলস্য ভীষ্মাধিষ্ঠিতত্বেন বলিষ্ঠত্বমুক্ত্বা ভীষ্মশেষত্বেন তদনুগুণত্বং দ্রোণাদীনাং প্রার্থয়তে অয়নেম্বিতি। কর্ত্তব্যবিশেষদ্যোতী চ শব্দঃ, সমরসমারম্ভসময়ে যোদ্ধৃণাং যথাপ্রধানং যুদ্ধভূমৌ পূর্ব্বাপরাদিদিগ্বিভাগেনাবস্থিতিস্থানানিনিয়মাস্তে তান্যত্রায়ণান্যুচ্যন্তে সেনাপতিশ্চ সর্ব্বসৈন্যমধিষ্ঠায় মধ্যে তিষ্ঠতি তেষু সর্ব্বেষু প্রকৢপ্তং প্রবিভাগমপ্রত্যাখ্যায় ভবানশ্বত্থামা কর্ণশ্চেত্যেবমাদয়োভবন্তঃ সর্ব্বেঽপি সন্তোভীষ্মমেব সেনা-

অয়নেষু চ সর্ব্বেষু যথাভাগমবস্থিতাঃ।
ভীষ্মমেবাভিরক্ষন্তু ভবন্তঃ সর্ব্ব এব হি ॥ ১১॥

পতিং সর্ব্বতোরক্ষন্তু তস্য হি রক্ষণে সর্ব্বমস্মদীয়ং বলং রক্ষিতং স্যাৎ পরবলনিবৃত্ত্যর্থত্বেন তস্যাস্মাভীরক্ষিতত্বাদিত্যর্থঃ ॥ ১১ ॥

রামানুজ ভাষ্য। দুর্য্যোধনো ভীমাভিরক্ষিতং পাণ্ডবানাং বলং আত্মীয়ঞ্চ বলং ভীষ্মাভিরক্ষিতমবলোক্যাত্মবিজয়ে অস্য বলস্য পর্য্যাপ্ততামাত্মীয় বলস্য তদ্বিজয়ে চাপর্য্যাপ্ততামাচার্য্যে নিবেদ্যান্তরে বিষণ্ণোঽভবৎ ॥ ২।৩।৪।৫।৬।৭।৮।৯।১০।১১ ॥

স্বামিকৃতটীকা। তস্মাদ্ভবদ্ভিরেবং বর্ত্তিতব্যমিত্যাহ অয়নেষ্বিতি। অয়নেষু ব্যূহ প্রবেশমার্গেষু যথাভাগং বিভক্তাং স্বাং স্বাং রণভূমিং অপরিত্যজ্যাবস্থিতাঃ সন্তো ভীষ্মমেবাভিরক্ষন্তু তথা যুধ্যমানঃ পৃষ্ঠতঃ কৈশ্চিন্ন হন্যেত তথা রক্ষন্তু ভীষ্ম বলেনৈবাস্মাকং জীবনমিতিভাবঃ ॥ ১১ ॥

মধুসূদন সরস্বতি কৃত টীকা। এবং চেন্নির্ভয়োঽসি তর্হি কিমিতি বহুজল্পসীত্যত আহ। কর্ত্তব্য বিশেষদ্যোতী তু শব্দঃ সমর সমারম্ভসময়ে যোধানাং যথা প্রধানং যুদ্ধভূমৌ পূর্ব্বাপরাদি দিগ্বিভাগেনাবস্থিতিঃ যানি নিয়ম্যন্তে তান্যত্রায়নান্যুচ্যন্তে সেনাপতিশ্চ সর্ব্বসৈন্যমধিষ্ঠায় মধ্যে তিষ্ঠতি তত্রৈবং সতি যথাভাগং বিভক্তাং স্বাং স্বাং রণভূমিমপরিত্যজ্যাবস্থিতাঃ সন্তোভবন্তঃ সর্ব্বেপি যুদ্ধাভিনিবেশাৎ পুরতঃ পৃষ্ঠতঃ পার্শ্বতশ্চানিরীক্ষ্যমাণং ভীষ্মং সেনাপতিমেব রক্ষন্তু ভীষ্মে হি সেনাপতৌ রক্ষিতে তৎ প্রসাদাদেব সর্ব্বং সুরক্ষিতং ভবিষ্যতীত্যভিপ্রায়ঃ ॥ ১১ ॥

এক্ষণে আপনারা নিজ নিজ বিভাগানুসারে সৈন্য সমূহের ব্যূহ দ্বারে অবস্থিত হইয়া পিতামহ ভীষ্মকে সর্ব্বথা রক্ষা করিতে থাকুন। ১১ ॥

গীঃ সঃ। পাছে আচার্য্য এরূপ বলেন যে যদি পাণ্ডব সেনাপেক্ষা তোমার সৈন্য দল পুষ্ট ও প্রবল থাকে, তবে বৃথা নানা কল্পনা করিতেছ কেন, তজ্জন্য দুর্য্যোধন বলিতেছেন, যে পিতামহ ভীষ্মাচার্য্য আমাদের সেনাধিনায়ক, তিনি যখন সম্মুখ সমরে উন্মত্ত হইবেন, তখন তাঁহার পার্শ্ব বা পশ্চাদ্দিকে দৃষ্টি পড়িবার সম্ভাবনা নাই, তাই আপনাকে বলিতেছি, যে আপনারা তাঁহার সম্মুখ ভিন্ন অন্যান্য দিক্ এরূপে তত্ত্বাবধান করিবেন, যেন প্রচ্ছন্ন ভাবে কোন শত্রুসৈন্য আসিয়া তাঁহাকে আক্রমণ করিতে না পারে। প্রকারান্তরে দ্রোণাচার্য্যকে মনে ২ অবজ্ঞা করিয়া বলিতেছেন, যে পিতামহের জীবন সত্ত্বে আমরা কাহাকেও ভয় করি না। ১১ ॥

আনন্দগিরিটীকা। তমেবমাচার্য্যং—প্রতিসম্বাদং পূর্ব্বমন্তং ভয়াবিষ্টং রাজানং দৃষ্ট্বা তদন্তিকবর্ত্তী পিতামহস্তদ্দুঃখানুরোধার্থং ইত্থং কৃতবানিত্যাহ তস্যেতি। রাজ্ঞো দুর্য্যোধনস্য হর্ষং বুদ্ধিগতমুল্লাসবিশেষং পরপরিভবদ্বারা স্বকীয়বিজয়দ্বারকং সমুৎপাদয়ন্ ভয়ং তদীয়মপনিনীষুরুচ্চৈঃ সিংহনাদং কৃত্বা শঙ্খমাপূরিতবান্ কিমিতি দুর্য্যোধনস্য হর্ষমুৎপাদয়িতুং পিতামহোযততে কুরুবৃদ্ধত্বাত্তস্য কুরুরাজত্বাৎ পিতামহত্বাচ্চাস্য দুর্য্যোধনভয়াপনয়নার্থা প্রবৃত্তিরুচিতা তদুপজীবিতয়া তদ্বশত্বাচ্চ তস্য সিংহনাদে শঙ্খশব্দে চ পরেষাং হৃদয়ব্যথাং সম্ভাব্যতে দূরাদেবারিনিবহং প্রতি ভয়জননলক্ষণপ্রতাপত্বাদিত্যর্থঃ ॥ ১২ ॥

স্বামি কৃত টীকা। ততেবং বহুমানযুক্তং রাজবাক্যংশ্রুত্বা ভীষ্মঃ কিং কৃতবান্ তদাহ

তস্য সংজনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্॥ ১২॥
ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানক গোমুখাঃ।

তস্যেত্যাদি। তস্য রাজ্ঞো হর্ষং কুর্ব্বন্ পিতামহো ভীষ্ম উচ্চৈর্ম্মহান্তং সিংহনাদং কৃত্বা শঙ্খং দধ্মৌ বাদিতবান্॥ ১২॥

মধুসূদন সরস্বতি কৃত টীকা। এবং পাণ্ডব সৈন্য দর্শনাদতিভীতস্য ভয়নিবৃত্ত্যর্থমাচার্য্যং কপটেন শরণং গতস্য ইদানীমপ্যয়ং মাং প্রতারয়তীত্যসন্তোষবশাদাচার্য্যেণ বাঙ্মাত্রেণাপ্য-নাদৃতস্যাচার্য্যোপেক্ষাং বুদ্ধ্বাহয়নেষ্বিত্যাদিনা ভীষ্মমেবস্তুবতস্তস্য রাজ্ঞোভয় নিবর্ত্তকং হর্ষং বুদ্ধিগত মুল্লাসবিশেষং স্ববিজয়সূচকং জনয়ন্ উচ্চৈর্ম্মহান্তং সিংহনাদং বিনদ্য কৃত্বা সিংহ-নাদমিতি নং মূলান্তং অত্যৈব পোষং পুষাতীতিবত্তৈসোবৃ ধাতোঃ পুনঃ প্রয়োগঃ শঙ্খং দধ্মৌ বাদিতবান্ কুরু বৃদ্ধত্বাদাচার্য্য দুর্য্যোধনয়োরভিপ্রায়ং পরিজ্ঞানং পিতামহত্বাদনুপেক্ষণং নত্বাচার্য্যবদুপেক্ষণং প্রতাপবত্বাত্উচ্চৈঃ সিংহনাদ পূর্ব্বক শঙ্খবাদনং পরেষাং ভয়োৎপাদনায় অত্র সিংহনাদ শঙ্খবাদ্যয়োর্হর্ষজনকত্বেন পূর্ব্বাপরকালত্বেপ্যভিচরন্ যজেতেতিবজ্জনয়ন্নিতি শতাবশ্যন্তাবিত্বরূপবর্ত্তমানত্বে ব্যাখ্যাতব্যঃ॥ ১২॥

তদনন্তর রাজা দুর্য্যোধনের সন্তোষার্থ কুরুবৃদ্ধ মহা প্রতাপশালী পিতা-মহ ভীষ্ম গম্ভীর সিংহনাদ পূর্ব্বক সগর্ব শঙ্খধ্বনি করিয়া উঠিলেন। ১২॥

গীঃ সঃ। দুর্য্যোধনের কথা শেষ হইলে, ভীষ্মাদি কি করিলেন, ইহা জানিবার জন্য ধৃতরাষ্ট্রের ঔৎসুক্য জন্মিয়াছে, অনুভব করিয়া, সঞ্জয় বলিতেছেন, হে ধৃতরাষ্ট্র! পাণ্ডব সেনা ভয়ে ভীত হইয়া দুর্য্যোধন দ্রোণাচার্য্যের শরণাগত হইলেন, এবং দ্রোণাচার্য্য দুর্য্যোধনের কপট ভক্তি জানিতে পারিয়া একটী বাক্য দ্বারাও তাহার সমাদর করিলেননা, প্রত্যুতঃ উপেক্ষা করায় দুর্য্যোধন মর্ম্মাহত হইতেছেন দেখিয়া ভীষ্ম ভাবিলেন, আমি যখন দুর্য্যোধনের অন্নে শরীর রক্ষা করিতেছি, তখন এই মহাসমরে ইহার জন্য এ দেহ পাত হইবেই হইবে। এবং তখন দুর্য্যোধনকে হর্ষোৎসাহযুক্ত করিবার জন্য ভীষ্ম সিংহনাদ ও শঙ্খধ্বনি করিলেন। বৃদ্ধ গণ অনায়াসে বালকের মনের ভাব বুঝিতে পারেন, ইহা দেখাইবার জন্য "কুরুবৃদ্ধ", দ্রোণাচার্য্য দুর্য্যোধনকে উপেক্ষা করিলেন, কিন্তু স্বসম্পর্কীয় ব্যক্তি মহাদুরাত্মা হইলেও আপৎকালে উপেক্ষাযোগ্য নহে এজন্য "পিতামহ" এবং উচ্চ সিংহনাদে ও ভীমশঙ্খ-ধ্বনিতে পাণ্ডব সেনা অবশ্যই চমকিত হইয়াছে, এজন্য "প্রতাপবান্" ভীষ্মের এই বিশেষণ ত্রয় ব্যবহৃত হইয়াছে॥ ১২॥

আনন্দগিরিটীকা। রাজাভিপ্রায়ং প্রতীত্য ভীষ্মপ্রবৃত্ত্যনন্তরং তৎপক্ষৈস্তৈস্তৈরাজভিঃ শঙ্খাদয়োবাদ্যবিশেষাঝটিতি শব্দবন্তঃ সংপাদিতাঃ সচ শংখাদিপ্রযুক্তশব্দস্তুমুলোবহুলং ভয়ং পরেষাং পরিদ্যোতয়ন্নাসীদিত্যাহ ততইতি॥ ১৩॥

রামানুজ ভাষ্য। তস্যবিষাদমালোক্য ভীষ্মস্তস্য হর্ষং জনয়িতুং সিংহনাদং শঙ্খনাদঞ্চ কৃত্বা শঙ্খভেরী নিনাদৈশ্চ বিজয়াভিশংসিনং ঘোষঞ্চাকারয়ৎ॥ ১২।১৩॥

স্বামিকৃত টীকা। তদেবং সেনাপতের্ভীষ্মস্য যুদ্ধোৎসবমালোক্য সর্ব্বতোযুদ্ধোৎসবঃ প্রবৃত্তইত্যাহ ততইত্যাদিনা। পণবামর্দ্দনা আনকাগোমুখাশ্চ বাদ্যবিশেষাঃ সহসা তৎক্ষণা-দেবাভ্যহন্যন্ত বাদিতাঃ, সশব্দঃ শঙ্খাদিশব্দস্তুমুলোমহানভূৎ॥ ১৩॥

সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ ॥ ১৩ ।
ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ । ১৪ ।

মধুসূদন সরস্বতি কৃত টীকা। ততো ভীষ্মস্য সেনাপতেঃ প্রবৃত্ত্যনন্তরং পণবা আনকা গোমুখাশ্চ বাদ্যবিশেষাঃ সহসা তৎক্ষণমেবাভ্যহন্যন্ত বাদিতাঃ কর্ম্মকর্ত্তরিপ্রয়োগঃ সশব্দস্তুমুলোমহানাসীত্তথাপি ন পাণ্ডবানাং ক্ষোভোজাত ইত্যভিপ্রায়ঃ ॥ ১৩ ॥

হে ধৃতরাষ্ট্র ! সেনাপতি ভীষ্মের রণোৎসাহ বিদিত হইবা মাত্র, দুর্যোধনের অন্যান্য সেনাগণের মধ্যে বহু শঙ্খ, ভেরী, মৃদঙ্গ, নগরা, রণসিংহা বাজিয়া তুমুল শব্দ হইয়া উঠিল ॥ ১৩ ॥

গীঃ সঃ। যখন সকলে দেখিল ইচ্ছামৃত্যু ভীষ্ম এতন্মহারণে অগ্রবর্ত্তী, তখন ভাবিল আর ভয় কি,কেননা ভীষ্ম সহজে কাহারও বধ্য নহেন, ভীষ্ম পরাভূত না হইলে কুরু সৈন্য পরাভবেরও শঙ্কা নাই। তাই সকলে উৎসাহ যুক্ত হইয়া রণ বাদ্য বাজাইতে লাগিল ॥১৩ ॥

আনন্দগিরিটীকা। এবং দুর্য্যোধনপক্ষে প্রবৃত্তিমালোক্য পরিসরবর্ত্তিনৌ কেশবার্জ্জুনৌ শ্বেতৈর্হয়ৈরতিবলপরাক্রমৈর্যুক্তে মহত্যপ্রধৃষ্যে রথে ব্যবস্থিতাবপ্রাকৃতৌ শঙ্খৌ পূরিতবন্তাবিত্যাহ ততঃ শ্বেতৈর্হয়ৈরিতি ॥ ১৪ ॥

রামানুজভাষ্য। ততস্তং ঘোষমাকর্ণ্য সর্ব্বেশ্বরেশ্বরঃ পার্থ সারথী রথী চ পাণ্ডুতনয়স্ত্রৈলোক্য বিজয়োপকরণভূতে মহতিস্যন্দনে স্থিতৌ ত্রৈলোক্যং কম্পয়ন্তৌ শ্রীমৎ পাঞ্চজন্য দেবদত্তৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ ॥ ১৩ ॥

স্বামিকৃত টীকা। ততঃ পাণ্ডব সৈন্যে প্রবৃত্তং যুদ্ধোৎসবমাহ তত ইত্যাদি পঞ্চভিঃ। স্যন্দনে রথে স্থিতৌ সন্তৌ শ্রীকৃষ্ণার্জ্জুনৌ শঙ্খৌ প্রকর্ষেণ দধ্মতুর্ব্বাদয়ামাসতুঃ ॥ ১৪ ॥

মধুসূদন সরস্বতি কৃত টীকা। অন্যেষামপি রথাঃসন্ত্যেব অসাধারণ্যেন রথোৎকর্ষ কথনার্থং ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তং ইত্যাদি রথতত্ত্বকথনং তেনাগ্নিদত্তে দুষ্প্রধৃষ্যে রথেস্থিতৌ সর্ব্বরথৈর্জেতুমশক্যাইত্যর্থঃ ॥ ১৪ ॥

ভীষ্মাদির শঙ্খাদির ধ্বনি শ্রবণানন্তর এদিকে শ্বেতাশ্বযুক্ত মহারথে আরূঢ় ভগবান্ শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনও দিব্য শঙ্খধ্বনি করিলেন ॥ ১৪ ॥

গীঃ সঃ। যদিচ কৃষ্ণার্জ্জুন ব্যতীত অন্যান্য অনেক পাণ্ডব সেনা রথারূঢ় ছিলেন, তথাপি (ততঃশ্বেতৈর্হয়ৈর্যুক্তে) বলিবার তাৎপর্য্য এই যে অর্জ্জুনের রথ অন্যান্য রথের ন্যায় সামান্য নহে, উহা সাক্ষাৎ হুতাশন দত্ত, এ রথকে চালায়মান্ করিবার সামর্থ্য কোন শত্রুরই নাই। এই রথারূঢ় অর্জ্জুন ও শ্রীকৃষ্ণ কোন শত্রু কর্ত্তৃকই পরাভূত হইবার নহেন। তাঁহাদের শঙ্খ নাদে কুরুসৈন্য অবশ্য মহাবিত্রস্ত হইয়া উঠিল। প্রথমে কুরুসৈন্যের শঙ্খ নাদ, তৎপরে অর্জ্জুনাদির শঙ্খ নাদাদি দ্বারা ইহাই প্রকাশিত হইল যে, পাণ্ডব গণ প্রথমে দ্রোহাচরণে প্রবৃত্ত হয়েন নাই; দুষ্ট দুর্যোধনের পক্ষেই ভারতীয় বীরবর্গের শোণিতে পৃথিবী কলঙ্কিত করিবার প্রবর্ত্তনা করিল, অগত্যা পাণ্ডব গণকে আত্মাধিকার রক্ষার্থ তৎপরে প্রবৃত্ত হইতে হইল ॥ ১৪ ॥

পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ। ১৫।
অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষ মণিপুষ্পকৌ। ১৬।

আনন্দগিরিটীকা। তয়োঃ শঙ্খয়োর্দ্দিব্যত্বমেবাপাদয়তি পাঞ্চজন্যমিতি। কেশবার্জ্জুনয়োর্যুদ্ধাভিমুখ্যং দৃষ্ট্বা সংহৃষ্টঃ স্বারস্যেন সমররসিকোভীমসেনোপি যুদ্ধাভিমুখোভূদিত্যাহ পৌণ্ড্রমিতি॥ ১৫॥

স্বামিকৃত টীকা। তদেব বিভাগেন দর্শয়ন্নাহ পাঞ্চজন্যমিতি। পাঞ্চজন্যাদীনি নামানি শ্রীকৃষ্ণাদি শঙ্খানাং ভীমং ঘোরং কর্ম্ম যস্য সঃ॥ ১৫॥

ভগবান্ শ্রীকৃষ্ণ পাঞ্চজন্য শঙ্খ নিনাদ করিলেন, অর্জ্জুন দেবদত্ত শঙ্খ ও সর্ব্বলোক ত্রাসোৎপাদক ভীম পৌণ্ড্র নামক শঙ্খ ধ্বনি করিলেন॥ ১৫॥

গীঃ সঃ। পঞ্চজন হইতে উৎপন্ন এজন্য শঙ্খের নাম "পাঞ্চজন্য", হৃষীক=ইন্দ্রিয়, ঈশ=নিয়োগ কর্ত্তা অর্থাৎ ইন্দ্রিয়গণের নিয়ন্তার নাম হৃষীকেশ। এই শ্লোকে ভগবান্ শ্রীকৃষ্ণের অন্য নাম না দিয়া "হৃষীকেশ" এই নাম প্রয়োগ করিবার তাৎপর্য্য এই যে এই আত্মারূপ শ্রীকৃষ্ণের ইঙ্গিতে ইন্দ্রিয় গণ কার্য্যে প্রবৃত্ত হয়। ইহাতে আধ্যাত্মিক মহাতত্ত্বেরও আভাস প্রকাশিত হইতেছে। পঞ্চ ইন্দ্রিয় রূপ পঞ্চপাণ্ডব যখন অন্তর্যামী বিশুদ্ধ আত্মারূপ শ্রীকৃষ্ণের ইঙ্গিতে কার্য্য করিতে থাকে, তখন দুষ্প্রবৃত্তি রাশি রূপ দুর্য্যোধনের দুষ্ট দল বল ত্রস্ত ও পরিশেষে পরাস্ত হইয়া যায়। অর্জ্জুনের নাম এখানে "ধনঞ্জয়" দিবার তাৎপর্য্য এই যে, যে বীর পুরুষ নিজ বাহুবলে দিগ্দিগন্ত জয় করিয়া সমস্ত ধনাধিপ গণের ধন লইয়া আসিয়াছেন এবং যাঁহার হস্তে দেবতাদিগের প্রদত্ত বিজয় শঙ্খ, তাঁহাকে এ সমরে পরাভব করে সাধ্য কার? বৃকের ন্যায় বহুভোজী হিড়িম্ব হন্তা বলবন্ত ভীমসেনও দুর্জ্জয় পরাক্রম, সঞ্জয় তজ্জন্য ভাবে প্রকাশ করিতেছেন যে, হে ধৃতরাষ্ট্র! ইন্দ্রিয়াধিনায়ক যে সেনার নেতা, বিশ্ববিজয়ীবীর যাহাদের যোদ্ধা, এবং ভীম পরাক্রম বৃকোদর যাহাদের রক্ষক, তোমার পুত্র গণ তাহাদের কিছুই করিতে পারিবে না॥ ১৫॥

আনন্দগিরিটীকা। এতেষাং ঈদৃশীং প্রবৃত্তিং প্রতীত্য পরিপালনাবকাশমাসাদ্য রাজ্ঞো-যুধিষ্ঠিরস্যাপি প্রবৃত্তিং দর্শয়তি অনন্তেতি। জ্যায়সাং ভ্রাতৃণামনুসরণমাবশ্যকমিতি মত্বা তয়োর্যবীয়সোর্ভ্রাত্রোরপি প্রবৃত্তিমাহ নকুলইতি॥ ১৬॥

স্বামিকৃতটীকা। অনন্তেতি। নকুলঃ সুঘোষং নাম শঙ্খং দধ্মৌ সহদেবো মণিপুষ্পকং নাম॥ ১৬॥

মধুসূদন সরস্বতি কৃত টীকা। পাঞ্চজন্যো দেবদত্তঃ পৌণ্ড্রোঽনন্তবিজয়ঃ সুঘোষ মণি-পুষ্পকশ্চেতি শঙ্খ নাম কথনং পরসৈন্যে স্বনামভিঃ প্রসিদ্ধা এতাবন্তঃ শঙ্খাঃ ভবৎ সৈন্যে তু নৈকোপি স্বনাম প্রসিদ্ধঃ শঙ্খোস্তীতিপরেষামুৎকর্ষাতিশয় কথনার্থঃ সর্ব্বেন্দ্রিয় প্রেরকত্বেন সর্ব্বান্তর্যামি সহায়ঃ পাণ্ডবানামিতি কথয়িতুং হৃষীকেশপদং দিগ্বিজয়ে সর্ব্বান্রাজ্ঞো জিত্বা-ধনমাহৃতবানিতি সর্ব্বথৈবায়মজেয়ইতি কথয়িতুং ধনঞ্জয় পদং ভীমং হিড়িম্ব বধাদিরূপং

কাশ্যশ্চ পরমেষ্বাসঃ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ ॥ ১৭॥
দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্ব্বশঃ পৃথিবীপতে।
সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্ ॥ ১৮॥

কর্ম্ম যস্য তাদৃশো বৃকোদরত্বেন বহ্বন্নপাকাদতি বলিষ্ঠো ভীমসেন ইতি কথিতং কুন্তীপুত্র ইতি কুন্ত্যামহতা তপসা ধর্ম্মমারধ্যালব্ধঃ স্বয়ঞ্চ রাজসূয়যাজিত্বেন মুখ্যো রাজা যুধিষ্ঠিরমেব জয়ভাগিত্বেন স্থিরোনত্বেতদ্বিপক্ষাঃ স্থিরাভবিষ্যন্তীতি যুধিষ্ঠিরপদেন সূচিতং নকুলঃ সুঘোষং সহদেবো মণিপুষ্পকং দধ্মাবিত্যনুষুজ্যতে ॥ ১৫ ॥ ১৬ ॥

কুন্তিপুত্র মহারাজা যুধিষ্ঠির অনন্ত বিজয় নামক শঙ্খ, নকুল সুঘোষ নামক শঙ্খ ও সহদেব মণিপুষ্পক শঙ্খ ধ্বনি করিলেন ॥ ১৬ ॥

গীঃ সঃ। কুন্তি কঠোর তপস্যা দ্বারা ধর্ম্মরাজের কৃপায় যুধিষ্ঠিরকে প্রসব করেন, তাহাতে যুধিষ্ঠির যে মহাতেজা পুরুষ ও রাজসূয় যজ্ঞানুষ্ঠানে তিনি প্রবল প্রতাপের পরিচয় দিয়াছেন, ইহাই ধৃতরাষ্ট্রের স্মরণার্থ সঞ্জয় "কুন্তিপুত্র" ও "রাজা" এই দুইটী বিশেষণ "যুধিষ্ঠির" পদের পূর্ব্বে প্রয়োগ করিয়াছেন। যিনি যুদ্ধে জয় রূপ ফল ভাগী হইয়া অটল অর্থাৎ স্থির থাকেন, তিনিই যুধিষ্ঠির পদ বাচ্য। জয়শ্রী যুধিষ্ঠিরকেই আশ্রয় করিবেন, সঞ্জয় পদপ্রয়োগ কৌশলে তাহাই সঙ্কেত করিলেন। পাঞ্চজন্য, দেবদত্ত, পৌণ্ড্র, অনন্ত বিজয়, সুঘোষ, মণিপুষ্পক, শ্লোক দ্বয়ে উক্ত এই শংখ ছয়টী নিজ ২ নামানুসারে সুপ্রসিদ্ধ, ঈদৃশ স্বনাম খ্যাত শংখ কুরু দলে একটীও নাই, এই জন্য এই শংখ গুলির পৃথক ২ নামোল্লেখ করিয়া সঞ্জয় কুরুপক্ষের হীনতা প্রদর্শন করিলেন ॥ ১৬ ॥

আনন্দগিরি টীকা। অন্যেষামপি তৎপক্ষীয়ানাং রাজ্ঞামৈকমত্যং বিজ্ঞাপয়ন্ ধৃতরাষ্ট্রস্য দুরাশাং সঞ্জয়োব্যুদস্যতি কাশ্যশ্চেত্যাদিনা ॥ ১৭ ॥

দ্রুপদইতি। পরমেষ্বাসাদিবিশেষণচতুষ্টয়ং প্রত্যেকং সম্বধ্যতে ॥ ১৮ ॥

রামানুজ ভাষ্য। ততো যুধিষ্ঠির বৃকোদরাদয়শ্চ স্বকীয়ান্ শংখান্ পৃথক্ পৃথক্ দধ্মুঃ ॥ ১৫। ১৬। ১৭। ১৮ ॥

স্বামিকৃত টীকা। কাশ্যশ্চেতি। কাশ্যঃ কাশীরাজঃ কথম্ভূতঃ পরমঃশ্রেষ্ঠঃ ইষ্বাসো ধনুর্যস্য সঃ ॥ ১৭ ॥

দ্রুপদইতি। হে পৃথিবীপতে ধৃতরাষ্ট্র ॥ ১৮ ॥

মধুসূদন সরস্বতি কৃত টীকা। পরমেষ্বাসঃ কাশ্যঃ মহাধনুর্দ্ধরঃ কাশিরাজঃ ন পরাজিতঃ পারিজাতহরণ বাণযুদ্ধাদি মহাসংগ্রামেষু এতাদৃশঃ সাত্যকিঃ হে পৃথিবীপতে ধৃতরাষ্ট্র স্থিরো-ভূত্বা শৃণ্বিত্যভিপ্রায়ঃ সুগমমন্যৎ ॥ ১৭। ১৮ ॥

হে পৃথিবী পতে! মহাধনুর্দ্ধারী কাশীরাজ, মহারথী শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাট রাজা, যুদ্ধে অপরাজিত সাত্যকি, দ্রুপদরাজা, দ্রৌপদীর পাঁচপুত্র, ও সুভদ্রার তনয় মহাবাহু অভিমন্যু পৃথক ২ নিজ নিজ শঙ্খ নিনাদ করিলেন ॥ ১৭। ১৮ ॥

স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলোঽভ্যনুনাদয়ন্। ১৯।

গীঃ সঃ। ধৃতরাষ্ট্র মনে ২ যে নিজ পুত্র বর্গের জয়াশা করিতেছিলেন, তাহা কৌশলে নিবৃত্ত করিবার জন্য সঞ্জয় কহিলেন, হে রাজন্! কেবল এই কয়েক জন নহে, মহাধনুর্দ্ধারী মহারথী, অপরাজেয়, মহাবাহু কাশী রাজাদি বীরেন্দ্র গণও মহা উৎসাহে নিজ ২ শংখের মহানিনাদ করিলেন, ॥ ১৭। ১৮ ॥

আনন্দগিরি টীকা। তৈস্তৈরাজভিঃ শংখানাপূরয়দ্ভিরাপাদিতোমহান্ ঘোষস্তুমুলোঽতি-ভৈরবোনভশ্চান্তরীক্ষং পৃথিবীঞ্চ ভুবনং লোকত্রয়ং সর্ব্বমেব বিশেষেণানুক্রমেণ নাদয়ন্ নাদযুক্তং কুর্ব্বন্ ধার্ত্তরাষ্ট্রাণাং দুর্য্যোধনাদীনাংহৃদয়ান্যন্তঃকরণানি ব্যদারয়ৎ বিদারিতবান্, যুক্তঞ্চৈতৎ তৎপ্রেরিতশংখঘোষশ্রবণাত্তে লোক্যাক্রোশে তমুপশৃণ্বতাং তেষাং হৃদয়েষু দোধূয়-মানত্বং তদাহ সঘোষইতি ॥ ১৯ ॥

স্বামিকৃত টীকা। স চ শংখানাং নাদস্ত্বদীয়ানাং মহাভয়ং জনয়ামাসেত্যাহ সঘোষ ইত্যাদি। ধার্ত্তরাষ্ট্রাণাং ত্বদীয়ানাং হৃদয়ানি বিদারিতবান্ কিং কুর্ব্বন্ নভশ্চ পৃথিবীঞ্চাভ্যনু-নাদয়ন্ প্রতিধ্বনিভিরাপূরয়ন্ ॥ ১৯ ॥

মধুসূদন সরস্বতি কৃত টীকা। ধার্ত্তরাষ্ট্রাণাং সৈন্যে শংখাদিধ্বনিরতি তুমুলোপি ন পাণ্ডবানাং ক্ষোভকোভূৎ। পাণ্ডবানাং সৈন্যেজাতস্তু স শংখঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং ধৃতরাষ্ট্রস্য তব সম্বন্ধিনাং সর্ব্বেষাং ভীষ্মদ্রোণাদীনামপি হৃদয়ানি ব্যদারয়ৎ হৃদয় বিদারণ তুল্যাং ব্যথাং জনিতবানিত্যর্থঃ যতস্তুমুলোঽতি তীব্রঃ অতো নভশ্চ পৃথিবীঞ্চ প্রতিধ্বনিভিরাপূরয়ন্। ধার্ত্তরাষ্ট্রাণাং ভয় প্রাপ্তিং প্রদর্শ্য পাণ্ডবানাং তদ্বৈপরীত্যমুদাহরন্তি অথেত্যাদিনা ॥ ১৯ ॥

এই শঙ্খ সমূহের প্রলয় শব্দ ভূমণ্ডল ও নভোমণ্ডল প্রতিধ্বনিত করিয়া ধৃতরাষ্ট্র পুত্র ও তৎপক্ষীয় সেনা গণের হৃদয় বিদীর্ণ করিতে লাগিল ॥ ১৯ ॥

গীঃ সঃ। কুরুদলের শংখ নাদে পাণ্ডব সেনা কিছুমাত্রও বিক্ষুব্ধ হয় নাই, কিন্তু পাণ্ডব সেনার শংখ ধ্বনিতে কুরুসৈন্য ভীত, চকিত ও কম্পিত হইল। ইহার দ্বারা কুরু-দলের দুর্ব্বলতা ও পাণ্ডবের হৃদয়ের তেজস্বিতা সূচিত হইতেছে। যাহারা ধর্ম্ম পক্ষ অবলম্বন করে, তাহাদের যাদৃশ উৎসাহ, যাদৃশ সাহস ও নির্ভীকতা থাকে, ধর্ম্মবিরোধী বর্গের হৃদয়ে তাদৃশ ভাব কিছুতেই থাকিতে পারেনা ॥ ১৯ ॥

আনন্দগিরি টীকা। দুর্য্যোধনাদীনাং ধার্ত্তরাষ্ট্রাণামেবং ভয়প্রাপ্তিং প্রদর্শ্য পার্থাদীনাং পাণ্ডবানাং তদ্বৈপরীত্যমিদানীমুদাহরতি অথেত্যাদিনা। ভীতিপ্রত্যুপস্থিতেরনন্তরং পলায়নে প্রাপ্তেপি ধৈর্য্যমুৎপাদ্য ব্যবস্থিতানপ্রচলিতানেব পরান প্রত্যক্ষেণোপলভ্য হনুমন্তং বানরবরং ধ্বজলক্ষণত্বেনাদায়াবস্থিতোঽর্জ্জুনোভগবন্তমাহ ইতি সম্বন্ধঃ। কিমাহেত্যপেক্ষায়া-মিদং বক্ষ্যমাণং হেতুমদ্বচনমিত্যাহ বাক্যমিতি। কস্যামবস্থায়ামিদমুক্তবানিতি তত্রাহ প্র-বৃত্তইতি। শস্ত্রাণামিষুপ্রাসপ্রভৃতীনাং সম্পাতঃ সমুদায়স্তস্মিন্ প্রবৃত্তে প্রয়োগাভিমুখে সতীতি যাবৎ। কিং কৃত্বা ভগবন্তং প্রত্যুক্তবানিতি তদাহ ধনুরিতি। মহীপতিশব্দেন রাজা প্রজ্ঞাচক্ষুঃ সঞ্জয়েন সংবোধ্যতে ॥ ২০ ॥

অথ ব্যবস্থিতান্ দৃষ্টা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।
প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ।
হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে। ২০।

স্বামিকৃত টীকা। এতস্মিন্ সময়ে শ্রীকৃষ্ণমর্জ্জুনোবিজ্ঞাপয়ামাসেত্যাহ অথেত্যাদি চতুর্ভিঃ শ্লোকৈঃ, অথেতি। অথানন্তরং মহাশব্দানন্তরং ব্যবস্থিতান্ যুদ্ধোদে্যাগেঽবস্থিতান্ কপিধ্বজোঽর্জ্জুনঃ॥ ২০॥

মধুসূদন সরস্বতি কৃতটীকা। ভীতি প্রত্যুপস্থিতেরনন্তরং পলায়নেপ্রাপি তদ্বিরুদ্ধতয়া যুদ্ধোদ্যোগেনাবস্থিতানেবপরান্ প্রত্যক্ষেণোপলভ্য তদা শস্ত্রসম্পাতে প্রবর্ত্তমানেসতি বর্ত্তমানোক্তঃকপিধ্বজঃপাণ্ডবঃ হনুমতা মহাবীরেণ ধ্বজরূপতয়ানুগৃহীতোর্জ্জুনঃ সর্ব্বথা ভয়শূন্যত্বেন যুদ্ধায়গাণ্ডীবং ধনুরুদ্যম্য হৃষীকেশমিন্দ্রিয় প্রবর্ত্তকত্বেন সর্ব্বান্তঃকরণ বৃত্তিজ্ঞং শ্রীকৃষ্ণমিদং বক্ষ্যমাণং বাক্যমাহোক্তবান্ মুক্তবিমৃষ্যকারিতয়া স্বয়মেব যৎ কিঞ্চিৎ কৃতবানিতি পরেষাং বিমৃশ্যকারিত্বেন নীতিধর্ম্ময়োঃ কৌশলং যদনুবিমৃশ্যকারিতয়া পরেষাং রাজ্যং গৃহীতবানসীতি নীতিধর্ম্ময়োরভাবাৎ বিজয়োনাস্তীতি মহীপতে ইতি সম্বোধনেন সূচয়তি তদেবার্জ্জন বাক্যমবতারয়তি॥ ২০॥

এই সময়ে অর্জ্জুন শ্রীকৃষ্ণকে যাহা জানাইলেন, তহা চারি শ্লোকে ব্যক্ত করিতেছেন। হে মহারাজ ধৃতরাষ্ট্র! অতঃপর তোমার পুত্র ও তৎপক্ষীয় গণকে যুদ্ধোদ্যম সহ অবস্থিত দেখিয়া শস্ত্র নিক্ষেপে প্রবৃত্ত কপিধ্বজ রথারূঢ় অর্জ্জুন নিজ শরাসন উত্তোলন পূর্ব্বক তৎকালে ভগবান্‌কে কহিলেন॥ ২০॥

গীঃ সঃ। উৎকট শংখ নিনাদ শ্রবণে ভীতান্তঃকরণ কৌরব গণ যখন রণে ভঙ্গ দিয়া পলায়ন করিল না, বরং দুর্ব্বুদ্ধি বশতঃ স্পর্দ্ধা সহ যুদ্ধার্থ দণ্ডায়মান রহিল, তখন অগত্যাই অর্জ্জুনকে জ্যারোপণ পূর্ব্বক গাণ্ডীব মহাশরাসন উত্তোলন করিতে হইল। যাঁহার সহায়তায় রামচন্দ্র রাবণ বংশ সংহার করিয়াছিলেন, সেই সাক্ষাৎ রুদ্রাবতার হনুমান অর্জ্জুনের রথধ্বজে উপবিষ্ট, চক্ষু কর্ণাদি ইন্দ্রিয়ের কার্য্য প্রবর্ত্তক হৃষীকেশ সারথি ও মন্ত্রণাদাতা। সুহৃদ কৃষ্ণের আজ্ঞা ভিন্ন অর্জ্জুন কোন কার্য্যেই প্রবৃত্ত হয়েন না। অর্জ্জুনের সমর সহায়ের সঙ্কেত করিয়াই "হে মহীপতে" পদ দ্বারা সঞ্জয় ব্যক্ত করিতেছেন, যে কৌরব গণ অতি অবিচার পূর্ব্বক পাণ্ডব গণের রাজ্যাপহরণ করায় নিতান্ত রাজনীতি বিরুদ্ধ কার্য্য করিয়াছে, কিন্তু পাণ্ডুপুত্র গণ রাজনীতি পরায়ণ ও ধর্ম্ম কুশল। জয় পাণ্ডবদিগেরই অবশ্যম্ভাবী॥ ২০॥

আনন্দগিরিটীকা। তদেব গাণ্ডীবধন্বিনোবাক্যমনুক্রমতি সেনয়োরিতি। উভয়োরপি সেনয়োঃ সন্নিহিতয়োর্মধ্যে মদীয়ং রথং স্থাপয়েত্যর্জ্জুনেন সারথ্যে সর্ব্বেশ্বরোনিযুজ্যতে, কিং হি ভক্তানামশক্যং তদ্ভগবানপি তন্নিয়োগং অনুতিষ্ঠতি, যুক্তং হি ভগবতোভক্তপারবশ্যং, অচ্যুতেতি সম্বোধনতয়া ভগবতঃ স্বরূপং ন কদাচিদপি প্রচ্যুতিং প্রাপ্নোতীত্যুচ্যতে॥ ২১॥

স্বামিকৃতটীকা। তদেব বাক্যমাহ সেনয়োরিত্যাদি॥ ২১॥

অর্জ্জুন উবাচ। সেনয়োরুভয়োর্ম্মধ্যে রথং স্থাপয়মেঽচ্যুত। ২১।
যাবদেতান্নিরীক্ষেঽহং যোদ্ধুকামানবস্থিতান্।
কৈর্ম্ময়া সহ যোদ্ধব্যমস্মিন্রণসমুদ্যমে। ২২।

মধুসূদন সরস্বতি কৃত টীকা। অর্জ্জুন উবাচ। সেনয়োরুভয়োঃ স্বপক্ষ প্রতিপক্ষভূতয়োঃ সন্নিহিতয়োর্ম্মধ্যে মম রথং স্থাপয় স্থিরী কুর্ব্বিতি সর্ব্বেশ্বরো নিযুজ্যতেঽর্জ্জুনেন কিং হিভক্তানামশক্যং যদ্ভগবানপি তন্নিয়োগ সম্প্রতিষ্ঠতীতি ধ্রুবোজয়ঃ পাণ্ডবানামিতি সূচয়তি নম্বেবং রথং স্থাপয়ন্তং মামেতেশত্রবো রথাৎ চ্যাবয়িষ্যন্তীতি ভগবদাশঙ্কামাশঙ্ক্যাহ অচ্যুতেতি. দেশ কালবস্তুভিবচ্যুতং ত্বাং কোবাচ্যাবয়িতু মর্হতীতিভাবঃ এতেন সর্ব্বদা নির্ব্বিকারত্বেন নিয়োগ নিমিত্তঃ রোষোপি পরিহৃতঃ মধ্যে রথ স্থাপন প্রয়োজনমাহ ॥ ২১ ॥

হে অচ্যুত! উভয় পক্ষীয় সেনার মধ্যস্থানে আমার রথ স্থাপন কর ॥ ২১ ॥

গীঃ সঃ। ভগবান্ শ্রীকৃষ্ণের প্রতি অর্জ্জুনের ঈদৃশ আজ্ঞা প্রথমতঃ অসঙ্গত বলিয়া বোধ হয় বটে, কিন্তু এখানে ভক্তবৎসলতা জন্য ভক্তের দাসত্ব প্রদর্শনই উদ্দেশ্য। অর্জ্জুনের আজ্ঞা জন্য যে শ্রীকৃষ্ণ তৎপ্রতি অসন্তুষ্ট হইবেন না, ইহাই জগতে সূচিত করিবার জন্য "অচ্যুত" শব্দের প্রয়োগ হইয়াছে। কেননা, ভগবান্ সরূপ বা অরূপ যে অবস্থাতেই যখন কেন থাকুন না, তিনি সদাই নির্ব্বিকার অর্থাৎ কোন কারণই তাঁহাকে সেই ভাব হইতে চ্যুত বা ক্রোধাদি বিকারযুক্ত করিতে পারে না। পাছে কেহ মনে করে, যে অর্জ্জুন স্বয়ং যোদ্ধা, তবে দর্শকের ন্যায় মধ্য স্থলে রথ রাখিয়া কি দেখিবেন? সেই জন্য বলিতেছেন ॥ ২১ ॥

আনন্দগিরিটীকা। মধ্যে রথং স্থাপয়েত্যুক্তং তদেব রথস্থাপনস্থানং নির্দ্ধারয়তি যাবদিতি। এতান্ প্রতিপক্ষত্বেন প্রতিষ্ঠিতান্ ভীষ্মদ্রোণাদীনস্মাভিঃ সার্দ্ধং যোদ্ধু মপেক্ষাবতো যাবদহমত্র নিরক্ষিতুমহংক্ষমঃ স্যাং তাবতি প্রদেশে রথস্য স্থাপনং কর্ত্তব্যমিত্যর্থঃ। কিঞ্চ প্রবৃত্তে যুদ্ধপ্রারম্ভে বহবোরাজানোঽমুষ্যাং যুদ্ধভূমাবুপলভ্যন্তে তেষাং মধ্যে কৈঃ সহময়া যোদ্ধব্যং ন হি কিঞ্চিদপি মম গতিপ্রতিহতিরস্তীত্যাহ কৈর্ম্ময়েতি ॥ ২২ ॥

স্বামিকৃতটীকা। ননু ত্বং যোদ্ধা ন তু যুদ্ধপ্রেক্ষকস্তত্রাহ কৈর্ম্ময়েত্যাদি। কৈঃ সহ ময়া যোদ্ধব্যং ॥ ২২ ॥

মধুসূদন সরস্বতি কৃত টীকা। যোদ্ধুকামান্ নত্বস্মাভিঃ সহ সন্ধিকামান্ অবস্থিতান্ ন তু ভয়াৎ প্রচলিতান্ এতান্ ভীষ্মদ্রোণাদীন্ যাবদহং নিরীক্ষিতুং ক্ষমঃ স্যাত্তাবৎ প্রদেশে রথং স্থাপয়েত্যর্থঃ যাবদিতি কালপরং ত্বমেব যোদ্ধানতু যুদ্ধপ্রেক্ষকঃ অত স্তবকিমেষাং দর্শনেনেত্যত আহ কৈরিতি অস্মিন্ রণ সমুদ্যমে বন্ধুনামেব পরস্পরং যুদ্ধোদ্যোগে ময়া কৈঃ সহ যোদ্ধব্যং মৎকর্ত্তৃক যুদ্ধ প্রতিযোগিনঃ কে কৈর্ম্ময়া সহ যোদ্ধব্যং কিং কর্ত্তৃক যুদ্ধ প্রতিযোগ্যহমিতি চ মহদিদং কৌতুকমেতৎ জ্ঞানমেব মধ্যে রথ স্থাপন প্রয়োজনমিত্যর্থঃ। ননু বান্ধবাএব তে পরস্পরং সন্ধিং কারয়িষ্যন্তীতি কুতো যুদ্ধমিত্যাশঙ্ক্যাহ ॥ ২২ ॥

হে ভগবন্! যুদ্ধ কামনায় রঙ্গ ভূমিতে অবস্থিত বীরগণের মধ্যে কাহার সহিত আমি যুদ্ধ করিব, ইহা যতক্ষণ ভাল করিয়া না দেখিয়া লই, ততক্ষণ তুমি মধ্য স্থলে রথ রক্ষা কর ॥ ২২ ॥

যোৎস্যমানানবেক্ষেঽহং য এতেঽত্র সমাগতাঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ব্বুদ্ধের্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ। ২৩।

গীঃ সঃ। ভীষ্ম, দ্রোণাদি ভিন্ন আমার সমকক্ষ যোদ্ধা আর কেহ নাই, অতএব যেখান হইতে তাঁহাদিগকে ভাল রূপ দেখা যায়, রথ সেই স্থানে স্থাপন কর। উহাঁরা যুযুৎসু এবং আমার ভয়ে রণে ভঙ্গ দিয়া পলায়নের পাত্র নহেন। যদি বল তাঁহাদিগকে দেখিয়া অর্জ্জুনের কি লাভ হইবে? অর্জুন মনে ২ ভাবিতে লাগিলেন, "বিপক্ষ গণ সকলেই আমার আত্মীয়, অথচ আমরা উভয়েই যুদ্ধার্থ এখানে একত্রিত," কাহার সহিত যুদ্ধারম্ভ করা উচিত, এক্ষণে তাহাই স্থির করিতে হইবে॥ ২২॥

আনন্দগিরিটীকা। প্রতিযোগিনামভাবে কথং তব যুদ্ধৌৎসুক্যং ফলবত্তবেদিতি তত্রাহ যোৎস্যমানানিতি। যে কেচিদেতে রাজানো নানাদেশেভ্যোঽত্র কুরুক্ষেত্রে সমবেতাস্তানহং যোৎস্যমানান্ পরিগৃহীতপ্রহরণোপায়ানতিতরাং সংগ্রামসমুৎসুকানুপলভে, তেন প্রতিযোগিনাং বাহুল্যমিত্যর্থঃ। তেষামস্মাভিঃ সহ পূর্ব্ববৈরাভাবে কথং প্রতিযোগিত্বং প্রকল্প্যতে তত্রাহ ধার্ত্তরাষ্ট্রস্যেতি। ধৃতরাষ্ট্রপুত্রস্য দুর্য্যোধনস্য দুর্ব্বুদ্ধেঃ স্বরক্ষণোপায়মপ্রতিপদ্যমানস্য যুদ্ধায় সংরম্ভং কুর্ব্বতো যুদ্ধে যুদ্ধভূমৌ স্থিত্বা প্রিয়ং কর্ত্তুমিচ্ছবো রাজানঃ সমাগতাঃ দৃশ্যন্তে তেন তেষামৌপাধিকমস্মৎপ্রতিযোগিত্বমুপপন্নমিত্যর্থঃ॥ ২৩॥

স্বামিকৃত টীকা। যোৎস্যমানানিতি। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য প্রিয়ং কর্ত্তুমিচ্ছন্তো যইহ সমাগতাস্তানহং দ্রক্ষ্যামি যাবৎ তাবদুভয়োঃ সেনয়োর্ম্মধ্যে মে রথং স্থাপয়েত্যন্বয়ঃ॥ ২৩॥

মধুসূদন সরস্বতি কৃত টীকা। য এতে ভীষ্মদ্রোণাদয়ঃ ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য দুর্ব্বুদ্ধেঃ স্বরক্ষণোপায়মজানতঃ প্রিয়চিকীর্ষবো যুদ্ধেন তু দুর্বুদ্ধ্যা পলায়নাদৌ তান্ যোৎস্যমানান্ অহমবেক্ষে উপলভে নতু সন্ধিকামান্ অতো যুদ্ধায় তৎ প্রতিযোগ্যবলোকনমুচিতমেবেতিভাবঃ। এবমর্জ্জুনেন প্রেরিতো ভগবানহিংসারূপং ধর্ম্মমাশ্রিত্য প্রায়শো যুদ্ধাৎ ব্যাবর্ত্তয়িষ্যতীতি ধৃতরাষ্ট্রাভিপ্রায়মাশঙ্ক্য তন্নিরাচিকীর্ষুঃ সঞ্জয়ো ধৃতরাষ্ট্রং প্রত্যুক্তবানিত্যাহ বৈশম্পায়নঃ॥ ২৩॥

দুর্ব্বুদ্ধি দুর্যোধনের যুদ্ধ হিত কামনায় যে যোদ্ধৃবর্গ সমাগত হইয়াছেন, আমি তাঁহাদিগকে একবার ভাল করিয়া দেখিয়া লই। ২৩॥

গীঃ সঃ। ভীষ্ম, দ্রোণাদি আত্মীয় বীরবর্গ যুদ্ধ দ্বারাই দুর্যোধনের হিত কামনা করিতেছেন, কিন্তু তাঁহারা দুর্যোধনের দুর্ব্বুদ্ধি নষ্ট করিয়া অথবা তাহাকে আমাদের মিত্র ভাবাপন্ন করাইয়া তাহার হিতচেষ্টা করিতেছেন না, ইহাই ভাবিয়া উক্ত আচার্য্য দ্বয়ের প্রতি আক্ষেপ পূর্ব্বক অর্জ্জুন তাঁহাদিগকে দেখিতে ইচ্ছা করিলেন। যুদ্ধ করিবেন, জানিয়াও তাঁহাদিগকে আত্মীয় ভিন্ন শত্রু বলিয়া মনে করিতে পারিলেন না॥ ২৩॥

আনন্দগিরি টীকা। এবমর্জ্জুনেন প্রেরিতোভগবানহিংসারূপং ধর্ম্মমাশ্রিত্য প্রায়শোযুদ্ধাৎ তং নিবর্ত্তয়িষ্যতীতি ধৃতরাষ্ট্রস্য মনীষাং তুদবয়িষুঃ সঞ্জয়োরাজানং প্রত্যুক্তবানিত্যাহ সঞ্জয়ইতি। ভগবতোহি ভূভারাপহারার্থং প্রবৃত্তস্যার্জ্জুনাভিপ্রায়প্রতিপত্তিদ্বারেণ স্বাভিসন্ধিং প্রতিলম্ভমানস্য পরোক্তিমনুসৃত্য স্বাভিপ্রায়ানুকূলমনুষ্ঠানমাদর্শয়তি এবমিতি॥ ২৪॥

ভীষ্মদ্রোণাদীনামন্যেষাঞ্চ রাজ্ঞামন্তিকে রথং স্থাপয়িত্বা ভগবান্ কিং কৃতবানিতি তদাহ উবাচেতি। এতানভ্যাসে বর্ত্তমানান্ কুরূন্ কুরুবংশপ্রসূতান্ ভবদ্ভিঃ সার্দ্ধং যুদ্ধার্থং

সঞ্জয় উবাচ। এবমুক্তো হৃষীকেশো গুড়াকেশেন ভারত।
সেনয়োরুভয়োর্ম্মধ্যে স্থাপয়িত্বা রথোত্তমং। ২৪॥

সংগতান্ পশ্য, দৃষ্ট্বা চ তৈঃ সহাত্র যুযুৎসা তবোপাবর্ত্তন্তে তৈঃ সাকং যুদ্ধং কুরু নো-ত্বেতেষাং শস্ত্রাস্ত্রশিক্ষাবতাং মহীক্ষিতামুপেক্ষোপপদ্যতে, সারথ্যে তু ন মনঃ খেদনী-য়মিত্যর্থঃ॥ ২৫॥

রামানুজ ভাষ্য। অথ ব্যবস্থিতা নিত্যারভ্য ভীষ্ম দ্রোণ প্রমুখত ইত্যন্তং। অথ যুযুৎসূ-নবস্থিতান্ ধার্ত্তরাষ্ট্রান্ ভীষ্ম দ্রোণ প্রমুখান্বীক্ষ্য পাণ্ডুতনয়ো জ্ঞান শক্তি বলৈশ্বর্য্য বীর্য্য তেজসান্নিধিংস্বসঙ্কল্পকৃত জগদুদয় বিভব লয়লীলং হৃষীকেশং পরাপর নিখিল লোকোত্তর বাহ্য সর্ব্বকারণানাং সর্ব্বপ্রকার নিয়মেনাবস্থিতং সমাশ্রিত বাৎসল্য বিবশতয়া স্ব সারথ্যে-বাস্থিতং যুযুৎসূনেতান্ সমেতান্ যাবদহং নিরীক্ষে তাবদুভয়োঃ সেনয়োর্ম্মধ্যে রথং স্থাপ-য়েতি তং জগাদ। তথাচোদিতস্তৎক্ষণাদেব ভীষ্ম দ্রোণাদীনাং সর্ব্বেষামেব মহীক্ষিতাং প্রমুখে হৃষীকেশো যথোক্তমকরোৎ। ঈদৃগ্ ভবদীয়ানাং জয়স্থিতিরিতি চাবোচৎ॥ ২০। ২১। ২২। ২৩। ২৪। ২৫॥

স্বামিকৃত টীকা। ততঃ কিং বৃত্তং ইত্যপেক্ষায়াং সঞ্জয় উবাচ এবমুক্ত ইত্যাদি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশেন জিতনিদ্রেণার্জ্জুনেন এবমুক্তঃ সন্ হে ভারত হে ধৃতরাষ্ট্র॥ ২৪॥

ভীষ্মেতি। মহীক্ষিতাং রাজ্ঞাং চ প্রমুখতঃ সম্মুখে রথং স্থাপয়িত্বা হে পার্থ এতান্ কুরূন্ পশ্যেতি শ্রীভগবানুবাচ॥ ২৫॥

মধুসূদন সরস্বতি কৃত টীকা। সঞ্জয় উবাচ। হে ভারত ধৃতরাষ্ট্র ভরতবংশমর্য্যাদামনু-সন্ধায়াপি দ্রোহং পরিত্যজ জ্ঞাতীনামিতি সম্বোধনাভিপ্রায়ঃ। গুড়াকায়া নিদ্রায়া ঈশেন জিতনিদ্রতয়া সর্ব্বত্র সাবধানেনার্জ্জুনেনৈব মুক্তো ভগবানয়ং মদ্ভৃত্যোপি সারথ্যে মাং নিযোজয়তীতি দোষমাসাদ্যনাকুপ্যৎ নবাতং যুদ্ধান্নিবর্ত্তয়ৎ। কিন্তু সেনয়োরুভয়োর্ম্মধ্যে ভীষ্ম দ্রোণ প্রমুখতঃ তয়োঃ প্রমুখে সম্মুখে সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাং সংমুখে আদ্যাদিত্বাৎ সার্ব্ব বিভক্তিকস্তসিঃ। চকারেণ সমাস নিবিষ্টোপি প্রমুখতঃ শব্দ আকৃষ্যতে ভীষ্মদ্রোণয়োঃ পৃথক্ কীর্ত্তনমতি প্রাধান্য সূচনায় রথোত্তমমগ্নিনাদত্তং দিব্যং রথং ভগবতা স্বয়মেব সারথ্যে-নাধিষ্ঠিত তয়া চ সর্ব্বোত্তমং স্থাপয়িত্বা হৃষীকেশঃ সর্ব্বেষাং নিগূঢ়াভিপ্রায়জ্ঞো ভগবানর্জ্জুনস্য শোকমোহাবুপস্থিতাবিতি বিজ্ঞায়সোপহাসমর্জ্জুনমুবাচ হে পার্থ পৃথায়াঃ স্ত্রীস্বভাবেন শোক-মোহগ্রস্ততয়া তৎ সম্বন্ধিনস্তবাপি তদ্বত্তা সমুপস্থিতেতি সূচয়ন্ হৃষীকেশত্বমাত্মনো দর্শয়তি পৃথা মম পিতুঃ স্বসা তস্যাঃ পুত্রোসীতি সম্বন্ধোল্লেখেনচাশ্বাসয়তি মমসারথ্যেনিশ্চিন্তোভূত্বা সর্ব্বানপি সমবেতান্ কুরূন্ যুযুৎসূন্ পশ্য নিঃশঙ্কতয়েতি দর্শনবিধ্যভিপ্রায়ঃ। অহং সা-রথ্যেঽতি সাবধানঃ ত্বং তু সাম্প্রত মেব পার্থত্বং ত্যক্ষ্যসীতি কিন্তব পরসেনাদর্শনেনেত্য-র্জ্জুনস্য ধৈর্য্যমাপাদয়িতুং তাবন্মাত্রং তাবৎ পর্য্যন্তং ভগবতোবাক্যং অন্যথা রথং সেনয়ো-র্ম্মধ্যে স্থাপয়ামাসেত্যেপশ্যেত্যুক্তো ব্রুয়াৎ॥ ২৪। ২৫॥

সঞ্জয় বলিলেন, হে ভারত! গুড়াকেশ অর্জ্জুন এইরূপ বলিলে ভগবান্ হৃষীকেশ উভয় সেনাদলের মধ্যস্থলে অর্থাৎ ভীষ্ম, দ্রোণ ও অন্যান্য রাজা গণের সম্মুখে উত্তম রথ স্থাপন করিয়া বলিলেন, হে পার্থ! এই একত্রিত কৌরব দল নিরীক্ষণ কর॥ ২৪। ২৫॥

ভীষ্মদ্রোণ প্রমুখতঃ সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাং।
উবাচ পার্থ। পশ্যৈতান্ সমবেতান্ কুরূনিতি। ২৫ ॥

গীঃ সঃ। এখানে ধৃতরাষ্ট্রকে "ভারত" পদ দ্বারা সম্বোধন করিয়া সঞ্জয় তাঁহার পূর্ব্ব পুরুষ মহাত্মা ভরত রাজার স্মরণ করাইয়া দিলেন এবং এই সংকেত করিলেন, যে এক কুলের মধ্যে পরস্পরে দ্বন্দ্ব হইতেছে. ইহা নিবৃত্ত করাই তোমার কর্ত্তব্য। অর্জ্জুনের 'গুড়াকেশ" বিশেষণটী বহ্বর্থ ব্যঞ্জক। গূড়াকা=নিদ্রা, ঈশ=কর্ত্তা অর্থাৎ যিনি নিদ্রাকে বশীভূত করিয়াছেন, অর্থাৎ অর্জুন কার্য্য কালে নিদ্রিত, বিহ্বল, মোহিত বা হত—চেতন হইবার পাত্র নহেন। কেহ বা অর্থ করেন, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর সঙ্গম স্থানের নাম গুড়া মুদ্রিকা, তদাকারাকারিত কেশ বিশিষ্ট অর্থাৎ তরঙ্গায়িত কেশ যুক্ত। কেহ বলেন "গুড়ং-আকৃতিং ব্যাপ্নোতীতি গুড়াকঃ"=শিবঃ অর্থাৎ সাক্ষাৎ মহাদেব যাঁহার ঈশ্বর বা রক্ষক, তিনিই গুড়াকেশ। অথবা গুড় অর্থে গোলক, এই ব্রহ্মাণ্ড রূপ গোলকের অন্তরে বাহিরে ব্যাপ্ত ভগবান্ যাঁহার রক্ষক তিনিই গুড়াকেশ। কিম্বা ভগবান্কে যিনি আপনার ঈশ্বর বা আত্মা বলিয়া বিদিত আছেন—সেই মুক্তি ভাগী রিপুবিজয়ীই "গুড়াকেশ"। অথবা গুড়ের ন্যায় অত্যন্ত মধুর বোধে ভক্তগণে যিনি উপগত হয়েন, তিনিই গুড়াক ভগবান; সেই ভগবান্ যাঁহার রক্ষক, তিনিই গুড়াকেশ। অর্জ্জুন সদা সচেতন কার্য্যকুশল ও ভগবদনুগত সুতরাং যুদ্ধে অজেয়। "গুড়াকেশ" বিশেষণ দ্বারা সঞ্জয় অর্জুনের জয় চিহ্ন ব্যক্ত করিলেন। "হৃষীকেশ" শব্দ দ্বারা ভগবানের নির্ব্বিকারতা ও ভক্তাধীনতা দেখাইলেন, অর্থাৎ ভগবান্ ভক্তের আজ্ঞা পালন করিলেন। ভীষ্ম, দ্রোণাদির প্রধানত্ব দেখাইবার জন্যই সকল রাজ সম্মুখে রথ রাখিলেন বলিয়াও তাঁহাদের নাম পৃথক্ ২ উল্লেখ করিলেন। আত্মীয় গণকে দেখিয়া অর্জ্জুন কিঞ্চিৎ মমতা যুক্ত হইয়াছেন ইহা সর্ব্বজ্ঞ ভগবান্ জানিতে পারিয়াই রহস্য পূর্ব্বক কহিলেন, হে পার্থ। আত্মীয় গণকে জন্মের মত দেখিয়া লও। কেননা এ যুদ্ধের পর, ইহাদের একটীকেও আর এ অবস্থায় দেখিতে পাইবে না। অর্জ্জুন বিহ্বলচিত্ত হইয়াছেন বোধ করিয়া শ্রীকৃষ্ণ "পার্থ!" পৃথার পুত্র! এই সম্বোধন করিলেন, অর্থাৎ তোমাতে মাতৃগুণ—স্ত্রীস্বভাব সুলভ গুণ দেখিতেছি, পিতৃগুণ বা বীর্য্য প্রতাপাদি দৃষ্ট হইতেছেনা। অথবা আমার পিতৃস্বসা পৃথার পুত্র তুমি, সুতরাং আমার আত্মীয়, আমি তোমার সহায়তা করিব; তুমি ভীত হইওনা। আমি সাবধানে সারথির কার্য্য করিব, তুমি রথীর আসন পরিত্যাগ করিওনা ॥ ২৪। ২৫ ॥

আনন্দগিরি টীকা। এবং স্থিতে মহানধর্ম্মো হিংসেতি বিপরীতবুদ্ধ্যা যুদ্ধাদুপরিরংসা পার্থস্য সংপ্রবৃত্তেতি কথয়তি অত্রেত্যাদিনা। সপ্তম্যা ভগবদভ্যনুজ্ঞানে সমরসমারম্ভায় সংপ্রবৃত্তে সতীত্যেতদুচ্যতে সেনয়োরুভয়োরপি স্থিতান্ পার্থোঽপশ্যদিতি সম্বন্ধঃ। অথশব্দস্তথাশব্দপর্য্যায়ঃ শ্বশুরাঃ ভার্য্যাণাং জনয়িতারঃ সুহৃদো মিত্রাণি কৃতবর্ম্মপ্রভৃতয়ঃ ॥ ২৬ ॥

স্বামিকৃত টীকা। ততঃ কিং বৃত্তমিত্যাহ তত্রেত্যাদি পিতৄন্ পিতৃব্যানিত্যর্থঃ। পুত্রান্ পৌত্রানিতি দুর্য্যোধনাদীনাং যে পুত্রাঃ পৌত্রাশ্চ তানিত্যর্থঃ। সখীন্ মিত্রাণি সুহৃদঃ কৃতোপকারাংশ্চ অপশ্যৎ ॥ ২৬ ॥

মধুসূদন সরস্বতি কৃত টীকা। তত্র সমর সমারম্ভার্থং সৈন্যদর্শনে ভগবতাঽভ্যনুজ্ঞাতে সতি সেনয়োরুভয়োরপি স্থিতান্ পার্থোঽপশ্যদিত্যন্বয়ঃ। অথ শব্দস্তথা শব্দপর্য্যায়ঃ পরসেনায়াং পিতৄন্ পিতৃব্যান্ ভূরিশ্রবঃ প্রভৃতীন্। পিতামহান্ ভীষ্ম সোমদত্ত প্রভৃতীন্ আচার্য্যান্ দ্রোণ কৃপ প্রভৃতীন্ মাতুলান্ শল্য শকুনি প্রভৃতীন্ ভ্রাতৄন্ দুর্য্যোধন প্রভৃতীন্।

তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৄনথ পিতামহান্।
আচার্য্যান্ মাতুলান্ ভ্রাতৄন্ পুত্রান্ পৌত্রান্ সখীং স্তথা।
শ্বশুরান্ সুহৃদশ্চৈব সেনয়োরুভয়োরপি॥ ২৬॥
তান্ সমীক্ষ্য স কৌন্তেয়ঃ সর্ব্বান্ বন্ধূনবস্থিতান্।
কৃপয়া পরয়াবিষ্টো বিষীদন্নিদমব্রবীৎ ॥২৭॥

পুত্রান্ লক্ষ্মণপ্রভৃতীন্ পৌত্রান্ লক্ষ্মণাদি পুত্রান্ সখীন্ অশ্বত্থাম জয়দ্রথ প্রভৃতীন্ বয়স্যান্ সুহৃদোমিত্রাণি কৃতবর্ম্মা ভগদত্ত প্রভৃতীন্। সুহৃদ ইত্যনেন যাবন্তঃ কৃতোপকারা মাতামহাদয়শ্চতে দ্রষ্টব্যাঃ। এবং স্বসেনায়ামপ্যুপলক্ষণীয়ং। এবং স্থিতে মহানধর্ম্মোহিংসেতি বিপরীত বুদ্ধ্যামোহাখ্যয়া শাস্ত্রবিহিতত্বেন ধর্ম্মত্বমিতি জ্ঞান প্রতিবন্ধকেন চ মমতানিবন্ধনেন চিত্তবৈক্লব্যেন শোকাখ্যেনাভিভূত বিবেকস্যার্জ্জুনস্য পূর্ব্বোপাৎক্রাদ্ যুদ্ধাখ্যাৎ স্বধর্ম্মাদুপরিরংসামহানর্থ পর্য্যবসায়িনী বৃত্তেতি দর্শয়তি॥ ২৬॥

অর্জ্জুন পাণ্ডব ও কৌরব উভয় পক্ষীয় সেনা মধ্যে পিতৃব্য, পিতামহ, আচার্য্য, মাতুল, পুত্র, পৌত্র, শ্বশুর, মিত্র ও উপকারী বন্ধু ব্যক্তিকে উপস্থিত অবলোকন করিলেন॥ ২৬॥

গীঃ সঃ। অর্জ্জুন চারি দিকে তাকাইয়া দেখিলেন, রণ ভূমি আত্মীয় জনেই পরিপূর্ণ। সাত্ত্বিক দৃষ্টিতে অর্জ্জুন কাহাকেও আজ শত্রু বোধ করিতে পারিতেছেন না। দেখিলেন কৌরব পক্ষে ভূরিশ্রবাদি পিতৃব্য গণ, ভীষ্ম সোমদত্তাদি পিতামহ গণ, শল্য, শকুনিআদি মাতুল গণ, দ্রোণ, কৃপ আদি আচার্য্য গণ, লক্ষ্মণ আদি পুত্র ও তাহাদের আত্মজ গণ, অশ্বত্থামা, জয়দ্রথ আদি মিত্র গণ, কৃতবর্ম্মা, ভগদত্তাদি সুহৃদ্ গণ বিদ্যমান্ রহিয়াছেন। "সুহৃদ্" এতৎশব্দে তথায় মাতামহাদি অন্যান্য আত্মীয় গণও গৃহীত হইয়াছে। এইরূপ পাণ্ডব পক্ষেও কেবল আত্মীয় গণ দৃষ্ট হইল॥ ২৬॥

আনন্দগিরি কৃত টীকা। সেনাদ্বয়ে ব্যবস্থিতান্ যথোক্তান্ পিতৃপিতামহাদীনালোক্য পরমকৃপাপরবশঃ সন্নর্জ্জুনোভগবন্তমুক্তবানিত্যাহ তানিতি। বিষীদন্ যথোক্তানাং পিত্রাদীনাং হিংসাসংরম্ভনিবন্ধনং বিষাদমুপতাপং কুর্ব্বন্নিত্যর্থঃ॥ ২৭॥

স্বামিকৃত টীকা। ততঃ কিং কৃতবান্ ইত্যাহ তানিতি। সেনয়োরুভয়োরেবং সমীক্ষ্য কৃপয়া মহত্যা গৃহীতো বিষণ্ণঃ সন্ ইদমর্জ্জুনোঽব্রবীৎ ইত্যুত্তরসার্দ্ধশ্লোক বাক্যার্থঃ, আবিষ্টোব্যাপ্তঃ॥ ২৭॥

মধুসূদন সরস্বতি কৃত টীকা। কৌন্তেয় ইতি স্ত্রী প্রভবত্বকীর্ত্তনং পথিবন্তাদমাত্বিক মূঢ়তামপেক্ষ্য কৃপয়াকর্ত্র্যা স্ব ব্যাপারেণৈবাবিষ্টোব্যাপ্তো ন তু কৃপাং কেনচিদ্ব্যাপারেণাবিষ্ট ইতি স্বতঃ সিদ্ধৈবাস্য কৃপেতি সূচ্যতে এতৎ প্রকটীকরণায় পরয়েতিবিশেষণঃ স্বসৈন্যে পুরাপি কৃপাভূদ্দেব তস্মিন্ সময়ে তু কৌরবসৈন্যেপ্যপরা কৃপাভূদিত্যর্থঃ বিষীদন্ বিষাদমুপতাপং প্রাপ্নুবন্ অব্রবীদিত্যুক্তি বিষাদয়োঃ সমকালতাং বদন্ সগদ্গদ কণ্ঠতাশ্রুপাতাদি বিষাদ কার্য্য মুক্তিকালেদ্যোতয়তি। তদেব ভগবন্তং প্রত্যর্জ্জুনবাক্যমবতারয়তি সঞ্জয়ো অর্জ্জুন উবাচেত্যাদিনা। এবমুক্ত্বার্জ্জুনঃ সংখ্য ইত্যতঃ প্রাক্তনেন গ্রন্থেন তত্র স্বধর্ম্ম প্রবৃত্তিকারণীভূত তত্ত্বজ্ঞানং প্রতিবন্ধকঃ স্ব পরদেহ আত্মাত্মীয়াভিমানবতোঽনাদ্য-

অর্জ্জুন উবাচ। দৃষ্ট্বেমান্ স্বজনান্ কৃষ্ণ যুযুৎসূন্ সমবস্থিতান্।
সীদন্তি মম গাত্রাণি মুখঞ্চ পরিশুষ্যতি ॥ ২৮ ॥

বিদোহর্জ্জুনস্য যুদ্ধেন স্বপরদেহ বিনাশ প্রসঙ্গ দর্শিনঃ শোকোমহানাসীদিতি তল্লিঙ্গ কথনেন দর্শয়তি ত্রিভিঃ ॥ ২৭ ॥

তদনন্তর অর্জ্জুন সেনাদল মধ্যে বন্ধু বান্ধব বর্গকে অবলোকন পূর্ব্বক নিতান্ত করুণার্দ্র ও বিষণ্ণ হইয়া বলিতে লাগিলেন ॥ ২৭ ॥

শ্রীঃ সঃ। অর্জুন মাতৃ স্বভাব—স্ত্রীস্বভাব সুলভ মমতা রূপ উপতাপ সংযুক্ত হইয়াছেন বলিয়া এই শ্লোকে " কৌন্তেয়ঃ " পদ ব্যবহৃত হইয়াছে। মমতা হইতেই বিষাদের উৎপত্তি, সুতরাং কৃপার পরাকাষ্ঠা বশতঃ অর্জ্জুন ব্যথিতান্তঃকরণও হইলেন। এই অবস্থায় তিনি গলদশ্রুলোচন ও গদ্গদ কণ্ঠ হইয়া শ্রীকৃষ্ণকে সম্ভাষণ করিতে বাধ্য হইলেন। (কৃপয়াপরয়াবিষ্টঃ) " কৃপয়া অপরয়া আবিষ্টঃ " কেহ ২ এরূপ পদ ছেদও করেন। ইহাতে ইহাই সূচিত হয়, যে অর্জ্জুন নিজ পক্ষীয় গণের প্রতি তো প্রথম হইতেই কৃপাবান্ ছিলেন, কিন্তু এক্ষণে আবার কৌরব গণের প্রতিও অপরা বা দ্বিতীয়া কৃপার উদয় হইল ॥ ২৭ ॥

আনন্দগিরি টীকা। তদেবেদং শব্দবাচ্যং বচনমুদাহরতি দৃষ্ট্বেতি। আত্মীয়ং বন্ধুবর্গং যুদ্ধেচ্ছয়া যুদ্ধভূমাবুপস্থিতমুপলভ্য শোকপ্রবৃত্তিং দর্শয়তি সীদন্তীতি। দেবাংশস্যার্জুনস্যানাত্মবিদঃ স্বপরদেহেষ্বাত্মাত্মীয়াভিমানবতস্তৎপ্রিয়স্য যুদ্ধারম্ভে তন্মৃত্যুপ্রসঙ্গদর্শিনঃ শোকোমহানাসীদিত্যর্থঃ ॥ ২৮ ॥

অঙ্গেষু বাথা মুখে পরিশোষশ্চত্যুভয়ং শোকনিমিত্তকং সংপ্রতি বেপথুপ্রভৃতীনি ভীতিলিঙ্গান্যুপন্যস্যতি বেপথুশ্চেতি। রোমহর্ষোরোমাঞ্চং গাত্রেষু পুলকিতত্বং ॥ ২৯ ॥

স্বামিকৃত টীকা। কিমব্রবীদিত্যপেক্ষায়ামাহ দৃষ্ট্বেমানিত্যাদি যাবদধ্যায় সমাপ্তিঃ। হে কৃষ্ণ যোদ্ধুমিচ্ছতঃ পুরতঃ সম্যগবস্থিতান্ স্বজনান্ বন্ধুজনান্ দৃষ্ট্বা মদীয়ানি গাত্রাণি করচরণাদীনি সীদন্তি বিশীর্য্যন্তে ॥ ২৮ ॥

কিঞ্চ বেপথুশ্চেত্যাদি। বেপথুঃ কম্পঃ রোমহর্ষো রোমাঞ্চঃ স্রংসতে নিপততি। পরিদহ্যতে সর্ব্বতঃ সন্তপ্যতে ॥ ২৯ ॥

মধুসূদন সরস্বতি কৃত টীকা। অর্জ্জুন উবাচ। ইমান্ স্বজনান্ আত্মীয় বন্ধুবর্গং যুযুৎসূন্ যুদ্ধভূমৌচোপস্থিতান্ দৃষ্ট্বা স্থিতস্য মমপশ্যতোমমেত্যর্থঃ গাত্রানি অঙ্গানি মুখঞ্চ পরিশুষ্যতি পরিশ্রমাদি নিমিত্তশোষাপেক্ষয়াহতিশয় কথনায় সর্ব্বতোভাব বাচিপরি শব্দ প্রয়োগঃ ॥ ২৮ ॥

বেপথুঃ কম্পঃ রোমহর্ষঃ পুলকিতত্বং। গাণ্ডীব ভ্রংশেনাধৈর্য্যালক্ষণং দৌর্ব্বল্যং ত্বক্ পরিদাহেনচান্তঃ সন্তাপোদর্শিতঃ ২৯ ॥

অর্জ্জুন কহিলেন, হে কৃষ্ণ! আত্মীয় জন গণকে সমরাভিলাষে সমুপস্থিত দেখিয়া আমার অঙ্গ সকল অবসন্ন ও মুখ বিশুষ্ক হইয়া আসিতেছে, শরীর বিকম্পিত ও রোমাঞ্চিত হইতেছে, হস্ত হইতে গাণ্ডীব স্রস্ত হইয়া (খসিয়া) পড়িতেছে এবং সমুদয় ত্বক্ যেন বিদগ্ধ হইতেছে ॥ ২৮ । ২৯ ॥

বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে।
গাণ্ডীবং স্রংসতে হস্তাৎ ত্বক্ চৈব পরিদহ্যতে। ২৯॥

গীঃ সঃ। কৃষি র্ভূবাচকঃশব্দো ণশ্চ নিবৃত্তি বাচকঃ।
তয়োরৈক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়তে॥"

(কৃষ=উৎপত্তি বা সত্তা ও ণ= নিবৃত্তি বা আনন্দ) যিনি জন্ম জন্মান্তর নিবারণকর্ত্তা অথবা যিনি নিত্য সত্তায় চির বিদ্যমান্ সেই পরব্রহ্মই কৃষ্ণ নামে অভিহিত॥ "ভক্ত দুঃখ কর্ষিত্বং বা কৃষ্ণঃ"। ভক্ত দুঃখ বিনাশকারীই কৃষ্ণ। আমার সমস্ত অবসাদের বিনাশ কর, শরণাগত হইয়া ইহাই সংকেত করিবার জন্য অর্জ্জুন ২টী শ্লোকের প্রথমেই ভক্তি পূর্ণ হৃদয়ে "কৃষ্ণ" বলিয়া সম্বোধন করিয়াছেন।

সত্ব গুণ প্রভাবে বৈর বুদ্ধি বিদূরিত হইবামাত্র, অর্জ্জুনের 'স্বার্থ সাধনানুকুল' হিংসাপূর্ণ যুদ্ধ প্রবৃত্তির হ্রাস হইল। তাই বীর কেশরীর অন্তঃকরণ নিহিত চির সঞ্চিত রজঃ গুণ জনিত (ক্ষত্রিয়ত্ব নিবন্ধন) প্রবৃত্তি রাশির উপশম হইয়া আসিতেছে। সত্ব গুণ নিবৃত্তি মূলক, এজন্য উদ্যম, উৎসাহ, চেষ্টা ও কার্য্যতৎপরতা আদির অভাব জনিত চিহ্নরাশি অর্জ্জুনের শরীরে লক্ষিত হইতেছে। কোন২ শ্রদ্ধেয় টীকাকার এই সময়ে অর্জ্জুনকে "আত্মীয় জন দর্শনে শোক মোহাচ্ছন্ন ও কাতর" মনে করিয়াছেন। বোধ হয় অর্জ্জুনের প্রকৃতির প্রতি বিশেষ রূপ দৃষ্টি করিতে এই সময়ে তাঁহারা বিস্মৃত হইয়াছেন। অর্জ্জুন শোক মোহ বশতঃ কাতর হয়েন নাই (ইহা অর্জুন ২য় অধ্যায়ের ৪র্থ শ্লোকে প্রকাশ করিবেন) সত্ব গুণে শত্রুকে আত্মীয় বোধ হইলে শস্ত্র নিক্ষেপের ইচ্ছা স্বতঃই নিবৃত্ত হয়। শ্রীরাম রাবণের মহাসমরেও যখনই রাবণ ভগবান্ শ্রীরাম চন্দ্রের স্তব করিয়াছে, তখনই ভগবান্ রাবণ নিধনে নিবৃত্ত হইয়া বর দানে উদ্যত হইয়াছিলেন। এভাব কি শ্রীরাম চন্দ্রের মোহ বশতঃ? কখনই নহে; রাবণকে ভক্ত—অনুগত—স্বজন বোধে বৈর বুদ্ধির অভাব জন্যই এই ভাব হইয়াছিল। শোক মোহাচ্ছন্ন তমোগুণান্ধ হইলে অর্জুন ভগবান্ শ্রীকৃষ্ণের মুখারবিন্দ হইতে আত্ম জ্ঞানোপদেশ পাইবার উপযুক্ত হইতেন না। শোক মোহান্ধ অজিতেন্দ্রিয় পুরুষ কখন বীরমধ্যে গণনীয় হয় না॥ ২৮।২৯॥

আনন্দগিরি টীকা। কিঞ্চাধৈর্য্যমপি সংবৃত্তমিত্যাহ নচেতি। মোহোপি মহান্ ভবতীত্যাহ ভ্রমতীবেতি। বিপরীতনিমিত্তপ্রতীতেরপি মোহোভবতীত্যাহ নিমিত্তানীতি। তানি বিপরীতানি নিমিত্তানি যানি বামনেত্রস্ফুরণাদীনি॥ ৩০॥

স্বামিকৃত টীকা। অপি চ ন চ শক্নোমীত্যাদি। বিপরীতানি নিমিত্তানি অনিষ্টসূচকানি শকুনাদীনি পশ্যামি॥ ৩০॥

রামানুজ ভাষ্য। ময়ীতি। ময়ি সর্বেশ্বরে চ একান্তযোগেন স্থিরা ভক্তিঃ। জনবর্জিতদেশবাসিত্বং জনসংসদি চাপ্রীতিঃ ॥ ১০ ॥

স্বামিকৃত টীকা। কিঞ্চ ময়ীতি। পরমেশ্বরেঽনন্যযোগেন সর্বাত্মদৃষ্ট্যা অব্যভিচারিণী একান্তা ভক্তিঃ, বিবিক্তঃ শুদ্ধশ্চিত্তপ্রসাদকরস্তং দেশং সেবিতুং শীলং যস্য তস্য ভাবস্তত্বং, প্রাকৃতানাং জনানাং সংসদি সভায়ামরতিরপ্রীতিঃ ॥ ১০ ॥

মধুসূদন সরস্বতীকৃত টীকা। কিঞ্চ ময়ি চ ভগবতি বাসুদেবে পরমেশ্বরে ভক্তিঃ সর্বোৎকৃষ্টত্বজ্ঞানপূর্বিকা প্রীতিঃ অনন্যযোগেন নান্যো ভগবতো বাসুদেবাৎপরোঽস্ত্যতঃ স এব নো গতিরিত্যেবংনিশ্চয়েনাব্যভিচারিণী কেনাপি প্রতিকূলেন হেতুনা নিবারয়িতুমশক্যা সাপি জ্ঞানহেতুঃ প্রীতির্ন বাবস্থায়ি বাসুদেবে ন মুচ্যতে দেহযোগেন তাবদিত্যুক্তেঃ বিবিক্তঃ স্বভাবতঃ সংস্কারতো বা শুদ্ধোঽশুচিভিঃ সর্পব্যাঘ্রাদিভিশ্চ রহিতঃ সুরধুনীপুলিনাদিঃ চিত্তপ্রসাদকরো দেশস্তৎসেবনশীলত্বং বিবিক্তদেশসেবিত্বং তথা চ শ্রুতিঃ 'সমে শুচৌ শর্করাবহ্নিবালুকাবিবর্জিতে শব্দজলাশ্রয়াদিভিঃ মনোঽনুকূলে ন তু চক্ষুপীড়নে গুহানিবাতাশ্রয়ণে ন যোজয়েদিতি' জনানামাত্মজ্ঞানবিমুখানাং বিষয়ভোগলম্পটানাং পাপদেশকানাং

বিবিক্তদেশসেবিত্বমরতির্জ্জনসংসদি ॥ ১০ ॥
অধ্যাত্মজ্ঞাননিত্যত্বং তত্ত্বজ্ঞানার্থদর্শনং।

সংসদি সমবায়ে তত্ত্বজ্ঞানপ্রতিকূলায়ামরতিররমণং সাধূনাং তু সংসদি তত্ত্বজ্ঞানানুকূলায়াং রতিরুচিতৈব তথা চোক্তং 'সঙ্গঃসর্ব্বাত্মনা হেয়ঃ সচেত্ত্যক্তুং ন শক্যতে সসাদ্ভিঃ সহকর্ত্তব্যঃ সন্তসঙ্গোহিভেষজমিতি' ॥ ১০ ॥

আমাতে অনন্যযোগ পূর্ব্বক অব্যভিচারিণী ভক্তি করা, নির্জ্জন স্থানে নিবাস, ও বিষয়ী লোকের সভায় অপ্রীতি ॥ ১০ ॥

গীঃ সঃ। ভগবান্ ব্যতীত আমার গতি মুক্তি বা আশ্রয়স্থান নাই, এইরূপ অনন্যভাবে ভগবানে অকপট প্রেম করা, যে দেশ স্বভাবতঃ শুদ্ধ, সর্প ব্যাঘ্রাদির উপদ্রব বর্জ্জিত ও চিত্ত প্রসাদকর সেই বিবিক্ত প্রদেশে একাকী বাস, এবং জ্ঞান ভক্তি বর্জ্জিত বিষয়ভোগলম্পট ভগবদ্বিমুখ লোকের সমাগম ত্যাগ করা জ্ঞান সাধনের পরমানুকূল। "সঙ্গত্যাগ" কথাটি শাস্ত্র কুসঙ্গত্যাগকেই লক্ষ্য করিয়াছেন।

সঙ্গঃ সর্ব্বাত্মনাহেয়ঃ সচেত্ত্যক্তুং ন শক্যতে।
সসদ্ভিঃ সহ কর্ত্তব্যঃ সতাং সঙ্গোহিভেষজং ॥"

মুমুক্ষু ব্যক্তি কাহারই সঙ্গ করিবেন না, যদি সঙ্গত্যাগ করিতে অসমর্থ হয়েন, তবে সৎসঙ্গ করিবেন, কেননা সৎসঙ্গ ভবরোগের মহৌষধ ॥ ১০ ॥

শাঙ্করভাষ্যং। কিঞ্চ অধ্যাত্মেতি। অধ্যাত্মজ্ঞাননিত্যত্বমাত্মাদিবিষয়ং জ্ঞানমধ্যাত্মজ্ঞানং তস্মিন্ নিত্যভাবোনিত্যত্বমমানিত্বাদীনাং জ্ঞানসাধনানাং ভাবনানাং পরিপাকনিমিত্তং তত্ত্বজ্ঞানং তস্যার্থোমোক্ষঃ সংসারোপরমস্তস্যালোচনং তত্ত্বজ্ঞানার্থদর্শনং তত্ত্বজ্ঞানফলালোচনে হি তৎসাধনানুষ্ঠানে প্রবৃত্তিঃ স্যাদিতি এতদমানিত্বাদিতত্ত্বজ্ঞানার্থদর্শনান্তমুক্তং, জ্ঞানমিতি প্রোক্তং জ্ঞানার্থত্বাৎ অজ্ঞানপদে তস্মাৎ যদো জ্ঞাদস্যথাবিপর্য্যয়েণ মানিত্বং দম্ভিত্বং হিংসা ক্ষান্তিরনার্জ্জবমিত্যাদ্যজ্ঞানং বিজ্ঞেয়ং পরিহরণায় সংসারপ্রবৃত্তিকারণত্বাদিতি ॥ ১১ ॥

আনন্দগিরি টীকা। সাধনান্তরমাহ কিঞ্চেতি। আত্মাদীত্যাদিশব্দোহনাত্মার্থস্তদ্বিষয়ং জ্ঞানং বিবেকস্তন্নিত্যত্বং তত্রৈব নিষ্ঠাবত্বং বিবেকনিষ্ঠোহি বাক্যার্থজ্ঞানসমর্থোভবতি তেষাং ভাবনাপরিপাকোনাম যত্নেন সাধিতানাং প্রকর্ষপর্য্যন্তত্বং তন্নিমিত্তং তত্ত্বজ্ঞানমৈকাত্ম্যসাক্ষাৎকারস্তৎফলালোচনং কিমর্থমিত্যাশঙ্ক্যাহ তত্রেতি। প্রবৃত্তিঃ স্যাদিত্যতস্তত্ত্বজ্ঞানার্থদর্শনমপেক্ষিতমিতিশেষঃ। জ্ঞানস্যান্তরঙ্গহেতুমুক্তমুপসংহরতি এতদিতি। কিমিতি তস্য বিজ্ঞেয়ত্বমিত্যাশঙ্ক্যাহ পরিহরণায়েতি। তত্র হেতুঃ সংসারেতি। তস্য প্রবৃত্তিরুৎপত্তিস্তদ্ধেতুত্বাত্মানিত্বাদি ত্যাজ্যং জ্ঞাতে চ ত্যাজ্যত্বং তেন তস্য জ্ঞেয়ত্বেত্যর্থঃ ইতিশব্দঃ সাধনাধিকারসমাপ্ত্যর্থঃ ॥ ১১ ॥

রামানুজ ভাষ্য। অধ্যাত্মেতি। আত্মনি জ্ঞানমধ্যাত্মজ্ঞানং তন্নিষ্ঠত্বং তত্ত্বজ্ঞানার্থদর্শনং তত্ত্বজ্ঞানপ্রয়োজনং মোক্ষং তন্নিষ্ঠত্বমিত্যর্থঃ। জ্ঞানমেতদুক্তমিতি জ্ঞানং আত্মজ্ঞানসাধন-

এতজ্‌জ্ঞানমিতি প্রোক্তমজ্ঞানং যদতোঽন্যথা ॥ ১১ ॥

মিত্যর্থঃ। ক্ষেত্রসম্বন্ধিনঃ পুরুষস্যামানিত্বাদিকমুক্তং গুণবন্ধমেবাত্মজ্ঞানোপযোগি। এতদ্ব্য-তিরিক্তং সর্ব্বং ক্ষেত্রকার্য্যমাত্মজ্ঞানবিরোধীত্যজ্ঞানং ॥ ১১ ॥

স্বামিকৃত টীকা। কিঞ্চ অধ্যাত্মেতি। আত্মানমধিকৃত্য বর্ত্তমানং জ্ঞানং তস্মিন্নিত্যত্বং নিত্যভাবঃ তত্ত্বপদার্থশুদ্ধিনিষ্ঠত্বমিত্যর্থঃ, তত্ত্বজ্ঞানস্যার্থঃ প্রয়োজনং মোক্ষস্তস্য দর্শনং মোক্ষস্য সর্ব্বোৎকৃষ্টত্বালোচনমিত্যর্থঃ, এতদমানিত্বমদম্ভিত্বমিত্যাদিবিংশতিসংখ্যাকং যদুক্তমেতজ্‌জ্ঞা-নমিতি প্রোক্তং বশিষ্ঠাদিভির্জ্ঞানসাধনত্বাৎ অতোঽন্যথা অস্মাদ্বিপরীতং মানিত্বাদি যত্তদ-জ্ঞানমিতি জ্ঞানবিরোধিত্বাৎ অতঃ সর্ব্বথা ত্যাজ্যমিত্যর্থঃ ॥ ১১ ॥

মধুসূদন সরস্বতী কৃত টীকা। কিঞ্চ অধ্যাত্মং আত্মানমধিকৃত্য প্রবৃত্তমাত্মানাত্মবিবেক-জ্ঞানমধ্যাত্মজ্ঞানং তস্মিন্নিত্যত্বং বিবেকনিষ্ঠো হি বাক্যার্থজ্ঞানসমর্থো ভবতি তত্ত্বজ্ঞানস্যাহং ব্রহ্মাস্মীতি সাক্ষাৎকারস্য বেদান্তবাক্যকরণকস্য অমানিত্বাদিসর্ব্বসাধনপরিপাকফলস্যার্থঃ প্রয়োজনং অবিদ্যাতৎকার্য্যাত্মকনিখিলদুঃখনিবৃত্তিরূপঃ পরমানন্দাত্মাবাপ্তিরূপশ্চ মোক্ষস্তস্য দর্শনমালোচনং তত্ত্বজ্ঞানফলালোচনে হি তৎসাধনে প্রবৃত্তিঃ স্যাৎ এতদমানিত্বাদিতত্ত্বজ্ঞানার্থ-দর্শনান্তং বিংশতিসংখ্যাকং জ্ঞানমিতি প্রোক্তং জ্ঞানার্থত্বাৎ অতোঽন্যথাস্মাদ্বিপরীতং মানি-ত্বাদি যত্তদজ্ঞানমিতি প্রোক্তং জ্ঞানবিরোধিত্বাৎ তস্মাদজ্ঞানপরিত্যাগেন জ্ঞানমেবোপাদেয়-মিতি ভাবঃ ॥ ১১ ॥

অধ্যাত্ম জ্ঞাননিষ্ঠা, তত্ত্বজ্ঞান লাভার্থ দর্শন এবং অমানিত্বাদি জ্ঞানাঙ্গ সমূহ জ্ঞান বলিয়া কথিত হয়, ও তদ্বিপরীত সমস্তই অজ্ঞান নামে অভিহিত হইয়া থাকে ॥ ১১ ॥

গীঃ সঃ। আত্মানাত্মবিচার দ্বারা আত্মজ্ঞান লাভার্থ একান্ত নিষ্ঠা, " অহং ব্রহ্মাস্মি " " তত্ত্বমসি " আত্মজ্ঞানপ্রযোজক দর্শন এবং অমানিত্বাদি সাধনের পরিপাক ফল স্বরূপ " আমিই ব্রহ্ম " ইত্যাকার ব্রহ্মাত্ম তত্ত্বজ্ঞান হয় বলিয়া এতাবৎ জ্ঞান নামে উক্ত হইয়া থাকে ; এতদ্বিরুদ্ধ সমস্তই অজ্ঞান ॥ ১১ ॥

শাঙ্করভাষ্যং। যথোক্তেন জ্ঞানেন জ্ঞাতব্যং কিমিত্যাকাঙ্ক্ষায়ামাহ জ্ঞেয়ং যত্তদিত্যাদি। নন্বমানিত্বাদয়ো যমনিয়মাশ্চ তৈর্জ্ঞেয়ঃ, তে ন হ্যমানিত্বাদিকস্য চিহ্নস্য পরিচ্ছেদকং দৃষ্টং, সর্ব্বত্রৈব যদ্বিষয়ং জ্ঞানং তদেব তস্য জ্ঞেয়স্য পরিচ্ছেদকং দৃশ্যতে, নহ্যন্যবিষয়েণ জ্ঞানেনান্যদুপলভ্যতে যথা ঘটবিষয়েণ জ্ঞানেনাগ্নিনৈবোধঃ জ্ঞান নিমিত্তত্বাৎ জ্ঞানমুচ্যতে ইতি হ্যবোচাম জ্ঞানসহকারিকারণত্বাচ্চ জ্ঞেয়মিতি জ্ঞেয়ং জ্ঞাতব্যং যত্তৎ প্রবক্ষ্যামি প্রক-র্ষেণ যথাবৎ বক্ষ্যামি কিং ফলং তদিতি প্ররোচনেন শ্রোতুরভিমুখীকরণায়াহ যৎ জ্ঞেয়ং জ্ঞাত্বা অমৃতত্বমশ্নুতে ন পুনর্ম্রিয়ত ইত্যর্থঃ, অনাদিমৎ আদিমজ্জাতীত্যাদিমৎ ন আদিমদনাদিমৎ কিং তৎ পরং নিরতিশয়ং ব্রহ্ম জ্ঞেয়মিতি প্রকৃতমত্র কেচিৎ অনাদিমৎ পরমিতি পদং ছিন্দন্তি বহুব্রীহিণোক্তেঽর্থে মতুপ আনর্থক্যমনিষ্টং স্যাদিত্যর্থবিশেষঞ্চ দর্শয়ন্ত্যহং বাসু-দেবাখ্যা পরা শক্তির্যস্য তন্মৎপরমিতি সত্যমেবমপুনরুক্তং স্যাদর্থশ্চেৎ সম্ভবতি নত্বর্থঃ

জ্ঞেয়ং যত্তৎ প্রবক্ষ্যামি—

নঞ্পতি ব্রহ্মণঃ সর্ব্ববিশেষপ্রতিষেধেনৈব বিজিজ্ঞাপয়িষিতত্বান্ন সত্তন্নাসদুচ্যতইতি বিশিষ্টশক্তিমত্ত্বপ্রদর্শনং বিশেষপ্রতিষেধশ্চেতি বিপ্রতিষিদ্ধঃ তস্মান্ন ছুপো বহুব্রীহিণা সমানার্থত্বেপি প্রয়োগঃ শ্লোক পূরণার্থঃ অমৃতত্বফলং জ্ঞেয়ং ময়োচ্যতইতি প্ররোচনেনাভিমুখীকৃত্যাহ ন সত্তৎ জ্ঞেয়মুচ্যতইতি নাপ্যসত্তদুচ্যতে ননু মহতা পরিকর বন্ধেন কণ্ঠরবেণোদ্ঘোষ্য জ্ঞেয়ং প্রবক্ষ্যামীত্যননুরূপমুক্তং ন সত্তন্নাসদুচ্যতে ইতি ন অনুরূপমেবোক্তং কথং সর্ব্বাসু উপনিষৎসু জ্ঞেয়ং ব্রহ্ম নেতি নেতি নেত্যস্থূলমনণ্বিত্যাদিবিশেষপ্রতিষেধেনৈব নির্দ্দিশ্যতে নেদং তদিতি বাচো গোচরত্বাসম্ভু তদাস্তি যৎ অস্তিশব্দেনোচ্যতে অথাস্তিশব্দেন নোচ্যতে যৎ নাস্তি তৎ জ্ঞেয়ং বিপ্রতিষিদ্ধং জ্ঞেয়ং তদস্তিশব্দেননোচ্যতইতি চ ন তাবন্নাস্তি নাস্তিবুদ্ধ্যবিষয়ত্বাসম্ভু সর্ব্বাবুদ্ধয়োহস্তিনাস্তিবুদ্ধ্যনুগতা এবতত্রৈবং সতি জ্ঞেয়মপ্যস্তিবুদ্ধ্যনুগতপ্রত্যয়বিষয়ং বাস্যান্নাস্তিবুদ্ধ্যনুগতপ্রত্যয়বিষয়ং বাস্যান্নাতীন্দ্রিয়ত্বেনোভয়বুদ্ধ্যনুগতপ্রত্যয়াবিষয়ত্বাৎ যদ্ধীন্দ্রিয়গম্যং বস্তু ঘটাদিকং তদস্তিবুদ্ধ্যনুগতপ্রত্যয়বিষয়ং বা স্যান্নাস্তিবুদ্ধ্যনুগতপ্রত্যয়বিষয়ং বা ইদন্তু জ্ঞেয়মতীন্দ্রিয়ত্বেন শব্দৈকপ্রমাণগম্যত্বান্ন ঘটাদিবদুভয়বুদ্ধ্যনুগতপ্রত্যয়বিষয়মিত্যতোন সত্তন্নাসদুচ্যতে যত্তূক্তং বিরুদ্ধমুচ্যতে জ্ঞেয়ং যন্ন সত্তন্নাসদুচ্যতে ইতি ন বিরুদ্ধমন্যদেব তদ্বিদিতাদথো অবিদিতাদধীতি শ্রুতেঃ শ্রুতিরপি বিরুদ্ধার্থেতি চেৎ যথা যজ্ঞায় শালামারভ্য কোহি তদ্বেদ যদমুষ্মিন্ লোকেস্তি বা নবেতীত্যেবমিতিচেৎ ন বিদিতাবিদিতাভ্যামন্যত্বশ্রুতেরবশ্যবিজ্ঞেয়ার্থপ্রতিপাদনপরত্বাৎ যদ্যমুষ্মিন্নিত্যাদি তু বিধিশেষোর্থবাদউপপত্তেশ্চ সদাদিশব্দৈঃ ব্রহ্ম নোচ্যতইতি সর্ব্বোহি শব্দোর্থপ্রকাশনায় প্রযুক্তঃ শ্রূয়মাণশ্চ শ্রোতৃভির্জ্জাতি ক্রিয়াগুণসম্বন্ধদ্বারেণ সঙ্কেতগ্রহণং সব্যপেক্ষোর্থং প্রত্যায়য়তি নান্যথা দৃষ্টত্বাৎ তৎযথা গৌরশ্বইতি বা জাতিতঃ পচতীতি বা ক্রিয়াতঃ শুক্লঃ কৃষ্ণইতি বা গুণতো ধনী গোমানিতি চ সম্বন্ধতো নতু ব্রহ্ম জাতিমদতোন সদাদিশব্দবাচ্যং নাপি গুণবৎ যেন গুণশব্দেনোচ্যতে নির্গুণত্বান্নাপি ক্রিয়াশব্দবাচ্যং নিষ্ক্রিয়ত্বান্নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তমিতি শ্রুতেঃ নচ সম্বন্ধোকত্বাদদ্বয়ত্বাদবিষয়ত্বাদাত্মত্বাচ্চ ন কেনচিচ্ছব্দেনোচ্যতইতি যুক্তং যতোবাচোনিবর্ত্তন্তইত্যাদিশ্রুতিভিশ্চ। ১২ ॥

আনন্দগিরি টীকা। উত্তরগ্রন্থমবতারয়তি যথোক্তেতি। অমানিত্বাদীনাং জ্ঞানত্বমাক্ষিপতি ন্যাযতি। বস্তুপরিচ্ছেদকত্বং জ্ঞানত্বমাশঙ্ক্যাহ নহীতি। পরিচ্ছেদকত্বং জ্ঞানত্বং জ্ঞানত্বাৎ পরিচ্ছেদকত্বমিত্যন্যোন্যাশ্রয়মিত্যাশঙ্ক্যাহ সর্ব্বত্রেতি। স্বাপেক্ষৈব জ্ঞানং পরিচ্ছেদকমিত্যেতদ্ব্যতিরেকদ্বারা বিশদয়তি নহীতি। ব্যতিরেকদৃষ্টান্তমাহ যথেতি। অমানিত্বাদীনাং জ্ঞানত্বমাক্ষিপ্তং প্রতিক্ষিপতি নৈষদোষইতি। তত্র হেতুঃ জ্ঞানোপকারকত্বাদিতি জ্ঞানেতি। তেন জ্ঞানশব্দে হেতুকরণমাহ জ্ঞানেতি। অমানিত্বাদীনাং জ্ঞানত্বমুক্ত্বা জ্ঞেয়মবতারয়তি জ্ঞেয়মিতি। প্রধানাজ্ঞেয়প্রবচনস্য ফলমুক্ত্বা প্ররোচনং কৃত্বা শ্রোতুরাভিমুখ্যমাপাদয়িতুং প্ররোচনফলোক্তিপূর্ব্বকমাহ জ্ঞেয়মিত্যাদিনা। তদেব নিগিনষ্টি অনাদিমদিতি। আদিমত্ত্বরাহিত্যমব্যাকৃতস্যাপি তত্তোবিশেষং দর্শয়তি কিন্তুদিতি। ভোক্তুরপি ভোগ্যাৎ পরত্বমিত্যতোবিশিনষ্টি ব্রহ্মেতি। অনাদিমৎ পদং মৎপরমিতি পদচ্ছেদান্ন পুনরুক্তিরিতি মতান্তরমুপন্যস্যতি অত্রেতি। একপদত্বসম্ভবে কিমিতি পদদ্বয়মিত্যাশঙ্ক্যাহ বহুব্রীহিণেতি। আদিমন্নাস্তীতি যোবহুব্রীহিণোক্তোর্থস্তস্যমাদিত্বনিষেধেনাতি মতুপোর্থবত্-

যজ্জ্ঞাত্বামৃতমশ্নুতে।

মিতি। মতুপানর্থক্যমনিষ্টং স্যাদিতি মত্বা পদং ছিনত্তীতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। অদিমত্ত্বাস্তীত্যনাদীত্যুক্তং মৎপরমিত্যুচ্যমানে কোঽর্থঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ অথেতি। উক্তব্যাখ্যানস্যাযুক্তত্বাদয়ং পুনরুক্তিসমাধিরিত্যাহ সত্যমিতি। অর্থাসম্ভবং সমর্থয়তে ব্রহ্মণ্যেতি। তথাপি বিশিষ্টশক্তিমত্ত্বং কিংনস্যাদিত্যাশঙ্ক্যাহ বিশিষ্টেতি। তথাপি মতুপোঽবহুব্রীহিণা তুল্যার্থত্বে কথং নানর্থক্যং তত্রাহ তস্মাদিতি। অনাদিমৎপরং ব্রহ্মেত্যত্র পক্ষান্তরং প্রতিক্ষিপ্য স্বপক্ষঃ সমর্থিতঃ সম্প্রতি ব্রহ্মণো ব্রহ্মত্বাদেব কার্য্যকারণাত্মকত্ব প্রাপ্তাবুক্তানুবাদদ্বারা ন সদিত্যাদ্যবতারয়তি অমৃতত্বেতি। সৎকার্য্যমভিব্যক্তনামরূপস্থূলসংস্কারণং তাৎপর্য্যস্যাদিতি ভাগঃ জ্ঞেয়প্রবচনমনির্ব্বাচ্যবিষয়ত্বাৎ প্রক্রমপ্রতিকূলমিত্যাক্ষিপতি নন্বিতি। নির্ব্বিশেষস্য বস্তুনো জ্ঞেয়ত্বাত্তদ্বিষয়ং প্রবচনং প্রক্রমানুকূলমিত্যুত্তরমাহ নেত্যাদিনা। অনির্ব্বাচ্যত্বে নসত্তন্নাসদিত্যুচ্যমানে কথমিদমস্যরূপমিতি পৃচ্ছতি কথমিতি। ব্রহ্মাত্মপ্রকাশস্য সিদ্ধত্বাত্তদর্থং বিধিমুখেনোপদেশাযোগাদধ্যস্তাতদ্ধর্ম্মনিবৃত্তয়ে নিষেধদ্বারোপদেশস্য বেদান্তেষু প্রসিদ্ধেরায়োপি তদ্বিশেষনিষেধরূপমিদং প্রবচনমুচিতমিতি পরিহরতি সর্ব্বাস্বিতি। জ্ঞেয়স্য ব্রহ্মণো বিধিমুখোপদেশাযোগে হেতুমাহ বাচইতি। ব্রহ্মণোস্তি শব্দাবাচ্যত্বে নবদিষাণবন্নাস্তিত্বমিত্যনিষ্টমাশঙ্কতে নন্বিতি। এবমুৎসর্গেপি ব্রহ্মণি কিমায়াতমিত্যাশঙ্ক্যাহ অথেতি। জ্ঞেয়স্যাস্তিশব্দাবাচ্যত্বে ব্যাঘাতশ্চেত্যাহ বিপ্রতিষিদ্ধঞ্চেতি। অস্তিশব্দাবাচ্যত্বাদবস্তু ব্রহ্মেত্যাত্রাপ্রয়োজকত্বমাহ নতাবদিতি। নাস্তিবুদ্ধিবিষয়ত্বমেনাবৃত্তত্বে নিমিত্তমতস্তদভাবাদ্ব্রহ্মণোনাবস্তুতেত্যেতদেব ব্যক্তীকর্ত্তুং চোদয়তি নান্ত্যি। সর্ব্বাসাঞ্চিয়ামস্তিধীত্বেন নাস্তিধীত্বেন বানুগতত্বেন তদ্ধীগোচরত্বাভাবে ব্রহ্মণো নির্ব্বাচ্যং দুর্ব্বারমিতি ফলিতমাহ তত্রেতি ব্রহ্মণো ঘটাদিবৈলক্ষণ্যাদুভয়বুদ্ধ্যবিষয়ত্বেপি নানির্ব্বাচ্যতেত্যাহ নেত্যাদিনা। ঘটাদেরিন্দ্রিয়গ্রাহ্যত্বোভয়বুদ্ধিবিষয়ত্বেপি ব্রহ্মণস্তদগ্রাহ্যস্য নোভয়ধীবিষয়ত্বং তথাপি নানির্ব্বাচ্যত্বং সচ্চিদেকতানস্য শব্দপ্রমাণাদবিষয়ত্বেন দৃষ্টত্বাদিত্যুক্তমেব প্রপঞ্চয়তি যদ্ধীতি। পরোক্তং বিরোধমনুবদতি বাধিতি। শ্রুত্যাবষ্টম্ভেন নিরাচষ্টে নবিরুদ্ধমিতি। সাপি বিরুদ্ধার্থত্বাদস্মান্নং বোধকত্বস্যাবিরোধাপেক্ষত্বাদিত্যি শঙ্কতে শ্রুতিরিতি। তস্যাবিরুদ্ধার্থত্বেনাপ্রামাণ্যে দৃষ্টান্তমাহ যথেতি। প্রাচীনবংশং করোতীতি পারলৌকিকফলযজ্ঞানুষ্ঠানার্থং শালানির্ম্মাণং প্রস্তুত্য কোহি তদ্বেদেত্যাদ্যা পরলোকসত্ত্বে সন্দিহানা যথা বিরুদ্ধার্থা শ্রুতিরপ্রমাণমেবং বিদিতাবিদিতাভ্যাঞ্চব্রহ্মাতিরপীত্যর্থঃ নেয়ং শ্রুতিবিরুদ্ধার্থত্বেনামানতয়া হ্যাতব্যা ব্রহ্মণাদ্বিতীয়ে প্রত্যক্প্রতিপাদনেনমানত্বাদিত্যুত্তরমাহ নবিদিতেতি। যস্তু বিরুদ্ধার্থত্বে কোহীত্যাদ্যুক্তং তদসমর্থনাদস্য বিধিশেষস্য স্বার্থে তাৎপর্য্যাদিত্যাহ যদাতি। যত্র জাত্যাদিমত্ত্বং তত্র বাচ্যত্বং যথা গবাদৌ ন ব্রহ্মণি জাত্যাদিমত্ত্বমতো বাচ্যত্বাভিধেবৈনৈব বোধ্যত্বমিত্যাহ উপপত্তেশ্চেতি। নোচ্যতইতি নিষেধেনৈব উক্তোপদেশইত্যেবং। জাত্যাদিমতোর্থস্যৈব বাচ্যত্বং তত্ত্বৈব শব্দপ্রবৃত্তিরিতি প্রপঞ্চয়তি সর্ব্বোহীতি। অত্রতস্য জাত্যাদিদ্বারেণাজ্ঞাতসংজ্ঞেবৈধনস্য ন কোন্তন্নমুখ্যইতিত্যাহ গৌরশ্বেতি। জাত্যাদেঃ শব্দবিষয়ত্বমুদাহরতি ক্রমবেত্যাদিনা। ব্রহ্মণস্তু গোত্রবর্ণমিত্যাদিশ্রুতেঃ জাত্যাদিরাহিত্যাত্বাদাপশব্দবাচ্যতেত্যাহ নত্বিতি। কেবলোনির্গুণশ্চেতি প্রকৃতেকর্ম্মমার্গে ব্রহ্মণোনবাচ্যতেত্যাহ নবিভি। কেবলো নির্গুণশ্চেতি নির্গুণত্বেনামাহ নিস্কলমিতি। ব্রহ্মণো দ্বিতীয়ত্বপ্রাদেবোপনিষৎসিদ্ধত্বাদ্বিশিষ্টত্ব সম্বন্ধস্য তন্নিমিত্তস্য তৎসিদ্ধেন ত্বাবাপি তস্য বাচ্যতেত্যাহ নচেতি।

অনাদিমৎ পরং ব্রহ্ম—

ব্রহ্মণাভিধাবৃত্ত্যা শব্দাপ্রবৃত্তৌ হেতুত্বেনাহ অবয়ত্বাদিতি । ব্রহ্মণোবাচ্যত্বে শ্রুতিমপি সম্বাদয়তি যত ইতি ॥ ১২ ॥

রামানুজ ভাষ্য। এতদ্যোবেত্তীতি বেদিতৃত্বলক্ষণেন তস্য ক্ষেত্রজ্ঞস্য স্বরূপং বিশোধ্যতে জ্ঞেয়ং যত্তৎ প্রবক্ষ্যামীতি। অমানিত্বাদিভিঃ সাধনৈর্জ্ঞেয়ং যৎপ্রত্যগাত্মস্বরূপং তৎ প্রবক্ষ্যামি। যৎ জ্ঞাত্বা জন্মজরামরণাদি প্রাকৃতধর্ম্মরহিতমমৃতমাত্মানং প্রাপ্নোতি অনাদি আদির্যস্য ন বিদ্যতে তদনাদি অস্য হি প্রত্যগাত্মন উৎপত্তির্ন বিদ্যতে। তত এবান্তো ন বিদ্যতে। শ্রুতিশ্চ। ন জায়তে ম্রিয়তে বা বিপশ্চিদিতি। মৎপরং অহং পরো যস্য তন্মৎপরং। ইতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাং জীবভূতামিতি হি উক্তং ভগবচ্ছরীরতয়া ভগবৎ শেষতৈকরসত্বাত্মস্বরূপং। তথাচ শ্রুতিঃ। য আত্মনি তিষ্ঠন্নাত্মনোঽন্তরো যমাত্মানবেদ যস্যাত্মা শরীরং য আত্মানমন্তরো যময়তীতি তথা সকারণং করণাধিপাধিপঃ নচাস্য কশ্চিজ্জনিতা নচাধিপঃ প্রধানক্ষেত্রজ্ঞপতির্গুণেশ ইত্যাদিকা ব্রহ্মবৃহদ্গুণযোগিশরীরাদর্থান্তরভূতং স্বতঃ শরীরাদিভিঃ পরিচ্ছেদরহিতং ক্ষেত্রজ্ঞ তত্ত্বমিত্যর্থঃ স চানন্ত্যায় কল্পতে ইতি হি শ্রূয়তে শরীরপরিচ্ছিন্নত্বং চাস্য কর্ম্মকৃতং কর্ম্মবন্ধমুক্তস্যানন্ত্যং। আত্মন্যপি ব্রহ্মশব্দঃ প্রযুজ্যতে। স গুণান্ সমতীত্যৈ-তান্ ব্রহ্মভূয়ায় কল্পতে। ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি। সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরামিতি বচনাৎ ন সত্তন্নাসদুচ্যতে কার্য্যকারণরূপাবস্থাদ্বয়রহিততয়া সদসচ্ছব্দাভ্যামাত্মস্বরূপং নোচ্যতে কার্য্যাবস্থায়াং হি দেবাদিনামরূপভাক্ত্বেন সদিত্যুচ্যতে। তথাচ শ্রুতিঃ অসদ্বা ইদমগ্র আসীৎ ততো বৈ সদজায়ত। তদ্ধেদং তর্হ্যব্যাকৃত-মাসীৎ। তন্নামরূপাভ্যাং ব্যাক্রিয়ত ইত্যাদি। কার্য্যকারণাবস্থাদ্বয়স্যাত্মনঃ কর্ম্মরূপাবিদ্যাবেষ্টনকৃতং ন স্বরূপকৃত ইতি সদসৎ শব্দাভ্যামাত্মস্বরূপং নোচ্যতে যদ্যপ্যসদ্বা ইদমগ্রমাসী-দিতি কারণাবস্থং পরব্রহ্মোচ্যতে। তথাপি নামরূপবিভাগানর্হ সূক্ষ্ম চিদচিদ্বস্তু শরীরং পরব্রহ্ম কারণাবস্থমিতি ক্ষেত্রজ্ঞাবস্থায়াং ক্ষেত্র ক্ষেত্রজ্ঞরূপমপ্যসৎ শব্দবাচ্যং ক্ষেত্রজ্ঞস্য সাবস্থাকর্ম্মকৃতেতি পরিশুদ্ধস্বরূপং ন সদসচ্ছব্দনির্দ্দেশ্যং ॥ ১২ ॥

স্বামিকৃত টীকা। এভিঃ সাধনৈর্যজ্জ্ঞেয়ং তদাহ জ্ঞেয়মিতি ষড্ভিঃ। যজ্জ্ঞেয়ং তৎ প্রবক্ষ্যামি। শ্রোতুরাদরসিদ্ধয়ে জ্ঞানফলং দর্শয়তি যজ্জ্ঞাত্বা অমৃতং মোক্ষং প্রাপ্নোতি কিং তৎ, অনাদিমৎ আদিমন্ন ভবতীত্যনাদিমৎ পরং নিরতিশয়ং ব্রহ্ম অ-নাদীত্যেতাবতৈব বহুব্রীহিণা অনাদিমত্ত্বে সিদ্ধেঽপি পুনর্মতুপ্প্রত্যয়শ্ছান্দসঃ। যদ্বা অনাদীতি মৎপরঞ্চেতি পদদ্বয়ং মম বিষ্ণোঃ পরং নির্বিশেষরূপং ব্রহ্মেত্যর্থঃ। তদেবাহ ন সত্তন্নাসদিতি। বিধিমুখেন প্রমাণস্য বিষয়ঃ সচ্ছব্দেনোচ্যতে নিষেধবিষয়স্ত্বসচ্ছব্দেনোচ্য-তে ইদন্তু তদুভয়বিলক্ষণমবিষয়ত্বাদিত্যর্থঃ ॥১২॥

মধুসূদন সরস্বতীকৃত টীকা। এভিঃ সাধনৈর্লক্ষিতৈঃ কিং জ্ঞেয়মিত্যপেক্ষায়ামাহ জ্ঞেয়ং যত্তদিত্যাদিভিঃ ষড্ভিঃ যৎ জ্ঞেয়ং মুমুক্ষুণা তৎপ্রবক্ষ্যামি প্রকর্ষেণ স্পষ্টতয়া বক্ষ্যামি শ্রোতুরভিমুখীকরণায় ফলেন স্তুবন্নাহ যৎ বক্ষ্যমাণং জ্ঞেয়ং জ্ঞাত্বাঽমৃতমশ্নুতে সংসারান্মুচ্য-তে ইত্যর্থঃ কিং তৎ অনাদিমৎ আদিমন্ন ভবতীত্যনাদিমৎ পরং নিরতিশয়ং ব্রহ্ম সর্ব্বতোঽন-বচ্ছিন্নং পরমাত্মবস্তু অনাদীত্যেতাবতৈব বহুব্রীহিণার্থলাভেঽপ্যতিশয়নে নিত্যযোগে বা মতুপঃ প্রয়োগঃ অনাদীতি চ মৎপরমিতি চ পদং কেচিচ্ছিন্দন্তি মৎ সগুণাৎ ব্রহ্মণঃ পরং নি-

न সত্তন্নাসদুচ্যতে ॥ ১২ ॥

বিশেষং রূপং ব্রহ্মেত্যর্থঃ অহং বাসুদেবাখ্যা পরা শক্তির্যস্যেতি স্বপব্যাখ্যানং নির্ব্বিশেষস্য ব্রহ্মণঃ প্রতিপাদ্যত্বেন তত্রশক্তিমত্ত্বস্যানঙ্গত্বাৎ নির্ব্বিশেষত্বমাহ নসত্তন্নাসদুচ্যতে বিধি-মুখেন প্রমাণস্যবিষয়ঃ সচ্ছব্দেনোচ্যতে নিষেধমুখেন প্রমাণস্য বিষয়স্ত্বসচ্ছব্দেন ইদং তু তদুভয়বিলক্ষণং নির্ব্বিশেষত্বাৎ স্বপ্রকাশচৈতন্যরূপত্বাচ্চ ' যতোবাচোনিবর্ত্তন্তে অপ্রাপ্য-মনসাসহেত্যাদিশ্রুতেঃ যস্মাত্তৎ ব্রহ্ম ন সৎ ভাবত্বাশ্রয়ঃ অতোনোচ্যতে কেনাপি শব্দেন মুখ্যয়া বৃত্ত্যা শব্দপ্রবৃত্তিহেতুনাং তত্রাসম্ভবাৎ তদাথা গৌরোশ্বইতি বা জাতিতঃ পচতি পঠতীতি বা ক্রিয়াতঃ শুক্লঃ কৃষ্ণইতি বা গুণতঃ ধনী গোমানিতি বা সম্বন্ধতোর্থং প্রত্যায়য়তি শব্দঃ অত্র ক্রিয়াগুণসম্বন্ধেভ্যোবিলক্ষণঃ সর্ব্বোপি ধর্ম্মোজাতিরূপউপাধিরূপোবা জাতিপদেন সংগৃহীতঃ যদৃচ্ছাশব্দোপি ডিত্থডপিচ্ছাদির্যংকঞ্চিদ্ধর্ম্মং স্বাত্মানং বা প্রবৃত্তিং নিমিত্তীকৃত্য প্রবর্ত্ততইতি সোপি জাতিশব্দঃ এবমাকাশশব্দোপি তার্কিকাণাং শব্দাশ্রয়ত্বাদিরূপং যংকঞ্চি-দ্ধর্ম্মং পুরস্কৃত্য প্রবর্ত্ততে স্বমতে তু পৃথিব্যাদিবদাকাশব্যক্তীনাং জন্মানামনেকত্বাদাকাশ-ত্বমপি জাতিরেবেতি সোপি জাতিশব্দঃ আকাশাতিরিক্তাচ দিঙ্নাস্ত্যেব কালশ্চ নেশ্ব-রাদতিরিচ্যতে অতিরেকেবা দিক্কালশব্দাবপ্যুপাধিবিশেষপ্রবৃত্তি নিমিত্তকাবিতি জাতিশ-ব্দাদেব তস্মাৎ প্রবৃত্তিনিমিত্তচাতুর্ব্বিধ্যাচ্চতুর্ব্বিধ এব শব্দঃ তত্র ন সত্তন্নাসদিতি জাতিনিষেধঃ ক্রিয়াগুণসম্বন্ধানামপি নিষেধোপলক্ষণার্থঃ একমেবাদ্বিতীয়মিতি জাতিনিষেধস্তস্যা অনেক-ব্যক্তিবৃত্তেরেকস্মিন্নসম্ভবাৎ নির্গুণং নিষ্ক্রিয়ং শান্তমিতি গুণক্রিয়াসম্বন্ধানাং ক্রমেণ নিষেধঃ অসঙ্গোহ্যয়ং পুরুষইতি চ অথাতআদেশোনেতিনেতীতি চ সর্ব্বনিষেধঃ তস্মাৎ ব্রহ্ম নকেন-চিচ্ছব্দেনোচ্যতইতি যুক্তং তর্হি কথং প্রবক্ষ্যামীত্যুক্তং কথং বা ' শাস্ত্রযোনিত্বাদিতি ' সূত্রং যথা কথঞ্চিল্লক্ষণয়া শব্দেন প্রতিপাদনাদিতি গৃহাণ প্রতিপাদনপ্রকারশ্চাশ্চর্য্যবৎপশ্যতি কশ্চিদেনমিত্যত্রব্যাখ্যাতঃ বিস্তরস্তু ভাষ্যে দ্রষ্টব্যঃ ॥ ১২ ॥

হে অর্জ্জুন! এক্ষণে মুমুক্ষুদিগের জ্ঞেয় বস্তুর বিষয় তোমাকে বলি-তেছি; যাঁহাকে বিদিত হইলে জীব অমৃতত্ব লাভ করে, সেই অনাদি-মৎ পরব্রহ্ম, সৎও নহেন ও অসৎও নহেন ॥ ১২ ॥

গীঃ সঃ। পূর্ব্বোক্ত বিধিতে জ্ঞান লাভ করিয়া যাঁহাকে জানিতে হয়, এক্ষণে ভগবান্ তাঁহারই ব্যাখ্যা করিতেছেন। আবার তাঁহাকে জানিয়াই বা লাভ কি, এই সংশয় ভঞ্জনার্থ বলিলেন, যে তাঁহাকে জানিলে মুমুক্ষু গণ অমৃতত্ব লাভ করেন। তিনি অনাদিমৎ—সমস্ত কারণের কারণ স্বরূপ এবং দেশ কাল পরিচ্ছেদ শূন্য পরমাত্মা। (" অনাদিমৎপরং " এতৎ পদের ব্যাখ্যায় টীকাকারগণ ভিন্ন ২ পন্থানুসরণ করিয়াছেন। কেহ বলেন " আদিমৎ " শব্দে কার্য্য এবং পরং শব্দে কারণ, অর্থাৎ যিনি কার্য্য ও কারণ উভয়েরই অতীত; কেহ " অনাদি+মৎপরং " এই রূপ পদচ্ছেদ করিয়া বলেন, যে ব্রহ্ম অনাদি বা উৎপত্তি বর্জ্জিত এবং মৎপর অর্থাৎ আমার (সগুণ ব্রহ্মের) অতীত তিনিই মৎপর। অস্তি " আছেন বলিয়া তিনি প্রমাণ গত বিষয় নহেন, এবং " নাস্তি " পদ বাচ্য তিনি নিষেধমুখ প্রমাণেরও বিষয় নহেন; তিনি নির্ব্বিশেষ ও স্বপ্রকাশ। নাম, রূপ, গুণ আদি দ্বারা তাঁহার স্বরূপ ব্যাখ্যা হয় না ॥ ১২ ॥

সর্ব্বতঃ পাণিপাদস্তৎ সর্ব্বতোঽক্ষিশিরোমুখং।

শাঙ্করভাষ্যং। সচ্ছব্দপ্রত্যয়াবিষয়ত্বাদসত্ত্বাশঙ্কায়াম্ জ্ঞেয়স্য সর্ব্বপ্রাণিকরণোপাধি-দ্বারেণ তদস্তিত্বম্ প্রতিপাদয়ন্তদাশঙ্কানিবৃত্ত্যর্থমাহ সর্ব্বতইতি। সর্ব্বতঃ পাণিপাদস্তৎ সর্ব্বত্র পাণয়ঃ পাদাশ্চাস্যেতি সর্ব্বতঃ পাণিপাদস্তৎ জ্ঞেয়ম্ সর্ব্বপ্রাণিকরণোপাধিভিঃ ক্ষেত্রজ্ঞাস্তিত্বং বিভাব্যতে, তৎ ক্ষেত্রজ্ঞশ্চ ক্ষেত্রোপাধিতউচ্যতে ক্ষেত্রঞ্চ পাণিপাদাদিভিরনেকধাভিন্নং ক্ষেত্রোপাধিভেদকৃতং বিশেষজাতং মিথ্যৈব ক্ষেত্রজ্ঞস্যেতি তদপনয়নেন জ্ঞেয়ত্বমুক্তম্ ন সৎতন্নাসদুচ্যতে ইতি উপাধিকৃতং মিথ্যারূপমপ্যস্তিত্বাধিগমায় জ্ঞেয়ধর্ম্মবৎ পরিকল্পোচ্যতে, সর্ব্বতঃ পাণিপাদমিত্যাদি তথাহি সম্প্রদায়বিদাং বচনমধ্যারোপাপবাদাভ্যাং নিষ্প্রপঞ্চং প্রপঞ্চ্যতে ইতি সর্ব্বত্র সর্ব্বদেহাবয়বত্বেন গম্যমানাঃ পাণিপাদাদয়োজ্ঞেয়শক্তিসদ্ভাবনিমিত্তস্বকার্য্যাইতি জ্ঞেয়সদ্ভাবে লিঙ্গানি জ্ঞেয়স্যেত্যুপচারতউচ্যন্তে তথা ব্যাখ্যেয়মন্যৎ সর্ব্বতঃ পাণিপাদম্ তৎ জ্ঞেয়ং সর্ব্বতোঽক্ষিশিরোমুখং সর্ব্বতোঽক্ষীণি শিরাংসি মুখানি চ যস্য তৎ সর্ব্বতোঽক্ষিশিরোমুখং সর্ব্বতঃ শ্রুতিমৎ সর্ব্বত্র শ্রুতিমচ্ছ্রুতিঃ শ্রবণেন্দ্রিয়ং তৎ যস্য তৎ শ্রুতিমল্লোকে প্রাণিনিকায়ে সর্ব্বমাবৃত্য সম্ব্যাপ্য তিষ্ঠতি স্থিতিং লভতে॥ ১৩॥

আনন্দগিরি টীকা। সর্ব্ববিশেষরহিতস্যাবাঙ্মনসগোচরস্য অদৃষ্টেঃ দৃষ্টেশ্চ বিপরীতস্য প্রাপ্তে ব্রহ্মণঃ শূন্যত্বে প্রত্যক্ত্বেনেন্দ্রিয়প্রবৃত্ত্যাদিহেতুত্বেন কল্পিতদ্বৈতসত্তাস্ফূর্ত্তিপ্রদত্বেনেশ্বরত্বেন চ সত্ত্বং দর্শয়ন্নাদৌ দেহাদীনাং প্রবৃত্তিমত্তাং রথাদিবদচেতনানাংপ্রেক্ষাপূর্ব্বক প্রবৃত্তিমত্ত্বাৎ চেতনাধিষ্ঠিতত্ত্ব মনুমিমানস্তৎ প্রত্যকচেতনং ব্রহ্মেত্যাহ সচ্ছব্দেতি। তদস্তিত্বমিতি তচ্ছব্দোজ্ঞেয় ব্রহ্মার্থঃ তদাশঙ্কেতি তচ্ছব্দেনাসত্ত্বমুচ্যতে। ননু সর্ব্বদেহেষু পাণিপাদমস্যেতি কথং পাণ্যাদেঃ দেহস্থত্বেনাত্মধর্ম্মত্বং তত্রাহ সর্ব্বেতি। করণপ্রবৃত্তীরথাদিপ্রবৃত্তিবৎ প্রেক্ষাপূর্ব্বক প্রবৃত্তিমত্ত্বাচ্চেতনাধিষ্ঠাতৃপূর্ব্বিকেত্যর্থঃ। উক্ত প্রবৃত্ত্যাচেতনাস্তিত্বসিদ্ধাবপি কথম্ ক্ষেত্রজ্ঞাস্তিত্বমিত্যাশঙ্ক্য চেতনস্যৈব ক্ষেত্রোপাধিনা ক্ষেত্রজ্ঞত্বাচ্চেতনাস্তিত্বম্ তদস্তিত্বমেবেত্যাহ ক্ষেত্রজ্ঞশ্চেতি। তস্য ক্ষেত্রোপাধিত্বেপি কথং পাণিপাদাক্ষিশিরোমুখাদিমত্ত্বমিত্যাশঙ্ক্যাহ ক্ষেত্রঞ্চেতি। অতশ্চোপাধিতস্তস্মিন্ বিশেষোক্তিরিতিশেষঃ। কথং তর্হি নসত্তন্নাসদিতি নির্ব্বিশেষত্বোক্তিরিত্যাশঙ্ক্যাহ ক্ষেত্রেতি। পাণিপাদাদিমত্ত্বমৌপাধিকং মিথ্যাচেৎ জ্ঞেয়প্রবচনাধিকারে কথং তদুক্তিরিত্যাশঙ্ক্যাহ উপাধীতি। মিথ্যারূপমপি জ্ঞেয়বস্তুজ্ঞানোপায়ত্বোপীত্যত্র বৃদ্ধসম্মতিমাহ তথাহীতি। পাণিপাদাদীনামন্যগতানামাত্মধর্ম্মত্বেনারোপ্য ব্যপদেশে কোহেতুরিতি চেৎ তত্রাহ সর্ব্বত্রেতি। জ্ঞেয়স্য ব্রহ্মণঃ শক্তিসন্নিধিমাত্রেণ প্রবর্ত্তনসামর্থ্যম্ তৎসত্ত্বম্ নিমিত্তীকৃত্য স্বকার্য্যবন্তোভবন্তি পাণ্যাদয়ইতি কৃত্বেতি যোজনা। সর্ব্বতোঽক্ষীত্যাদাবুক্তমতিদিশতি তথেতি। তৎজ্ঞেয়ং যথা সর্ব্বতঃ পাণিপাদমিতি ব্যাখ্যাতং তথেত্যুক্তমেব স্পষ্টয়তি সর্ব্বতইতি। সর্ব্বতোঽক্ষীত্যাদেরক্ষরার্থমাহ সর্ব্বতোঽক্ষীতি। অক্ষিশ্রবণগ্রহণমশিষ্টজ্ঞানেন্দ্রিয়বত্ত্বস্য পাণিপাদমুখবত্ত্বগ্রহণাবশিষ্টকর্ম্মেন্দ্রিয়বত্ত্বস্য মনোবুদ্ধ্যাদিমত্ত্বস্য চোপলক্ষণম্। একস্য সর্ব্বত্র পাণ্যাদিমত্ত্বং সাধয়তি সর্ব্বমিতি॥ ১৩॥

রামানুজ ভাষ্য। সর্ব্বত ইতি। সর্ব্বতঃ শ্রুতিমদিত্যন্তং শ্লোকং ব্যাচষ্টে সর্ব্বতশ্চক্ষুরাদিকার্য্যকৃৎ। অপাণিপাদো জবনো গৃহীতা পশ্যত্যচক্ষুঃ সশৃণোত্যকর্ণ ইতি পরস্য ব্রহ্মণোঽপাণিপাদস্যাপি সর্ব্বতঃ পাণিপাদাদিকার্য্যকৃত্ত্বং শ্রূয়তে। প্রত্যগাত্মনোপি পরিশুদ্ধস্য তৎসাম্যা-

সর্ব্বতঃ শ্রুতিমল্লোকে সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি ॥ ১৩ ॥

পত্যা সর্ব্বতঃ পাণিপাদাদিকার্য্যকৃত্বং শ্রুতিসিদ্ধমেব তথা বিদ্বান্ পুণ্যপাপে বিধূয় নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতীতি হি শ্রূয়তে ইদং জ্ঞানমুপাশ্রিত্য মম সাধর্ম্ম্যমাগতা ইতি চ বক্ষ্যতে লোকে সর্ব্বমাবৃত্য তিষ্ঠতীতি লোকে যৎ বস্তুজাতম্ তৎ সর্ব্বম্ ব্যাপ্য তিষ্ঠতি পরিশুদ্ধ-স্বরূপম্ দেশাদপরিচ্ছেদরহিতত্বয়া সর্ব্বগতমিত্যর্থঃ ॥ ১৩ ॥

স্বামিকৃত টীকা। নম্বেবং ব্রহ্মণঃ সদসদ্বিলক্ষণত্বে সতি সর্ব্বম্ খল্বিদম্ ব্রহ্মৈবেদংসর্ব্ব মিত্যাদি শ্রুতির্বিরুধ্যেতেত্যাশঙ্ক্য পরাস্য শক্তির্বিবিধৈব শ্রূয়তে স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চেত্যাদিশ্রুতিপ্রসিদ্ধয়া অচিন্ত্যশক্ত্যা সর্ব্বাত্মকম্ তস্য দর্শয়ন্নাহ সর্ব্বতইতি পঞ্চভিঃ। সর্ব্বতঃ সর্ব্বত্র পাণয়ঃ পাদাশ্চ যস্য তৎ, সর্ব্বতোঽক্ষীণি শিরাংসি মুখানি চ যস্যতৎ, সর্ব্বতঃ শ্রুতিমৎ শ্রবণেন্দ্রিয়৻র্যুক্তম্ সৎলোকে সর্ব্বমাবৃত্য ব্যাপ্য তিষ্ঠতি সর্ব্বপ্রাণি প্রবৃত্তিভিঃ পাণ্যাদিভিরুপাধিভিঃ সর্ব্বব্যবহারাস্পদত্বেনতিষ্ঠতীত্যর্থঃ। ১৩ ॥

মধুসূদন সরস্বতী কৃত টীকা। এবং নিরুপাধিকস্য ব্রহ্মণঃ সচ্ছব্দপ্রত্যয়াবিষয়ত্বাদসত্ত্বা-শঙ্কায়াং নাসদিত্যনেনাপাস্তায়ামপি বিস্তরেণ তদাশঙ্কানকৃত্যর্থং সর্ব্বপ্রাণিকরণোপাধিদ্বারেণ চেতনক্ষেত্রজ্ঞরূপতয়া তদস্তিত্বম্ প্রতিপাদয়ন্নাহ সর্ব্বত্র সর্ব্বেষু দেহেষুপাণয়ঃ পাদাশ্চাচেতনাঃ স্বস্বব্যাপারেষু প্রবর্ত্তনীয়াযস্য চেতনস্য ক্ষেত্রজ্ঞস্য তৎসর্ব্বতঃ পাণিপাদং জ্ঞেয়ং ব্রহ্ম সর্ব্বা-চেতনপ্রবৃত্তীনাং চেতনাধিষ্ঠানপূর্ব্বকত্বাত্তস্মিন্ ক্ষেত্রজ্ঞে চেতনে ব্রহ্মণি জ্ঞেয়ে সর্ব্বাচেতন-বর্গপ্রবৃত্তিহেতৌ নাস্তি নাস্তিতাশঙ্কেত্যর্থঃ এবং সর্ব্বতোঽক্ষীণি শিরাংসি মুখানি চ যস্য প্রবর্ত্তনীয়ানি এবং সর্ব্বতঃ শ্রুতয়ঃ শ্রবণেন্দ্রিয়াণি যস্য প্রবর্ত্তনীয়ত্বেন সন্তি তৎসর্ব্বতোঽক্ষি-শিরোমুখং সর্ব্বতঃ শ্রুতিমল্লোকে সর্ব্বপ্রাণিনিকায়ে একমেব নিত্যং বিভুং চ সর্ব্বমচেতন-বর্গং আবৃত্য স্বসত্তয়া স্ফূর্ত্ত্যা চাধ্যাসিকেন সম্বন্ধেন ব্যাপ্য তিষ্ঠতি নির্ব্বিকারমেব স্থিতিং লভতে ন তু স্বাধ্যস্তস্য জড়প্রপঞ্চস্য দোষেণ গুণেন বাঽণুমাত্রেণাপি সংবধ্যতইত্যর্থঃ যথা চ সর্ব্বেষু দেহেষ্বেকমেব চেতনং নিত্যং চ ন প্রতিদেহং ভিন্নং তথা প্রপঞ্চিতং প্রাক্ ॥ ১৩ ॥

সর্ব্বত্র যাঁহার হস্ত পদ, সর্ব্বত্র যাঁহার নেত্র, শির ও মুখ, সর্ব্বত্র যাঁহার শ্রবণেন্দ্রিয় এবং যিনি সমস্ত অচেতন পদার্থে ব্যাপ্ত হইয়া স্থিতি করিতেছেন। ১৩ ॥

গীঃ সঃ। প্রাণিবর্গের হস্ত পদ নেত্র শির আদি ইন্দ্রিয় বর্গের প্রবৃত্তি শক্তি রূপে সর্ব্বত্র যিনি বিরাজ করেন, এবং যিনি সমস্ত অচেতন পদার্থের অধিষ্ঠান স্বরূপ ও যাঁহার সত্তায় সমস্ত পদার্থ অবস্থিত করিতেছে, তিনি চৈতন্য স্বরূপ বিভু, তিনিই মুমুক্ষুগণের জ্ঞেয় পরব্রহ্ম। ১৩ ॥

শাঙ্করভাষ্যং। উপাধিকৃতপাণিপাদাদীন্দ্রিয়াধ্যারোপণাজ্জ্ঞেয়স্য তদ্বত্তাশঙ্কা মাভূদি-ত্যেবমর্থঃ শ্লোকারম্ভঃ সর্ব্বেন্দ্রিয়েতি। সর্ব্বেন্দ্রিয়গুণাভাসং সর্ব্বাণিচ তানীন্দ্রিয়াণি শ্রোত্রা-দীনি বুদ্ধীন্দ্রিয়কর্ম্মেন্দ্রিয়াখ্যান্যন্তঃকরণে চ বুদ্ধিমনসী জ্ঞেয়োপাধিত্বস্য তুল্যত্বাৎ সর্ব্বেন্দ্রিয়-

সর্ব্বেন্দ্রিয়গুণাভাসং সর্ব্বেন্দ্রিয়বিবর্জ্জিতং।

গ্রহণেন গৃহ্যেতে অপি চান্তঃকরণোপাধিদ্বারেণৈব শ্রোত্রাদীনামপি উপাধিত্বমিত্যতোঽন্তঃ করণবহিঃকরণোপাধিভূতৈঃ সর্ব্বেন্দ্রিয়গুণৈরধ্যবসায়সঙ্কল্পশ্রবণবচনাদিভিরবভাসত ইতি সর্ব্বেন্দ্রিয় গুণাভাসং সর্ব্বেন্দ্রিয়ব্যাপারৈর্ব্যাপৃতমিব তৎজ্ঞেয়মিত্যর্থঃ ধ্যায়তীব লেলায়তীবেতি শ্রুতেঃ কস্মাৎপুনঃ কারণাৎ ব্যাপৃতমেবেতি গৃহ্যত ইত্যত আহ সর্ব্বেন্দ্রিয়বিবর্জিতং সর্ব্বকরণরহিতমিত্যর্থঃ অতোন করণব্যাপারৈর্ব্যাপৃতং তৎজ্ঞেয়ং যত্ত্বয়ং মন্ত্রোঽপাণিপাদোজবনোগ্রহীতা পশ্যত্যচক্ষুঃ সশৃণোত্যকর্ণ ইত্যাদি সর্ব্বেন্দ্রিয়োপাধিগুণানুগুণ্যভজনশক্তিমৎ তৎজ্ঞেয়মিত্যেবং প্রদর্শনার্থঃ নতু সাক্ষাদেব জবনাদিক্রিয়াবত্ত্বপ্রদর্শনার্থঃ। অন্ধোমণিমবিন্দদিত্যাদিমন্ত্রার্থবত্তস্ত মন্ত্রস্যার্থোযস্মাৎ সর্ব্বকরণবর্জিতং জ্ঞেয়ং তস্মাদসক্তং সর্ব্বসংশ্লেষবর্জিতং যদ্যপেবং তথাপি সর্ব্বভৃচ্চ এব সদাস্পদংহি সর্ব্বং সর্ব্বত্র সদ্বুদ্ধ্যনুগমাৎ হি মৃগতৃষ্ণিকাদয়োপি নিরাস্পদা ভবন্ত্যতঃ সর্ব্বভৃৎ সর্ব্বং বিভর্ত্তি ইতি স্যাদিদঞ্চান্যৎ জ্ঞেয়স্য সত্ত্বাধিগমদ্বারং নির্গুণং সত্ত্বরজস্তমাংসি গুণাস্তৈর্বর্জিতং তৎজ্ঞেয়ং তথাপি গুণভোক্তৃচ গুণানাং সত্ত্বরজস্তমসাং শব্দাদিদ্বারেণ সুখদুঃখমোহাকারপরিণতানাং ভোক্তৃ চোপলব্ধৃ তৎজ্ঞেয়মিত্যর্থঃ॥ ১৪॥

আনন্দগিরি টীকা। আরোপাদৃতে সাক্ষাদেব জ্ঞেয়স্য পাণ্যাদিমত্ত্বমাশঙ্ক্যাহ উপাধীতি। ইন্দ্রিয়বিশেষণীভূতসর্ব্বশব্দাৎ জ্ঞেয়োপাধিত্বস্যাবিশেষাচ্চাত্র বুদ্ধ্যাদেরপি গ্রহণমিত্যাহ অন্তঃকরণেচেতি। শ্রোত্রাদীনাং জ্ঞেয়োপাধিত্বস্য মনোবুদ্ধি দ্বারত্বাদপি তয়োরিহ গ্রহণমিত্যাহ অপিচেতি। তয়োরপীত্যুপাদানে ফলিতমাহ ইত্যত ইতি। অক্ষরার্থমুক্ত্বা বাক্যার্থমাহ সর্ব্বেতি। উপাধিদ্বারা কল্পিতব্যাপারবত্ত্বে মানমাহ ধ্যায়তীতি। কল্পিতমেবাস্য ব্যাপারবত্ত্বং নবাস্তবমিত্যত্র ভগবতোপি সম্মতিমাকাঙ্ক্ষাদ্বারা দর্শয়তি কস্মাদিত্যাদিনা। সর্ব্বকরণরাহিত্যে ফলিতমাহ অত ইতি। সাক্ষাদেব জ্ঞেয়স্য বেগবদ্বিহরণাদিক্রিয়াবত্তায়াং মান্ত্রবর্ণিকত্বাৎ কুতোস্য করণব্যাপারৈ রব্যাপারৈরব্যাপৃতত্বমিত্যাশঙ্কানবাদপূর্ব্বকং মন্ত্রস্য প্রকৃতানুগুণত্বমাহ যত্ত্বিতি। করণগুণানুগুণ্যভজনমন্তরেণ সাক্ষাদেব জবনাদিক্রিয়াবত্ত্বপ্রদর্শনপরত্বেমন্ত্রস্য মুখ্যার্থত্বং স্যাদিত্যাশঙ্ক্য তদসত্ত্বাদৈবমিত্যাহ অন্ধ ইতি। অর্থবাদস্য শ্রুতেরর্থে তাৎপর্য্যাভাবাৎ প্রকৃতপ্রতিকূলেনেত্যর্থঃ। সর্ব্বকরণরাহিত্যং তদ্ব্যাপাররাহিত্যস্যোপলক্ষণ মিত্যঙ্গীকৃত্যোক্তমেব হেতুং কৃত্বাবস্তুতঃ সর্ব্বসঙ্গবর্জিতত্বমাহ যস্মাদিতি। সত্ত্বতঃ সর্ব্বসঙ্গাভাবেপি সর্ব্বাধিষ্ঠানত্বমাহ যদ্যপীতি। স্বসত্তামাত্রেণাধিষ্ঠানতয়া সর্ব্বং পুষ্ণাতীত্যেতদুপপাদয়তি সদিতি। বিমতংসতি কল্পিতং প্রত্যেকং সদনুবিদ্ধধীবোধ্যত্বাৎ প্রত্যেকঘটস্রজ্ভেদানুবিদ্ধধীবোধ্যঘটস্রজ্ভেদবদিত্যর্থঃ। সর্ব্বং সদাস্পদমিত্যযুক্তং মৃগতৃষ্ণিকাদীনাং তদভাবাদিত্যাশঙ্ক্যাহ নহীতি। তেষামপি কল্পিতত্বে ন নিরধিষ্ঠানত্বাযোগাদ্ভ্রমরূপাণাং তদধিষ্ঠানং সদেবেতি সর্ব্বস্য সতি কল্পিতত্বমবিরুদ্ধমিত্যর্থঃ। সর্ব্বাধিষ্ঠানত্বেন জ্ঞেয়স্য ব্রহ্মণোঽস্তিত্বমুক্তমুপসংহরতি অত ইতি। ইতশ্চ জ্ঞেয়ং ব্রহ্মাস্তীত্যাহ স্যাদিদঞ্চেতি। নহিতস্যোপলব্ধৃত্বমসত্ত্বমসত্ত্বে সিধ্যতীত্যর্থঃ॥ ১৪॥

রামানুজ ভাষ্য। সর্ব্বেন্দ্রিয়গুণৈরাভাসো যস্য তৎ সর্ব্বেন্দ্রিয়গুণাভাসং ইন্দ্রিয়গুণা

অসক্তং সর্ব্বভৃচ্চৈব নির্গুণং গুণভোক্তৃ চ ॥ ১৪ ॥

ইন্দ্রিয়বৃত্তয়ঃ। ইন্দ্রিয়বৃত্তিভিরপি বিষয়ান্ জ্ঞাতুং সমর্থমিত্যর্থঃ স্বভাবতঃ সর্ব্বেন্দ্রিয়বিবর্জ্জিতং বিনেন্দ্রিয়বৃত্তিভিঃ সর্ব্বং জানাতীত্যর্থঃ। অসক্তং স্বভাবাদেব দেবাদি সঙ্গরহিতং সর্ব্বভৃচ্চৈব দেবাদিদেহভরণসমর্থঞ্চ। স একধা ভবতি দ্বিধা ভবতি ত্রিধা ভবতীত্যাদি শ্রুতেঃ। নির্গুণং তথা স্বভাবতঃ সত্ত্বাদিগুণরহিতং গুণভোক্তৃ চ সত্ত্বাদীনাং গুণানাং ভোগসমর্থঞ্চ ॥ ১৪ ॥

স্বামিকৃত টীকা। কিঞ্চ সর্ব্বেন্দ্রিয়েতি। সর্ব্বেষাং চক্ষুরাদীনামিন্দ্রিয়াণাং গুণেষু রূপাদ্যাকারাসু বৃত্তিষু তত্তদাকারেণাভাসত ইতি তথা, সর্ব্বেন্দ্রিয়াণি গুণাংশ্চ তত্তদ্বিষয়ানাভাসয়তীতি বা সর্ব্বৈরিন্দ্রিয়ৈর্বিবর্জ্জিতঞ্চ। তথা চ শ্রুতিঃ। অপাণিপাদো জবনো গ্রহীতা পশ্যত্যচক্ষুঃ স শৃণোত্যকর্ণ ইত্যাদি অসক্তং সঙ্গশূন্যং তথাপি সর্ব্বং বিভর্ত্তীতি সর্ব্বভৃৎ সর্ব্বস্যাধারভূতং তদেব নির্গুণং সত্ত্বাদিগুণরহিতং গুণভোক্তৃ চ গুণানাং সত্ত্বাদীনাং ভোক্তৃ পালকং ॥ ১৪ ॥

মধুসূদন সরস্বতীকৃত টীকা। 'অধ্যারোপাপবাদাভ্যাং নিঃপ্রপঞ্চং প্রপঞ্চ্যত ইতি' ন্যায়মনুসৃত্য সর্ব্বপ্রপঞ্চাধ্যারোপেণানাদিমৎপরং ব্রহ্মেতি ব্যাখ্যাতমধুনা তদপবাদেন নসত্তন্নাসদুচ্যত ইতি ব্যাখ্যাতুমারভতে নিরুপাধিস্বরূপজ্ঞানায় পরমার্থতঃ সর্ব্বেন্দ্রিয়বিবর্জ্জিতং তন্মায়য়া সর্ব্বেন্দ্রিয়গুণাভাসং সর্ব্বেষাং বহিঃকরণানাং শ্রোত্রাদীনামন্তঃকরণয়োশ্চ বুদ্ধিমনসোর্গুণৈরধ্যবসায়সঙ্কল্পশ্রবণবচনাদিভিস্তত্তদ্বিষয়রূপতয়া বভাসত ইব সর্ব্বেন্দ্রিয়ব্যাপারৈর্ব্যাপৃতমিব তজ্জ্ঞেয়ং ব্রহ্ম 'ধ্যায়তীব লেলায়তীবেতি' শ্রুতেঃ অত্র ধ্যানং বুদ্ধীন্দ্রিয়ব্যাপারোপলক্ষণং লেলায়নং চলনং কর্ম্মেন্দ্রিয়ব্যাপারোপলক্ষণার্থং তথা পরমার্থতোঽসক্তং সর্ব্বসম্বন্ধশূন্যমেব মায়য়া সর্ব্বভৃচ্চ সদাত্মনা সর্ব্বং কল্পিতং ধারয়তি পোষয়তীতি চ সর্ব্বভৃৎ নিরধিষ্ঠানভ্রমাযোগাৎ যথা পরমার্থতো নির্গুণং সত্ত্বরজস্তমোগুণরহিতমেব গুণভোক্তৃ চ গুণানাং সত্ত্বরজস্তমসাং শব্দাদিদ্বারা সুখদুঃখমোহাকারেণ পরিণতানাং ভোক্তৃ উপলব্ধৃ চ তজ্জ্ঞেয়ং ব্রহ্মেত্যর্থঃ ॥ ১৪ ॥

তিনি ইন্দ্রিয় বর্জ্জিত অথচ সমস্ত ইন্দ্রিয়ে ভাসমান, তিনি সর্ব্ব সম্বন্ধ বিহীন হইয়াও সমস্ত পদার্থই ধারণ করিয়া রহিয়াছেন, ও তিনি সত্ত্বাদি গুণ রহিত ও তত্তদ্গুণের ভোক্তা রূপে বিদ্যমান। ১৪ ॥

গীঃ সঃ। তাঁহার নিজ ইন্দ্রিয় নাই, কিন্তু তাঁহার শক্তি ভিন্ন হস্ত পদাদির কার্য্য কেহ করিতে পারেনা, শ্রবণ, কথন, সংকল্প, নিশ্চয় আদি, শ্রোত্র, বাক্, মন, বুদ্ধির ক্রিয়াও তাঁহারই শক্তিতে পরিচালিত, সেই পরমাত্মা নিষ্ক্রিয় হইলেও সমস্ত ক্রিয়ার মূল তিনিই, তিনি চক্ষু হীন হইয়াও দর্শন করেন, শ্রুতি বর্জ্জিত হইয়াও শ্রবণ করেন, আবার তিনি কাহারও সঙ্গ বা সম্বন্ধ যুক্ত নহেন, কিন্তু তাঁহাকে অবলম্বন করিয়াই ত্রিজগৎ বিদ্যমান্ রহিয়াছে, তিনি স্বয়ং নির্গুণ অথচ গুণ সমূহ উপলব্ধি করেন। শ্রুতি বলিয়াছেন "সাক্ষী চেতা কেবলো নির্গুণশ্চ" তিনি সকলের সাক্ষী, চৈতন্য স্বরূপ, অদ্বিতীয় ও গুণ বর্জ্জিত। ১৪ ॥

বহিরন্তশ্চ ভূতানামচরং চরমেব চ।

শাঙ্করভাষ্যং। কিঞ্চ বহিরন্তরিতি। বহিস্ত্বক্‌পর্য্যন্তং দেহমাত্মত্বেনাবিদ্যাকল্পিতমপেক্ষ্য তমেবাবধিং কৃত্বা বহিরুচ্যতে তথা প্রত্যগাত্মানমপেক্ষ্য দেহমেবাবধিং কৃত্বান্তরুচ্যতে বহিরন্তশ্চেত্যুক্তে মধ্যে অভাবে প্রাপ্তইদমুচ্যতে অচরমেবচ যচ্চরাচরংদেহাভাসমপি তদেব জ্ঞেয়ং যথা রজ্জুসর্পাভাসং যদ্যচরঞ্চরমেবচ ব্যবহারবিষয়ং সর্ব্বং জ্ঞেয়ং কিমর্থমিদমিতি সর্ব্বৈর্ন জ্ঞেয়মিত্যুচ্যতে সত্যং সর্ব্বাভাসং তথাপি ব্যোমবৎ সূক্ষ্মমতঃ সূক্ষ্মত্বাৎ স্বেন রূপেণ তৎ জ্ঞেয়মপ্যবিজ্ঞেয়মবিদুষাং বিদুষাং ত্বাত্মৈবেদং সর্ব্বং ব্রহ্মৈবেদং সর্ব্বমিত্যাদি প্রমাণতো নিত্যং বিজ্ঞাতং অবিজ্ঞাততয়া দূরস্থং বর্ষসহস্রকোট্যাপ্যবিদুষামপ্রাপ্যত্বাদন্তিকে চ তদাত্মত্বাৎ বিদুষাং ॥ ১৫ ॥

আনন্দগিরি টীকা। ইতোপি জ্ঞেয়ং ব্রহ্মাস্তীত্যাহ কিঞ্চেতি। বহিরিতি ব্যাখ্যেয়মাদায় ব্যাচষ্টে ত্বগিতি। ভূতেভ্যোবহির্বাহ্যং বিষয়াদ্যাত্মকমিত্যর্থঃ। কথমনাত্মনএবাত্মত্বং কল্পনেত্যাহ আত্মত্বেনেতি। অন্তঃশব্দার্থমাহ তথেতি। ভূতানাঞ্চরাচরাণামন্তর্মধ্যেপ্রত্যগ্‌ভূতমিত্যর্থঃ দ্বিতীয়ংপাদমবতার্য্য ব্যাচষ্টে বহিরিত্যাদিনা। যন্মধ্যেভূতাত্মকং নানাবিধদেহাত্মনা ভাসমানং তদপি জ্ঞেয়াদ্ভূতং নতুসদিত্যর্থঃ। কথঞ্চরাচরাত্মনোভূতজাতস্য জ্ঞেয়ত্বং তত্রাহ যথেতি। অধিষ্ঠানে রজ্জ্বাং কল্পিতসর্পাদেরন্তর্ভাববদ্দেহাভাসস্যাপিজ্ঞেয়াস্বভাবান্নাসত্ত্বং মধ্যে জ্ঞেয়স্য শঙ্কিতব্যমিত্যর্থঃ। সর্ব্বাত্মকঞ্চেৎ জ্ঞেয়ং সর্ব্বৈরিদমিতি কিমিতি নগৃহ্যতেতিশঙ্কতে যদীতি। ইদমিতি গ্রাহ্যত্বযোগ্যত্বাভাবান্নেত্যাহ উচ্যতইতি। সর্ব্বস্যাত্মনাভাসতস্তদযোগ্যত্বং কথমিত্যাশঙ্ক্যাহ সত্যমিতি। সূক্ষ্মত্বেপি কিংস্যাদিত্যাশঙ্ক্যাহ অতইতি। সূক্ষ্মত্বমতীন্দ্রিয়ত্বং তস্যাবিজ্ঞেয়ত্বে কুতস্তজ্‌জ্ঞানান্মুক্তিস্তত্রাহ অবিদুষামিতি। বিশেষণফলমাহ বিদুষান্ত্বিতি। বিদুষাং হিতেষামাত্মত্বেন জ্ঞাতঞ্চেৎ কথং দূরস্থত্বমিত্যাশঙ্ক্যাহ অবিজ্ঞাততয়েতি। কথং তর্হি তস্য প্রত্যক্‌ত্বন্ত্বাহ অন্তিকে চেতি। বিদ্বদবিদ্বদ্ভেদাপেক্ষয়া দূরাৎ সুদূরে তদিহান্তিকে চেতি শ্রুতিঃ তদর্থোক্ত্যা প্রসংগাদনূদিতইত্যর্থঃ ॥১৫॥

রামানুজ ভাষ্য। বহিরন্ত ইতি। পৃথিব্যাদি ভূতানি পরিত্যজ্য শরীরাদ্বহির্ব্বর্ত্ততে তেষামন্তশ্চ বর্ত্ততে জক্ষন্ ক্রীড়ন্ রমমাণঃ স্ত্রীভির্ব্বা যানৈর্ব্বেত্যাদি শ্রুতিসিদ্ধ স্বচ্ছন্দ বৃত্তিষু। অচরং চরমেব চ স্বভাবতোঽচরং চরং দেহিত্বে সূক্ষ্মত্বাত্তদবিজ্ঞেয়ং। এবং সর্ব্বশক্তিযুক্তং সর্ব্বজ্ঞং তদাত্মতত্ত্বং। অস্মিন্ ক্ষেত্রে বর্ত্তমানমপি অতিসূক্ষ্মত্বাৎ পৃথক্‌ত্বেন সংসারিভির্ন বিজ্ঞেয়ং দূরস্থঞ্চান্তিকেচতৎ অমানিত্বাদ্যুক্তগুণরহিতানাং পুংসাং স্বদেহে বর্ত্তমানমপ্যতিদূরস্থং তথামানিত্বাদিগুণোপেতানাং তদেবান্তিকে চ বর্ত্ততে। ১৫ ॥

স্বামিকৃত টীকা। কিঞ্চ বহিরিতি। ভূতানাং চরাচরাণাং স্বকার্য্যাণাং বহিশ্চান্তশ্চ তদেব সুবর্ণমিব কটককুণ্ডলাদীনাং জলতরঙ্গানামন্তর্ব্বহির্জ্জলমিবঅচরং স্থাবরং চরঞ্চ জঙ্গমং ভূতজাতং তদেব কারণাত্মকত্বাৎ কার্য্যস্য। এবমপি সূক্ষ্মত্বাৎ রূপাদিহীনত্বাত্তদবিজ্ঞেয়ং ইদং তদিতি স্পষ্টজ্ঞানার্হংন ভবতি। এতদবিদুষাং যোজনলক্ষান্তরিতমিব দূরস্থঞ্চ সবিকারায়াঃ প্রকৃতেঃ পরত্বাৎ। বিদুষাং পুনঃ প্রত্যগাত্মত্বাদন্তিকে চ তৎ নিত্যসন্নিহিতং। অথা চ মন্ত্রঃ। তদেজতি তন্নৈজতি তদ্দূরে তদ্বন্তিকে তদন্তরস্য সর্ব্বস্য তদু সর্ব্বস্যাস্য বাহ্যতইতি। এজতি চলতি নৈজতি ন চলতি তৎ উঅন্তিকেইতি চ্ছেদঃ ॥ ১৫ ॥

সূক্ষ্মত্বাত্তদবিজ্ঞেয়ং দূরস্থং চান্তিকে চ তৎ ॥ ১৫ ॥
অবিভক্তঞ্চ ভূতেষু বিভক্তমিব চ স্থিতং।

মধুসূদন সরস্বতী কৃত টীকা। ভূতানাং ভবনধর্ম্মণাং সর্ব্বেষাং কার্য্যাণাং কল্পিতানাম্ কল্পিতমধিষ্ঠানমেকমেব বহিরন্তশ্চ রজ্জুরিব স্বকল্পিতানাং সর্পধারাদীনাং সর্ব্বাত্মনা ব্যাপক মিত্যর্থঃ অতএব অচরং স্থাবরং চরং চ জঙ্গমং ভূতজাতং তদেব অধিষ্ঠানাত্মকত্বাৎ কল্পিতানাং ন ততঃ কিংচিদ্ব্যতিরিচ্যতইত্যর্থঃ এবং সর্ব্বাত্মকত্বেপি সূক্ষ্মত্বাদ্রূপাদিহীনত্বাত্তদবিজ্ঞেয়ং ইদমেবমিতি স্পষ্টজ্ঞানার্হং ন ভবতি অতএবাত্মজ্ঞানসাধনশূন্যানাং বর্ষসহস্রকোট্যাপ্যপ্রাপ্যত্বাৎ দূরস্থং চ যোজনলক্ষকোট্যান্তরিতমিব তৎ জ্ঞানসাধনসম্পন্নানান্তু অন্তিকে চ তৎ অত্যন্তব্যবহিতমেব আত্মত্বাৎ দূরাৎ সুদূরে তদিহান্তিকে চ পশ্যৎস্বিহৈব 'নিহিতং গুহায়ামিত্যাদি' শ্রুতিভ্যঃ। ১৫ ॥

সমস্ত বস্তুরই বাহ্য ও অভ্যন্তর তিনি, স্থাবর ও জঙ্গমও তিনি, সূক্ষ্মাতিসূক্ষ্ম জন্য অবিজ্ঞেয় তিনি, তিনি দূর হইতেও দূরে ও অতি নিকট হইতেও নিকট। ১৫ ॥

গীঃ সঃ। যেমন কুণ্ডলের ভিতর ও বাহির সর্ব্বত্রই স্বর্ণ, অর্থাৎ সুবর্ণ ব্যতীত তাহাতে আর কিছুই দৃষ্ট হয় না, সেইরূপ দৃশ্য জগতের বাহ্য অভ্যন্তর সমস্তই তিনি, অর্থাৎ যাহা কিছু আছে, তৎ সমস্তই তিনি। তিনি "সূক্ষ্মত্বাৎ সূক্ষ্মতরং নিত্যং" (শ্রুতিঃ) সুতরাং শতকোটী বর্ষ চেষ্টা করিলেও তাঁহাকে সম্পূর্ণ রূপে বিদিত হওয়া যায় না। অবিশ্বাসী, অবিবেকী ও বৈরাগ্য বিহীন ব্যক্তির পক্ষে তিনি দূর হইতেও অতি দূরে প্রতীত হয়েন, আবার ভক্তিমান্ বিবেকবৈরাগ্যবান্ ও সংযতাত্ম পুরুষের পক্ষে তিনি নিকট হইতেও অতি নিকট বলিয়া প্রতীত হইয়া থাকেন। ১৫ ॥

শাঙ্করভাষ্যং। কিঞ্চ অবিভক্তমিতি। অবিভক্তঞ্চ প্রতিদেহং ব্যোমবৎ তদেকং ভূতেষু সর্ব্বপ্রাণিষু বিভক্তমিব চ স্থিতং দেহেষ্বেব বিভাব্যমানত্বাৎ ভূতভর্ত্তৃ চ ভূতানি বিভর্ত্তীতি তৎ জ্ঞেয়ং ভূতভর্ত্তৃ চ স্থিতিকালে প্রলয়কালে গ্রসিষ্ণু গ্রসনশীলং উৎপত্তিকালে প্রভবিষ্ণু চ প্রভবনশীলং যথা রজ্জ্বাদিঃ সর্পাদের্মিথ্যাকল্পিতস্য ॥ ১৬ ॥

আনন্দগিরি টীকা। জ্ঞেয়স্যাদ্বিতীয়ত্বে হেতুমাহ কিঞ্চেতি। তদ্ধি প্রতিদেহং নভোবদেকং তদ্ভেদে মানাভাবাৎ ভিন্নত্বে চ ঘটবদনাত্মত্বাপাতাদতোঽদ্বিতীয়ং সর্ব্বত্র প্রত্যগ্ভূতং জ্ঞেয়ং নাস্তীত্যতিসাহসমিত্যাহ অবিভক্তঞ্চেতি। কথং তর্হি দেহভেদে ভেদধীরিত্যাশঙ্ক্য কল্পনয়েত্যাহ ভূতেষ্বিতি। তত্র হেতুঃ দেহেষ্বিতি। কার্য্যাণাং স্থিতিহেতুত্বাচ্চ জ্ঞেয়মদ্বীত্যাহ ভূতেতি। নিমিত্তোপাদানতয়া তেষাং প্রলয়ে প্রভবে চ কারণত্বাচ্চতদদ্বীত্যাহ প্রলয়েতি। তর্হি কার্য্যকারণত্বে বস্তুত্বাদ্বৈতমিত্যাশঙ্ক্যাহ যথেতি ॥ ১৬ ॥

রামানুজ ভাষ্য। অবিভক্তমিতি। দেবমনুষ্যাদিভূতেষু সর্ব্বত্র স্থিতমাত্মবস্তুবেদিতৃত্বৈকাকারতয়া বিভক্তং অবিদুষাং দেবাদ্যাকারেণায়ং দেবো মনুষ্য ইতি বিভক্তমিব চ স্থিতং

ভূতভর্ত্তৃ চ তজ্‌জ্ঞেয়ং গ্রসিষ্ণু প্রভবিষ্ণু চ ॥ ১৬ ॥

দেবোঽহং মনুষ্যোঽহমিতি দেহসামানাধিকরণ্যেনানুসন্ধীয় স মম্যিশ্বেদিতৃত্বেন দেহার্থান্তরত্বং জ্ঞাতুং শক্যমিত্যাত্মাক্ষমেতদেয়া বেত্তীতি। ইদানীং প্রকারান্তরতশ্চ দেহাদর্থান্তরত্বেন জ্ঞাতুং শক্যমিত্যাহ ভূতভর্ত্তৃচেতি ভূতানাং দেহরূপেণ সংহতানাং যদ্ভর্ত্তৃ তদ্ভর্ত্তব্যেভ্যো ভূতেভ্যোঽর্থান্তরং জ্ঞেয়ং অর্থান্তরমিতি জ্ঞাতুং শক্যমিত্যর্থঃ। তথা গ্রসিষ্ণু অন্নাদীনাং ভৌতিকানাং গ্রসিষ্ণু গ্রস্যমানেভ্যো ভূতেভ্যোঽর্থান্তরভূতমিতি জ্ঞাতুং শক্যমিত্যর্থঃ প্রভবিষ্ণু চ প্রভবহেতুঃ চ গ্রস্তানামন্নাদীনামাকারান্তরেণ পরিণতানাং প্রভবহেতুত্বেভ্যোঽর্থান্তরমিতি জ্ঞাতুং শক্যমিত্যর্থঃ। মৃতশরীরে গ্রসন প্রভবাদীনামদর্শনাৎ ভূতসংঘাতরূপে ক্ষেত্রে গ্রসন প্রভাব ভরণ-হেতুরিতি নিশ্চীয়তে॥ ১৬ ॥

স্বামিকৃত টীকা। কিঞ্চ অবিভক্তমিতি। ভূতেষু স্থাবরজঙ্গমাত্মকেষবিভক্তং কারণাত্মনাঽভিন্নং কার্য্যাত্মনা বিভক্তং ভিন্নমিব স্থিতং চ সমুদ্রাজ্জাতং ফেনাদি সমুদ্রাদন্যন্ন ভবতি তৎ স্বরূপমেবোক্তং জ্ঞেয়ং ভূতানাং ভর্তৃ চ পোষকম্ স্থিতিকালে প্রলয়কালে চ গ্রসিষ্ণু গ্রসনশীলং সৃষ্টিকালে চ প্রভবিষ্ণু নানাকার্য্যাত্মনা প্রভবনশীলং॥ ১৬ ॥

মধুসূদন সরস্বতী কৃত টীকা। যদুক্তমেকমেব সর্বমাবৃত্য তিষ্ঠতীতি তাদ্বৃণোতি প্রতিদেহমাত্মভেদবাদিনাং নিরাসায় ভূতেষু সর্বপ্রাণিষু অবিভক্তমভিন্নমেকমেবং তৎ ন তু প্রতিদেহং ভিন্নঃ ব্যোমবৎ সর্বব্যাপকত্বাৎ তথাপি দেহতাদাত্ম্যেন প্রতীয়মানত্বাৎ প্রতিদেহং বিভক্তমিব চ স্থিতং ঔপাধিকত্বেনাপারমার্থিকোব্যোম্নীব তত্র ভেদাবভাসইত্যর্থঃ নন্বস্তু ক্ষেত্রজ্ঞঃ সর্বব্যাপক একঃ ব্রহ্ম তু জগৎকারণং ততোভিন্নমেবেতি নেত্যাহ ভূতভর্তৃ চ ভূতানি সর্বাণি স্থিতিকালে বিভর্ত্তীতি তথা প্রলয়কালে গ্রসিষ্ণু গ্রসনশীলং উৎপত্তিকালে প্রভবিষ্ণুচ প্রভবনশীলং সর্বস্য যথা রজ্জ্বাদিঃ সর্পাদেরাকারিতস্য তস্মাদাজ্জাতঃ স্থিতিলয়োৎপত্তিকারণং ব্রহ্ম তদেব ক্ষেত্রজ্ঞং প্রতিদেহমেকং জ্ঞেয়ং ন ততোঽন্যদিত্যর্থঃ। ১৬ ॥

তিনি সর্ব্বভূতে অবিভক্ত থাকিয়াও প্রত্যেক প্রাণীতে ভিন্ন ভিন্ন বলিয়া প্রতীত হয়েন, তিনি ভূত সকল ধারণ করিয়া আছেন, তিনি ভূত সকলের সংহর্ত্তা ও উৎপাদন কর্ত্তা ॥ ১৬ ॥

গীঃ সঃ। যেমন অগ্নি এক হইয়াও ভিন্ন ২ কাষ্ঠ দণ্ডে স্থিতি নিবন্ধন ভিন্ন ২ বলিয়া বোধ হয়, তদ্রূপ ভিন্ন ২ প্রাণীতে এক পরমাত্মাকে ভিন্ন ভিন্ন রূপে বোধ হয়। পাছে ক্ষেত্রজ্ঞ ও পরব্রহ্মে অর্জ্জুনের ভিন্নতা বোধ হয় এই জন্য ভগবান্ কহিলেন, যে তাঁহাতেই ভূত সকলের স্থিতি, তাঁহাতেই লয় ও তাঁহা হইতেই উৎপত্তি হইয়া থাকে। সেই ব্রহ্মই সমস্ত ভূতে ক্ষেত্রজ্ঞ রূপে বিরাজ করিতেছেন ॥ ১৬ ॥

শাঙ্করভাষ্যং। কিঞ্চ সর্বত্র বিদ্যমানং সন্নোপলভ্যতে চেৎ জ্ঞেয়ং তমস্তর্হি ন, কিং তর্হি জ্যোতিষামপীতি। জ্যোতিষাং আদিত্যাদীনামপি তৎ জ্ঞেয়ং জ্যোতিরাত্মচৈতন্যজ্যোতিষেদ্ধানি হি আদিত্যাদীনি জ্যোতীংষি দীপ্যন্তে যেন সূর্য্যস্তপতি তেজসেদ্ধস্য ভাসা সর্বমিদং বিভাতীত্যাদি শ্রুতিভ্যঃ স্মৃতেশ্চ ইহৈব যদাদিত্যগতং তেজইত্যাদেস্তমসোঽজ্ঞানাৎ পরম-

জ্যোতিষামপি তজ্জ্যোতিস্তমসঃ পরমুচ্যতে।

স্পৃষ্টমুচ্যতে জ্ঞানমিতি। জ্ঞানাদেরহৃ্সম্পাদনবুদ্ধ্যা প্রাপ্তাবসাদস্তোক্তং তনার্থমাহ জ্ঞানমমানিত্বাদি জ্ঞেয়ং জ্ঞেয়ং যৎ তৎ প্রবক্ষ্যামীত্যাদিনোক্তং জ্ঞানগম্যং জ্ঞেয়মেব জ্ঞাতং সৎজ্ঞান ফলমিতি জ্ঞানগম্যমুচ্যতে জ্ঞায়মানত্ব জ্ঞেয়ং তদেতত্রয়মপি হৃদিবুদ্ধৌ সর্ব্বস্য প্রাণিজাতস্য বিষ্ঠিতং বিশেষেণ স্থিতং। ১৭॥

আনন্দগিরি টীকা। ইতোপি জ্ঞেয়ত্বাৎস্থিতমিত্যাহ কিঞ্চেতি। হেত্বন্তরমেব স্ফোরয়িতুং শঙ্কয়তি সর্ব্বমেতি। ন তত্তমোমস্ত্যমিত্যাহ নেতি। তর্হি কিমস্য রূপমিতি পৃচ্ছতি কিং তদিতি। তত্রোত্তরং জ্যোতিষামিতি। সূর্য্যাদীনাং বুদ্ধ্যাদীনাঞ্চ প্রকাশকত্বাৎ অস্তি জ্ঞেয়ং ব্রহ্মেত্যাহ জ্যোতিষামিতি। তদেবোপপাদয়তি আত্মেতি। তত্র শ্রুতিমুদাহরণং প্রমাণয়তি যেনেতি। উক্তেহর্থে বাক্যশেষমপি দর্শয়তি স্মৃতেশ্চেতি। জ্ঞেয়স্যানঃ তমস্থেপি ত মস্পষ্টত্ত্বমাশঙ্ক্যোক্তং তমসইতি। উত্তরার্দ্ধস্য তাৎপর্য্যমাহ জ্ঞানাদেরিতি। উক্তানমূর্দ্ধাপনং প্রকটীকরণমিতি যাবৎ, জ্ঞানমমানিত্বাদি করণব্যুৎপত্তেরোতিশেষঃ। জ্ঞানগম্যং জ্ঞেয়মিতি পুনরুক্তিং শঙ্কিত্বোক্তং জ্ঞেয়মিতি। উক্তত্রয়স্য বুদ্ধিস্থতয়া প্রাকট্যং প্রকটয়তি তদেতদিতি॥ ১৭॥

রামানুজ ভাষ্য। জ্যোতিষামিতি। জ্যোতিষাং দীপাদিত্যাদি প্রভৃতীনামপি তদেব জ্যোতিঃ। প্রকাশকং দীপাদিত্যাদীনপি আত্মপ্রভারূপ জ্ঞানমেব প্রকাশয়তি দীপাদয়স্তু বিষয়েন্দ্রিয়সন্নিকর্ষবিরোধি সন্তমসং নিরসনমাত্রং কুর্ব্বতে। তাবন্মাত্রেণৈব তেষাং প্রকাশকত্বং তমসঃ পরমুচ্যতে তমঃ শব্দঃ সূক্ষ্মাবস্থপ্রকৃতিবচনঃ প্রকৃতেঃ পরমুচ্যতইত্যর্থঃ অতো জ্ঞানং জ্ঞেয়ং জ্ঞানৈকাকারমিতি জ্ঞেয়ং তচ্চ জ্ঞানগম্যং অমানিত্বাদিভিরুক্তৈর্জ্ঞানসাধনৈঃ। প্রাপ্যমিত্যর্থঃ হৃদি সর্ব্বস্যধিষ্ঠিতং সর্ব্বস্য মনুষ্যাদেহৃদি বিশেষেণাবস্থিতং সন্নিহিতং॥ ১৭॥

স্বামিকৃত টীকা। কিঞ্চ জ্যোতিষামপীতি। জ্যোতিষাং সূর্য্যাদীনামপি তৎজ্যোতিঃ প্রকাশকং, যেন সূর্য্যস্তপতি তেজসেদ্ধঃ ন তত্র সূর্য্যোভাতি ন চন্দ্রতারকং নেমাবিদ্যুতোভান্তি কুতোহয়মগ্নিস্তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতীত্যাদিশ্রুতেঃ। অতএব তমসোহজ্ঞানাৎ পরং তেনাসংস্পৃষ্টমুচ্যতে, আদিত্যবর্ণং তমসঃ পরস্তাদিত্যাদিশ্রুতেঃ। জ্ঞানঞ্চ তদেব বুদ্ধিবৃত্তাবভিব্যক্তং তদেব রূপাদ্যাকারেণ জ্ঞেয়ঞ্চ জ্ঞানগম্যঞ্চ তদেব অমানিত্বাদিলক্ষণেন পূর্ব্বোক্তজ্ঞানসাধনেন প্রাপ্যমিত্যর্থঃ, জ্ঞানগম্যং বিশিনষ্টি সর্ব্বস্য প্রাণিমাত্রস্য হৃদি বিষ্ঠিতং বিশেষেণাপ্রচ্যুতস্বরূপেণ নিয়ন্তৃতয়া স্থিতং। ধিষ্ঠিতমিতিপাঠে অধিষ্ঠায় স্থিতমিত্যর্থঃ॥ ১৭॥

মধুসূদন সরস্বতীকৃত টীকা। নমু সর্ব্বস্য বিভাসানমপি তদ্যোগ্যকাশতে চেত্তর্হি জড়মেব স্যাৎ ন স্যাৎস্বয়ংজ্যোতিষোপি তস্য রূপাদিহীনত্বেনেন্দ্রিয়াদ্যগ্রাহত্বোপপত্তেরিত্যাহ তৎ জ্ঞেয়ং ব্রহ্ম জ্যোতিষামবভাসকানামাদিত্যাদীনাং বুদ্ধ্যাদীনাঞ্চ বাহ্যানামান্তরাণামপি জ্যোতিরবভাসকং চৈতন্যজ্যোতিষোজড়জ্যোতিরবভাসকত্বোপপত্তেঃ যেনসূর্য্যস্তপতি তেজসেদ্ধঃ তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতীত্যাদি' শ্রুতিভ্যশ্চ নতত্তিত্ত যদাদিত্যগতং তেজইত্যাদি স্মরং জড়ত্বাভাবেপি জড়ত্বসংস্পৃষ্টং স্যাদিতি নেত্যাহ তমসোজ্ঞানতৎকার্য্যাত্তামপারমার্থিকাত্তামসংস্পৃষ্টং পারমার্থিক তদব্রহ্ম সমসত্তোঃ সম্বন্ধাযোগাৎ উচ্যতে 'অক্ষরাৎপরতঃ পরইত্যাদি' শ্রুতিভির্বাদিভিশ্চ, তদুক্তং 'নিঃসঙ্গস্য সসঙ্গেন কূটস্থস্য বিকারিণা আত্মনোনাত্মনা যোগোবাস্তবোনোপপদ্যতে'। 'আদিত্যবর্ণং তমসঃ পরস্তা-

জ্ঞানং জ্ঞেয়ং জ্ঞানগম্যং হৃদি সর্ব্বস্য বিষ্ঠিতং ॥ ১৭ ॥

দিত্তি' শ্রুতেশ্চ আদিত্যবর্ণমিতি শ্রুতানে প্রকাশান্তরানপেক্ষং সর্ব্বস্য প্রকাশকমিত্যর্থঃ যস্মাত্তৎস্বয়ং জ্যোতির্জড়াসংস্পৃষ্টং অতএব তজ্জ্ঞানং প্রমাণজন্যচেতোবৃত্ত্যভিব্যক্তসাক্ষিরূপং অতএব তদেব জ্ঞেয়ং জ্ঞাতুমর্হমজ্ঞাতত্বাৎ জড়স্যাজ্ঞাতত্বাভাবেন জ্ঞাতুমনর্হত্বাৎ কথং তর্হি সর্ব্বৈর্ন জ্ঞায়তে তত্রাহ জ্ঞানগম্যং পূর্ব্বোক্তেনামানিত্বাদিনা তত্ত্বজ্ঞানার্থদর্শনান্তেন সাধনকলাপেন জ্ঞানহেতুতয়া জ্ঞানশব্দিতেন গম্যং প্রাপ্যং ন তু তদ্বিনেত্যর্থঃ নমু সাধনেন গম্যং চেত্তৎ কিং দেশান্তরব্যবহিতং নেত্যাহ হৃদি সর্ব্বস্য বিষ্ঠিতং সর্ব্বস্য প্রাণিজাতস্য হৃদি বুদ্ধৌ বিষ্ঠিতং সর্ব্বত্র সামান্যেন স্থিতমপি বিশেষরূপেণ তত্র স্থিতমভিব্যক্তং জীবরূপেণান্তর্যামিরূপেণ চ গৌরং তেজইবাদর্শসূর্য্যকান্তাদৌ অব্যবহিতমেব বস্তুতোভ্রান্ত্যা ব্যবহিতমিব সর্ব্বভ্রমকারণাজ্ঞাননিবৃত্ত্যা প্রাপ্যমিত্যর্থঃ ॥ ১৭ ॥

তিনি সূর্য্যাদি জ্যোতির জ্যোতিঃস্বরূপ, জড়বর্গ রূপ তম শক্তির অতীত, তিনি জ্ঞান, তিনি জ্ঞেয় ও তিনিই জ্ঞানগম্য এবং তিনি সকলের বুদ্ধিরূপে অবস্থিতি করিতেছেন। ১৭ ॥

গীঃ সঃ। আদিত্যোদ্দু বিদ্যুদগ্নি আদি প্রকাশক পদার্থ পুঞ্জের প্রকাশ শক্তি তিনি অর্থাৎ পরব্রহ্মের দিব্য জ্যোতিতেই ইহাদের এত জ্যোতি। শ্রুতিও বলিয়াছেন—"যেন সূর্য্যস্তপতি তেজসেদ্ধঃ। তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি"। ব্রহ্মের তেজেই সূর্য্য তাপ যুক্ত ও তাঁহারই দিব্য প্রকাশে সমস্ত জগৎ প্রকাশিত রহিয়াছে সূর্য্যাদি জড়বর্গের সহিত সম্বন্ধ থাকে পাছে অর্জ্জুন মনে করেন, যে তবে পরব্রহ্মও জড় স্বভাব যুক্ত, সেইজন্য ভগবান্ বলিলেন, যে তিনি কার্য্য প্রপঞ্চ সহিত অবিদ্যারূপ অন্ধকারের অতীত; তিনি কেবল অলৌকিক জ্যোতিঃ নহেন, বিশুদ্ধ চিত্তবৃত্তির অভিব্যক্তি রূপ সম্বিৎ বা জ্ঞান স্বরূপ তিনি, জ্ঞানোদয় হইলে যাঁহাকে জীব জানিতে চায়, সেই জ্ঞেয় পদার্থও তিনি এবং এই অধ্যায়ের প্রথমে যে জ্ঞানের সাধনাঙ্গ রাশি কথিত হইয়াছে, সেই ক্রম ব্যতীত তিনি কোন রূপ কল কৌশলে প্রকাশিত হয়েন না, সূর্য্যাদির ন্যায় তিনি দূরস্থ নহেন, তিনি সকল জীবের আত্মা রূপে অবস্থিতি করিতেছেন; চিত্তের নির্ম্মলতা হইলেই তিনি সকলের অব্যবহিত রূপে অনুভূত হয়েন। ১৭ ॥

শাঙ্করভাষ্যং। তথৈব, হি এবং বিভাষাতে যথোক্তার্থোয়ং শ্লোকআরভ্যতে ইতি ক্ষেত্রমিতি। ইত্যেবং ক্ষেত্রং মহাভূতাদি ধৃত্যন্তং তথা জ্ঞানমমানিত্বাদি তত্ত্বজ্ঞানার্থদর্শনপর্য্যন্তং জ্ঞেয়ঞ্চ জ্ঞেয়ং যত্তৎপ্রবক্ষ্যামীত্যাদি গুণভোক্তৃ চেত্যেবমন্তং সমাসতঃ সংক্ষেপত এতাবান্ সর্ব্বোহি বেদার্থো গীতার্থশ্চোপসংহৃত্যোক্তঃ অস্মিন্ সম্যক্ দর্শনে কোধিক্রিয়ত ইত্যুচ্যতে মদ্ভক্তো ময়ীশ্বরে সর্ব্বজ্ঞে পরমগুরৌ বাসুদেবে সমর্পিতসর্ব্বাত্মভাবো যৎ পশ্যতি শৃণোতি স্পৃশতি বা সর্ব্বমেব ভগবান্ বাসুদেব ইত্যেবং গ্রহাবিষ্টবুদ্ধির্মদ্ভক্তঃ সন্ এতৎ যথোক্তং সম্যক্ দর্শনং বিজ্ঞায় মদ্ভাবায় মম ভাবো মদ্ভাবঃ পরমাত্মভাবস্তস্মৈ পরমাত্মভাবায়োপপদ্যতে যুজ্যতে ঘটতে মোক্ষং গচ্ছতি ॥ ১৮ ॥

আনন্দগিরি টীকা। তত্রাদ্ভুতমনুকুলয়তি তথেত্যেতি। তদর্থতত্ত্বার্থং সনিকারং ক্ষেত্রং

ইতি ক্ষেত্রং তথা জ্ঞানং জ্ঞেয়ঞ্চোক্তং সমাসতঃ।
মদ্ভক্ত এতদ্বিজ্ঞায় মদ্ভাবায়োপপদ্যতে ॥ ১৮ ॥

পদবাক্যার্থবিবেক সাধনঞ্চামানিত্বাদি তৎপদার্থঞ্চ শুদ্ধং তত্ত্বাবোক্ত্যর্থমুক্তা তেষাং ফলমুপ-সংহরতি-যথোক্তেতি। পূর্ব্বার্দ্ধং নিগদতেইত্যেবমিতি। বক্তব্যান্তরে সতি কিমিতি ত্রিতয়-মেব সংক্ষিপ্যোপসংহৃতং তত্রাহ এতাবানিতি। উত্তরার্দ্ধমাকাংক্ষাদ্বারাবতারয়তি অস্মিন্নিতি। ঈশ্বরে সমর্পিতসর্ব্বাত্মভাবমেবাস্তিনয়তি যৎপশ্যতীতি। বিজ্ঞায় লব্ধেত্যর্থঃ ॥ ১৮ ॥

রামানুজ ভাষ্য। ইতীতি। এবং মহাভূতান্যহঙ্কার ইত্যাদিনা সঙ্ঘাতশ্চেতনাধৃতি ইত্যন্তেন ক্ষেত্রতত্ত্বং সমাসেনোক্তং। অমানিত্বমিত্যাদিনা তত্ত্বজ্ঞানার্থদর্শনমিত্যন্তেন জ্ঞাতব্যস্যাত্মতত্ত্বস্য জ্ঞানসাধনমুক্তং অনাদিমৎপরমিত্যাদিনা হৃদি সর্ব্বস্যাধিষ্ঠিতমিত্যন্তেন জ্ঞেয়স্য ক্ষেত্রজ্ঞস্য যাথাত্ম্যঞ্চ সংক্ষেপেণোক্তং মদ্ভক্ত এতৎ ক্ষেত্রযাথাত্ম্যং ক্ষেত্রাদ্বিবিক্তাত্ম স্বরূপ প্রাপ্ত্যুপায় যাথাত্ম্যং ক্ষেত্রাদ্বিবিক্তাত্মস্বরূপ যাথাত্ম্যঞ্চ বিজ্ঞায় মদ্ভাবায়োপপদ্যতে মমযো ভাবঃ। অসংসারিত্বং অসংসারিত্বপ্রাপ্তয়ে উপপন্নো ভবতীত্যর্থঃ ॥ ১৮ ॥

স্বামিকৃত টীকা। উক্তং ক্ষেত্রাদিকমধিকারিফলসহিতমুপসংহরতি ইতীতি। ইত্যেবং ক্ষেত্রং মহাভূতাদিধৃত্যন্তং তথা জ্ঞানঞ্চ অমানিত্বাদিতত্ত্বজ্ঞানার্থদর্শনান্তং জ্ঞেয়ঞ্চ অনাদিমৎ পরং ব্রহ্মেত্যাদি বিষ্ঠিতমিত্যন্তঞ্চ বশিষ্ঠাদিভির্বিস্তরেণোক্তং সর্ব্বমপি ময়া সংক্ষেপেণোক্তং, এতচ্চ পূর্ব্বাধ্যায়োক্তলক্ষণো মদ্ভক্তো বিজ্ঞায় মদ্ভাবায় ব্রহ্মত্বায়োপপদ্যতে যোগ্যো ভবতি ॥ ১৮ ॥

মধুসূদন সরস্বতী কৃত টীকা। উক্তং ক্ষেত্রাদিকমধিকারিণং ফলং চ বদন্নুপসংহরতি ইতি অনেন পূর্ব্বোক্তেন প্রকারেণ ক্ষেত্রং মহাভূতাদিধৃত্যন্তং তথা জ্ঞানং অমানিত্বাদি তত্ত্বজ্ঞানার্থদর্শনান্তং জ্ঞেয়ং চ অনাদিমৎপরং ব্রহ্ম বিষ্ঠিতমিত্যন্তং শ্রুতিভিঃ মুনিভিশ্চাকৃষ্য ত্রয়মপি মন্দবুদ্ধ্যনুগ্রহায় ময়া সংক্ষেপেণোক্তং এতাবানেব হি সর্ব্বো বেদার্থো গীতার্থশ্চ অস্মিংশ্চ পূর্ব্বাধ্যায়োক্তলক্ষণো মদ্ভক্ত এবাধিকারীত্যাহ মদ্ভক্তঃ ময়ি ভগবতি বাসুদেবে পরমগুরৌ সমর্পিতসর্ব্বাত্মভাবো মদেকশরণঃ স এতদ্যথোক্তং ক্ষেত্রং জ্ঞানং জ্ঞেয়ং চ বিজ্ঞায় বিবেকেন বিদিত্বা মদ্ভাবায় সর্ব্বানর্থশূন্যপরমানন্দভাবায় মোক্ষায়োপপদ্যতে মোক্ষং প্রাপ্তুং যোগ্যো ভবতি 'যস্য দেবে পরাভক্তির্যথা দেবে তথা গুরৌ তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মন ইতি' শ্রুতেঃ তস্মাৎসর্ব্বদা মদেকশরণঃ সন্নাত্মজ্ঞানসাধনান্যেব পরমপুরুষার্থলিপ্সুরনুবর্ত্তেত তুচ্ছবিষয়ভোগস্পৃহাং হিত্বেত্যভিপ্রায়ঃ। ১৮ ॥

হে অর্জ্জুন! আমি তোমাকে ক্ষেত্র, জ্ঞান ও জ্ঞেয় এতাবৎ সংক্ষেপে ব্যাখ্যা করিলাম; আমার ভক্তগণ এই ক্ষেত্রাদি পদার্থত্রয় বিদিত হইয়া মদ্ভাব লাভের উপযুক্ত হইয়া থাকেন ॥ ১৮ ॥

গীঃ সঃ। মহাভূত হইতে ধৃতি পর্য্যন্ত ক্ষেত্র, অমানিত্ব হইতে তত্ত্ব জ্ঞানার্থদর্শন পর্য্যন্ত জ্ঞান এবং "অনাদিমৎ পরং ব্রহ্ম" হইতে "হৃদি সর্ব্বস্যধিষ্ঠিতম্" পর্য্যন্ত জ্ঞেয় ব্রহ্মের বিষয় ভগবান্ সংক্ষেপে (শ্রুতি স্মৃত্যাদিতে ইহার আরও বিস্তৃত ব্যাখ্যা আছে) ব্যাখ্যা করিয়াছেন। দ্বাদশ অধ্যায়ে কথিত লক্ষণ যুক্ত ভগবদ্ভক্ত গণই এতাবদ্বিষয় বিশদরূপে অবগত হইয়া ভগবদ্ভাব লাভের অধিকারী হইয়া থাকেন। যাঁহারা বিষয় ভোগ তুচ্ছ বোধ করিয়া ভগবান্‌কেই পাইতে ইচ্ছা করেন, তাঁহারাই সুযোগ্য অধিকারী ॥ ১৮ ॥

প্রকৃতিং পুরুষঞ্চৈব বিদ্ধ্যনাদী উভাবপি।

শাঙ্করভাষ্যং। তত্র সপ্তমে ঈশ্বরস্য দ্বে প্রকৃতী উপন্যাস্তে পরাপরে ক্ষেত্রক্ষেত্রজ্ঞলক্ষণে এতদ্যোনীনি ভূতানীতি চোক্তং ক্ষেত্রক্ষেত্রজ্ঞপ্রকৃতিদ্বয়যোনিত্বং কথং ভূতানামিত্যয়মর্থোঽধুনোচ্যতে প্রকৃতিমিতি। প্রকৃতিং পুরুষঞ্চৈবেশ্বরস্য প্রকৃতী তৌ প্রকৃতিপুরুষাবুভাবপ্যনাদী ন বিদ্যতে আদির্যয়োস্তাবনাদী নিত্যত্বাদীশ্বরস্য তৎপ্রকৃত্যোরপি যুক্তং নিত্যত্বেন ভবিতুং প্রকৃতিদ্বয়বত্ত্বমেব হি ঈশ্বরস্যেশ্বরত্বং যাভ্যাং প্রকৃতিভ্যাং ঈশ্বরো জগদুৎপত্তিস্থিতিপ্রলয়হেতুস্তে দ্বে অনাদী সত্যৌ সংসারস্য কারণং ন আদী অনাদী ইতি তৎপুরুষসমাসং কেচিদ্বর্ণয়ন্তি তেন হি কেবলেশ্বরস্য কারণত্বং সিধ্যতি যদি পুনঃ প্রকৃতিপুরুষাবেব নিত্যৌ স্যাতাং তৎকৃতমেব জগন্নেশ্বরস্য জগতঃ কর্তৃত্বং তদসৎ প্রাক্ প্রকৃতিপুরুষয়োরুৎপত্তেরীশিতব্যাভাবাৎ ঈশ্বরস্যানীশ্বরত্বপ্রসঙ্গাৎ সংসারস্য নির্নিমিত্তত্বে নির্মোক্ষত্বপ্রসঙ্গাৎ শাস্ত্রানর্থক্যপ্রসঙ্গাৎ বন্ধমোক্ষাভাবপ্রসঙ্গাচ্চ নিত্যত্বে পুনরীশ্বরপ্রকৃত্যোঃ সর্ব্বমেতদুপপন্নং ভবেৎ কথং বিকারাংশ্চগুণাংশ্চৈব বক্ষ্যমাণান্ বুদ্ধ্যাদিদেহেন্দ্রিয়ান্তান্ গুণাংশ্চ সুখদুঃখমোহপ্রত্যয়াকারপরিণতান্ বিদ্ধি জানীহি প্রকৃতিসম্ভবান্ প্রকৃতিরীশ্বরস্য বিকারকারণং শক্তিঃ গুণাত্মিকা মায়া সা সম্ভবো যেষাং বিকারাণাং গুণানাঞ্চ তান্ বিকারান্ গুণাংশ্চ বিদ্ধি জানীহি প্রকৃতিসংভবান্ প্রকৃতিপরিণামান্ ॥ ১৯ ॥

আনন্দগিরি টীকা। প্রকৃতিমিত্যাদি বক্ষ্যমাণমনন্তরপূর্ব্বগ্রন্থসম্বন্ধীত্যাশংক্য ব্যবহিতেন সম্বন্ধার্থং ব্যবহিতমনুবদতি তত্রেতি। তয়োশ্চ প্রকৃত্যোরুক্তভূতকারণত্বমিত্যাহ এতদিতি। ভূতানামিব প্রকৃত্যোরপি প্রকৃত্যন্তরাপেক্ষায়ামনবস্থানাদ্ ভূতযোনিত্বেতি শঙ্কতে ক্ষেত্রেতি। তত্রাকৃতাভ্যাগমাদিবারণায় বন্ধস্য নিদানজ্ঞানার্থমাত্মনো বিক্রিয়াবত্ত্বাদি দোষনিরাসার্থঞ্চ প্রকৃতিপুরুষয়োরনাদিত্বং ক্ষেত্রত্বেনোক্তাং প্রকৃতিং প্রকৃতিবিকারভাবত্বঞ্চ দর্শয়তি অয়মর্থইতি। সচ যো যৎস্বভাবশ্চেত্যুদ্দিষ্টং ব্যাচষ্টে প্রকৃতিমিতি। ঈশ্বরস্যাপরা প্রকৃতিরত্র প্রকৃতিশব্দেনোক্তা পরা তু প্রকৃতির্জীবাখ্যা পুরুষশব্দেন বিবক্ষিতেতি ব্যাকরোতি ঈশ্বরস্যেতি। তয়োরনাদিত্বং ব্যুৎপাদয়তি নেত্যাদিনা। তত্র যুক্তিমাহ নিত্যত্বাদীশ্বরস্যেতি। ঈশ্বরস্যোক্তপ্রকৃতিদ্বয়বত্ত্বং কথমিত্যাশঙ্কাহ প্রকৃতীতি। তস্য জগজ্জন্মাদৌ স্বাতন্ত্র্যমেব ঈশ্বরত্বং ন প্রকৃতিদ্বয়বত্ত্বমিত্যাশঙ্ক্যাহ যাভ্যামিতি। প্রকৃত্যোরনাদিত্বং কুত্রোপযুক্তমিত্যাশঙ্ক্যাহ তে ইতি। মতান্তরমাহ নেত্যাদিনা। তয়োর্মূলকারণত্বাভাবে কস্য তদেষ্টব্যমিত্যাশঙ্ক্যাহ তেন হীতি। প্রকৃত্যোরেব মূলকারণত্বে শ্রুতিস্মৃতিসিদ্ধমীশ্বরস্য তথাত্বং ন স্যাদিত্যাহ যদীতি। প্রকৃতিদ্বয়স্য কার্য্যত্বপক্ষং প্রত্যাহ তদসদিতি। কিঞ্চ প্রকৃতিদ্বয়মনপেক্ষ্য ঈশ্বরস্য সংসারহেতুত্বে স্বাতন্ত্র্যান্মুক্তানামপি ততঃ সংসারাপত্তেরনিবেধান্মোক্ষশাস্ত্রাপ্রামাণ্যান্ন তস্যৈব সংসারহেতুতেত্যাহ সংসারস্যেতি। নির্নিমিত্তত্বং প্রকৃতিদ্বয়ানপেক্ষাবৃত্তে পরস্যৈব নিমিত্তত্বমিতি যাবৎ। কিঞ্চ কার্য্যত্বে প্রকৃত্যোরুদয়াৎ পূর্ব্বং বন্ধাভাবে তদ্বিশ্লেষাত্মনো মোক্ষস্যাভাবাৎ কদাচিদ্বন্ধাভাবে পুনস্তদপ্রসঙ্গান্ন প্রকৃতিদ্বয়স্য কার্য্যত্বমিত্যাহ বন্ধেতি। প্রকৃত্যোর্মূলকারণত্বেনানুপপত্তিরিত্যাহ নিত্যত্বইতি। স্বপক্ষে দোষাভাবং প্রশ্নপূর্ব্বকং প্রপঞ্চয়তি কথমিত্যাদিনা। সম্ভবঃ সত্তাপ্রাপকোহেতুঃ। প্রকৃতেরনাদিত্বে বিকারাণাং গুণানাঞ্চ তৎকার্য্যত্বাদাত্মনো নির্ব্বিকারত্বং নির্গুণত্বঞ্চ সিধ্যতীতিভাবঃ ॥ ১৯ ॥

বিকারাংশ্চ গুণাংশ্চৈব বিদ্ধি প্রকৃতিসম্ভবান্ ॥ ১৯ ॥

রামানুজ ভাষ্য। অথাত্যন্তবিভক্তস্বভাবয়োঃ প্রকৃত্যাত্মনোঃ সংসর্গস্যানাদিত্বং সংসৃষ্টয়োর্দ্বয়োঃ কার্যভেদঃ সংসর্গহেতুশ্চোচ্যতে। প্রকৃতিমিতি। প্রকৃতি পুরুষাবুভাবন্যোন্যসংসৃষ্টাবনাদীবিতি বিদ্ধি বন্ধহেতুভূতান্ বিকারানিচ্ছাদ্বেষাদীন্ অমানিত্বাদিকাংশ্চ গুণান্মোক্ষহেতুভূতান্ প্রকৃতিসম্ভবান্ বিদ্ধি পুরুষেণ সংসৃষ্টে যমনাদিকালপ্রবৃত্তা ক্ষেত্রাকারপরিণতা প্রকৃতিঃ স্ববিকারৈরিচ্ছাদ্বেষাদিভিঃ পুরুষস্য বন্ধহেতুর্ভবতি সৈবামানিত্বাদিভিঃ স্ববিকারৈঃ পুরুষস্যাপবর্গহেতুর্ভবতীত্যর্থঃ ॥ ১৯ ॥

স্বামিকৃত টীকা। তদেবং তৎক্ষেত্রং যচ্চ যাদৃক্চেত্যোতাবৎ "প্রপঞ্চিতমিদানীন্তু যদ্বিকারি যতশ্চ যৎ সচ যোযৎপ্রভাবশ্চেত্যেতৎ পূর্ব্বপ্রতিজ্ঞাতমেব প্রকৃতিপুরুষয়োঃ সংসারহেতুত্বকথনেন প্রপঞ্চয়তি প্রকৃতিমিতি পঞ্চভিঃ। তত্র প্রকৃতিপুরুষয়োরাদিমত্ত্বে তয়োরপি প্রকৃত্যন্তরেন ভাব্যমিত্যনবস্থাপত্তিঃ স্যাদতস্তাবুভাবনাদী বিদ্ধি অনাদেরীশ্বরস্য শক্তিত্বাৎ প্রকৃতেরনাদিত্বং পুরুষোঽপি তদংশত্বাদনাদিরেব অত্রচ পরমেশ্বরস্য তচ্ছক্তীনাঞ্চানাদিত্বং শ্রীমচ্ছঙ্করভগবত্যাব্যাকৃতিরতিপ্রবন্ধেনোপপাদিতমিতি গ্রন্থবাহুল্যান্নাস্মাভিঃ প্রপঞ্চ্যতে, বিকারাংশ্চ দেহেন্দ্রিয়াদীন্ গুণাংশ্চ গুণপরিণামান্ সুখদুঃখমোহাদীন্ প্রকৃতেঃ সংভূতান্ বিদ্ধি ॥ ১৯ ॥

গীঃ সঃ। ভগবানের মুখে আত্মতত্ত্বোপদেশ শ্রবণ করিয়া গুণবিকার জনিত যে মোহ উৎপন্ন হইয়াছিল, অর্থাৎ রাজসী প্রকৃতিতে ধর্ম্ম ক্ষেত্রের প্রভাব জনিত সত্ত্বগুণের আবেশে নিজ বর্ণাশ্রমধর্ম্মের প্রতিকূল যে মোহময় বিকার উৎপন্ন হইয়াছিল, "অহং ব্রহ্মাস্মি" ইদৃশ আত্মজ্ঞান রূপ স্মৃতি হওয়ায় তাহা বিদূরিত হইল। যুদ্ধের কর্ত্তব্যতা অর্জ্জুন নিঃসন্দিগ্ধরূপে বুঝিতে পারিলেন এবং প্রতিজ্ঞা করিলেন যে, জীবন সত্ত্বে ভগবদাজ্ঞা লঙ্ঘন করিবেন না। "গতসন্দেহ" পদ দ্বারা ইহাই সূচিত হইয়াছে যে, অর্জ্জুনের দেহাদি অনাত্মবস্তুতে আর আত্ম বুদ্ধি রূপ সংশয় রহিল না। এক্ষণে অর্জ্জুন বুঝিলেন যে, বন্ধুবধাদি যুদ্ধের অনিবার্য্য ঘটনা গুলি তাঁহার স্বধর্ম্ম প্রতিপালনের আর প্রতিকূল থাকিতে পারিল না, কেননা তিনি দেখিলেন যে, বন্ধুবধাদি তাঁহার লক্ষ্য নহে, তাঁহার লক্ষ্য নিজ স্বভাবানুরূপ ক্ষাত্র ধর্ম্ম প্রতিপালন। এই স্বধর্ম্ম প্রতিপালন জন্য তিনি কোন প্রকারেই দোষ গ্রস্ত হইবেন না ॥ ৭৩ ॥

শাঙ্করভাষ্যং। পরিসমাপ্তঃ সকলোগীতাশাস্ত্রার্থোইদানীং কথাসম্বন্ধপ্রদর্শনার্থং

সঞ্জয়উবাচ। ইত্যহং বাসুদেবস্য পার্থস্য চ মহাত্মনঃ।
সম্বাদমিমমশ্রৌষমদ্ভুতং লোমহর্ষণং ॥ ৭৪ ॥

সঞ্জয়উবাচ ইত্যেবমহং বাসুদেবস্য পার্থস্য চ মহাত্মনঃ সম্বাদমিমং যথোক্তমশ্রৌষং শ্রুতবানস্মি অদ্ভুতমত্যন্তবিস্ময়করং রোমহর্ষণং রোমাঞ্চকরং ॥ ৭৪ ॥

আনন্দগিরি টীকা। শাস্ত্রার্থে সমাপ্তে সম্ভাষামবস্থায়াং সঞ্জয়বচনং কুতোপযুক্তমিতি তদাহ পরিসমাপ্তইতি। বাসুদেবস্য সর্ব্বজ্ঞস্য সর্বেশ্বরস্য কৃতার্থস্য পার্থস্য পৃথাসুতস্যার্জ্জুনস্য মহাত্মনোঽক্ষুদ্রবুদ্ধেঃ সর্ব্বাধিকারিগুণসম্পন্নস্য সম্যগ্বাদং সম্বাদং গুরুশিষ্যভাবেন প্রশ্নপ্রতিবচনাভিধানমিমমযুক্তাক্তমদ্ভুতং বিস্ময়করং রোমাণি হর্ষন্তি পুলকাঞ্চনস্যানেনেতি রোমহর্ষণমাহ্লাদকরং যথোক্তং শ্রুতবানস্মীত্যাহ ইত্যেবমিতি ॥ ৭৪ ॥

রামানুজ ভাষ্য। ধৃতরাষ্ট্রায় স্বপুত্রাঃ পাণ্ডবাশ্চ যুদ্ধে কিমকুর্ব্বতেতি পৃচ্ছতে। সঞ্জয় উবাচ। ইতীতি ইত্যেবং বাসুদেবস্য বসুদেবসূনোঃ পার্থস্য তৎপিতৃস্বসুঃ পুত্রস্য চ মহাত্মনঃ। মহাবুদ্ধেঃ তৎপদদ্বন্দ্বমাশ্রিতস্য ইমং রোমহর্ষণমদ্ভুতং সংবাদমহং যথোক্তমশ্রৌষং শ্রুতবানহং ॥ ৭৪ ॥

স্বামিকৃত টীকা। তদেবং ধৃতরাষ্ট্রং প্রতি শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদং কথয়িত্বা প্রস্তুতাং কথামনুসন্দধানঃ সঞ্জয়উবাচ ইত্যাহমিতি। লোমহর্ষণং লোমাঞ্চকরং সংবাদমশ্রৌষং শ্রুতবানহং স্পষ্টমন্যৎ ॥ ৭৪ ॥

মধুসূদন সরস্বতী কৃত টীকা। সমাপ্তঃ শাস্ত্রার্থঃ কথাসম্বন্ধমিদানীমনুসন্দধানঃ অদ্ভুতং চেতসোবিস্ময়াখ্যবিকারকরং লোকেঽন্যসংভাব্যমানত্বাৎ লোমহর্ষণং শরীরস্য রোমাঞ্চাখ্যবিকারকরং তেনাতি পরিপুষ্টত্বং বিস্ময়স্য দর্শিতং স্পষ্টমন্যৎ ॥ ৭৪ ॥

সঞ্জয় কহিলেন, হে মহারাজ! মহানুভব বাসুদেব ও অর্জ্জুনের এই অদ্ভুত রোমহর্ষণকর সম্বাদ আমি পূর্ব্ব কথিতানুরূপ শ্রবণ করিলাম ॥ ৭৪ ॥

গীঃ সঃ। সঞ্জয় ধৃতরাষ্ট্রকে কুরুক্ষেত্র মহাযুদ্ধের কথা বলিতে বলিতে এই কৃষ্ণার্জ্জুন সম্বাদ ব্যাখ্যা করিলেন এবং তৎপরে অন্যান্য ঘটনা বলিলেন, তাহারই উদ্যোগ কালে ধৃতরাষ্ট্রকে গীতার সমাপ্তি বৃত্তান্ত শুনাইলেন। কৃষ্ণার্জ্জুন সম্বাদে অতীব গূঢ় বিচিত্র কথা কীর্ত্তিত হইয়াছে. এই জন্য ইহা অদ্ভুত। ইহা শুনিলে চিত্ত নিতান্ত বিস্ময় যুক্ত হয়, এই জন্যই ইহা রোমহর্ষণকর ॥ ৭৪ ॥

শাঙ্করভাষ্যং। তচ্চেমং শ্রীকৃষ্ণঃ ব্যাসপ্রসাদাত্ততোদিব্যচক্ষুর্লাভাৎ শ্রুতবান্ অহমেতা-নেতৎ সম্বাদং গুহ্যমহং পরং যোগং যোগার্থত্বাৎ গ্রন্থোপি যোগস্তং সম্বাদমিমং যোগে-শ্বরাৎ কৃষ্ণাৎ সাক্ষাৎ কথয়তঃ স্বয়ং ন পরম্পরাতঃ ॥ ৭৫ ॥

আনন্দগিরি টীকা। প্রকৃষ্টং সম্বাদং কথমশ্রৌষীরিতি চেত্তত্রাহ তচ্চেতি। এতৎপদং সম্বাদপরত্বাল্লিঙ্গত্বেন নেতব্যমিত্যাহ এতমিতি। পরমপুরুষার্থোপধিকত্বাৎ পরত্বং পরং গুহ্যমতিশয়েন গুহ্যং রহস্যমিতি বা যোগোজ্ঞানং কর্ম্ম চ তদর্থত্বাদয়ং সম্বাদোযোগউক্তঃ

ব্যাসপ্রসাদাৎশ্রুতবানিমং গুহ্যমহং পরং।
যোগং যোগেশ্বরাৎ সাক্ষাৎ কথয়তঃ স্বয়ং ॥ ৭৫ ॥
রাজন্ সংস্মৃত্য সংস্মৃত্য সম্বাদমিমমদ্ভুতং।

অথবা চিত্তবৃত্তিনিরোধস্য যোগস্যাঙ্গত্বাদয়ং সম্বাদোযোগইত্যাহ সম্বাদমিতি। যোগানামীশ্বরোযোগেশ্বরস্তদনুগ্রহহেতুত্বাদ্যোগতৎফলয়োঃ তত্তঃ সাক্ষাদব্যবধানেন শ্রুতবান্ ন পরম্পরয়েত্যাহ যোগেশ্বরাদিতি। স্বয়ং স্বেন পরমেশ্বরেণাত্তিরস্কৃতজ্ঞানৈশ্বর্য্যরূপেণ কথয়তোব্যাচক্ষাণাদিত্যর্থ ॥ ৭৫ ॥

রামানুজ ভাষ্য। ব্যাসেতি ব্যাসপ্রসাদাৎ ব্যাসানুগ্রহেণ দিব্যচক্ষুঃ শ্রোত্রলাভাদেতৎ পরযোগাখ্যং গুহ্যং যোগেশ্বরাৎ জ্ঞানবলৈশ্বর্য্য শক্তিতেজসাং নিধের্ভগবতঃ। কৃষ্ণাৎ স্বয়মেব কথয়তঃ সাক্ষাৎশ্রুতবানহম্ ॥ ৭৫ ॥

স্বামিকৃত টীকা। আত্মনস্তস্য শ্রবণে সম্ভাবনামাহ ব্যাসপ্রসাদাদিতি। ভগবতা ব্যাসেন দিব্যং চক্ষুঃশ্রোত্রাদি মহ্যং দত্তং ততোব্যাসস্য প্রসাদাদেতৎশ্রুতবানস্মি, কিং তদিত্যপেক্ষায়ামাহ পরং যোগং, পরত্বমাবিষ্করোতি যোগেশ্বরাৎ শ্রীকৃষ্ণাৎ স্বয়মেব সাক্ষাৎ কথয়তঃ শ্রুতবানিতি ॥ ৭৫ ॥

মধুসূদন সরস্বতী কৃত টীকা। ব্যবহিতস্যাপি ভগবদর্জ্জুনসংবাদস্য শ্রবণযোগ্যত্বমাত্মনআহ ব্যাসদত্তদিব্যচক্ষুঃশ্রোত্রাদিলাভরূপাৎ ব্যাসপ্রসাদাৎ ইমং পরং গুহ্যং যোগং যোগাব্যভিচারিহেতুঃ সংবাদং যোগেশ্বরাৎ কৃষ্ণাৎ স্বয়ং স্বেন পারমেশ্বরেণ রূপেণ কথয়তঃ সাক্ষাদেবহং শ্রুতবানস্মি ন পরম্পরয়েতি স্বভাগ্যমভিনন্দতি অত্রেমমিতি পুল্লিঙ্গপাঠোভাষ্যকারৈর্ব্যাখ্যাতঃ এতদিতি নপুংসকলিঙ্গপাঠেস্যৈব যোগসামানাধিকরণ্যেন ব্যাখ্যানমিদমিতি তদ্ব্যাখ্যাতারঃ ॥ ৭৫ ॥

হে মহারাজ! বেদব্যাসের প্রসাদে যোগেশ্বর শ্রীকৃষ্ণ ভগবানের নিজ মুখ হইতেই এই পরম গুহ্য যোগতত্ত্ব শ্রবণ করিলাম ॥ ৭৫ ॥

গীঃ সঃ। দূরবর্ত্তী যুদ্ধ ক্ষেত্রে কৃষ্ণার্জ্জুনের পরস্পর কি কথা বার্ত্তা হইল, তাহা সঞ্জয় কি রূপে শুনিতে পাইবেন, ধৃতরাষ্ট্রের এই সংশয় নিরসনার্থ সঞ্জয় কহিলেন যে, আমি বেদব্যাসের অনুগ্রহে দিব্য চক্ষু, কর্ণাদি পাইয়াছি, সেই গুণে ভগবান্ যোগেশ্বরের কথাও অনায়াসে শ্রবণ করিয়াছি। সর্ব্ব শাস্ত্রের সারার্থ রূপ গীতা শ্রবণে সঞ্জয় আপনাকে কৃতার্থ মনে করিলেন ॥ ৭৫ ॥

শাঙ্করভাষ্যং। হে রাজন্ ধৃতরাষ্ট্র সংস্মৃত্য সংস্মৃত্য সম্বাদমিমমদ্ভুতং কেশবার্জ্জুনয়োঃ পুণ্যং শ্রবণাদপি পাপহরং শ্রুত্বা হৃষ্যামি চ মুহুর্ম্মুহুঃ প্রতিক্ষণং ॥ ৭৬ ॥

আনন্দগিরি টীকা। যথোক্তং সম্বাদং ভগবতঃ শ্রুত্বা কিমুপেক্ষ্যসে নেত্যাহ রাজন্নিতি। পুণ্যত্বং সাধয়তি শ্রবণাদপীতি ॥ ৭৬ ॥

কেশবার্জ্জুনয়োঃ পুণ্যং হৃষ্যামি চ মুহুর্ম্মুহুঃ ॥ ৭৬ ॥
তচ্চ সংস্মৃত্য সংস্মৃত্য রূপমত্যদ্ভুতং হরেঃ।
বিস্ময়োমে মহান্ রাজন্ হৃষ্যামি চ পুনঃ পুনঃ ॥ ৭৭ ॥

রামানুজ ভাষ্য। রাজন্নিতি কেশবার্জ্জুনয়োরিমং পুণ্যমদ্ভুতং সংবাদং সাক্ষাৎ শ্রুতং স্মৃত্বা স্মৃত্বা মুহুর্মুহুঃ হৃষ্যামি ॥ ৭৬ ॥

স্বামিকৃত টীকা। কিঞ্চ রাজন্নিতি। হৃষ্যামি রোমাঞ্চিতোভবামি হর্ষং প্রাপ্নোমীতি বা স্পষ্টমন্যৎ ॥ ৭৬ ॥

মধুসূদন সরস্বতীকৃত টীকা। রাজন্ সংস্মৃত্য। পুণ্যং শ্রবণেনাপি সর্ব্বপাপহরং কেশবার্জ্জুনয়োরিমং সম্বাদমদ্ভুতং ন কেবলং শ্রুতবানস্মি কিন্তু সংস্মৃত্য সংস্মৃত্য সম্ভ্রমে ক্রিয়ক্রিয়ং মুহুর্ম্মুহুর্ব্বারম্বারং হৃষ্যামি চ হর্ষং প্রাপ্নোমি চ প্রতিক্ষণং রোমাঞ্চিতো ভবামীতি বা ॥৭৬॥

হে ধৃতরাষ্ট্র! পুণ্যরূপ এই শ্রীকৃষ্ণার্জ্জুনের অদ্ভুত সম্বাদ আমি যতই স্মরণ করিতেছি, আমার ততই অধিক আহ্লাদ হইতেছে ॥ ৭৬ ॥

গীঃ সঃ। এই গীতাশাস্ত্র একে পরমোপাদেয় উপদেশে পরিপূর্ণ, তাহাতে আবার উহা যে কোন ব্যক্তির মুখে শ্রবণ করিলেই সমস্ত পাপ ক্ষয় হইয়া যায়, ইহা স্মরণ করিয়া ("আমার না জানি কত জন্ম জন্মান্তরের পুণ্য ও তপস্যা ছিল, যাহার প্রভাবে এই যোগতত্ত্ব স্বয়ং যোগেশ্বরেরই মুখে শ্রবণ করিলাম" এই রূপ স্মরণ করিয়া) সঞ্জয়ের হৃদয় আনন্দে আপ্লুত হইয়াছে ॥ ৭৬ ॥

শাঙ্করভাষ্যং। তচ্চ সংস্মৃত্য রূপমত্যদ্ভুতং হরের্বিশ্বরূপং বিস্ময়োমে মহান্ হেরাজন্ হৃষ্যামি চ পুনঃ পুনঃ ॥ ৭৭ ॥

আনন্দগিরি টীকা। যত্তু বিশ্বরূপাখ্যং রূপং সগুণমর্জ্জুনায় ভগবান্ দর্শিতবান্ ধ্যানার্থং তদিদানীং স্তৌতি তচ্চেতি ॥ ৭৭ ॥

রামানুজ ভাষ্য। তদিতি। অর্জ্জুনায় প্রকাশিতমৈশ্বরং হরেরত্যদ্ভুতং রূপং ময়া সাক্ষাৎ কৃতং সংস্মৃত্য সংস্মৃত্য হৃষ্যতো মে মহান্ বিস্ময়ো জায়তে পুনঃ পুনশ্চ হৃষ্যামি কিমত্র বহুনোক্তেন ॥ ৭৭ ॥

স্বামিকৃত টীকা। কিঞ্চ তচ্চেতি। বিশ্বরূপং নির্দ্দিশতি। স্পষ্টমন্যৎ ॥ ৭৭ ॥

মধুসূদন সরস্বতীকৃত টীকা। যদ্বিশ্বরূপাখ্যং সগুণং রূপমর্জ্জুনায় ধ্যানার্থং ভগবান্ দর্শয়ামাস তদিদানীমনুসন্দধান আহ। তদিতি বিশ্বরূপং হে রাজন্ মম মহান্ বিস্ময়োহতএব হৃষ্যামি চাহং স্পষ্টমন্যৎ ॥ ৭৭ ॥

হে মহারাজ! ভগবান্ শ্রীকৃষ্ণের সেই অত্যদ্ভুত বিশ্বরূপ যতবার স্মরণ হইতেছে, আমার ততবারই পুনঃ পুনঃ হর্ষাবেগ উঠিতেছে ॥৭৭॥

গীঃ সঃ। গীতা কেবল শ্রবণ করিয়াই যে সঞ্জয় আনন্দিত হইয়াছেন তাহা নহে,

যত্র যোগেশ্বরঃ কৃষ্ণোযত্র পার্থোধনুর্দ্ধরঃ।

সঙ্গে সঙ্গে ভগবান্ যে পরম ধ্যেয় বিশ্বরূপ নামক নিজ সগুণ রূপ অর্জ্জুনকে দেখাইয়াছিলেন, সেই আশ্চর্য্যরূপ স্মরণ করিয়া সঞ্জয়ের হৃদয়ে আর আনন্দ ধরিতেছেনা ॥ ৭৭ ॥

শাঙ্করভাষ্যং। কিং বহুনা যত্র যস্মিন্ পক্ষে যোগেশ্বরঃ সর্ব্বযোগানামীশ্বরস্তৎপ্রভবত্বাৎ সর্ব্বযোগবীজশ্চ কৃষ্ণোযত্র পার্থোযস্মিন্ পক্ষে ধনুর্দ্ধরোগাণ্ডীবধন্বা তত্র শ্রীস্তস্মিন্ পাণ্ডবানাং পক্ষে বিজয়স্তস্যৈব ভূতিঃ শ্রিয়োবিশেষবিস্তারোভূতির্ধ্রুবাঽব্যভিচারিণী নীতির্নয়ইত্যেবং মতির্ম্মমেতি ॥ ৭৮ ॥

ইতি শ্রীগোবিন্দভগবৎ পূজ্যপাদশিষ্যপরমহংসপরিব্রাজকাচার্য্যস্য শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ গীতাভাষ্যেঽষ্টাদশোধ্যায়ঃ।

আনন্দগিরি টীকা। দ্বয়োরপি কৃষ্ণার্জ্জুনয়োঃ নরনারায়ণয়োঃ সম্বাদস্য প্রাশস্ত্যার্থং পরমুৎকর্ষং দর্শয়তি কিং বহুনেতি। কথং সর্ব্বেষাং যোগানামীশ্বরোভগবানিতি তত্রাহ তৎপ্রভবত্বাদিতি। সর্ব্বযোগোজ্ঞানং কর্ম্ম চ তস্য বীজং শাস্ত্রীয়ং জ্ঞানবৈরাগ্যাদি তদ্ধি ভগবদধীনং তদনুগ্রহবিহীনস্য তদযোগাদতোযোগস্তৎফলয়োর্ভগবদনুগ্রহবেত্ত্বাদ্ভগবতো-যোগেশ্বরত্বমিত্যর্থঃ। শ্রীর্লক্ষ্মীর্ব্বিজয়ঃ পরমউৎকর্ষঃ রাজ্ঞোধৃতরাষ্ট্রস্য স্বপুত্রেষু বিজয়াশাং শিথিলীকৃত্য পাণ্ডবেষু জয়প্রাপ্তিমৈকান্তিকীমুপসংহরতি ইত্যেবমিতি। উপায়োপেয়-ভাবেন নিষ্ঠাদ্বয়স্য প্রতিষ্ঠাপিতত্বাৎ কর্ম্মনিষ্ঠাপরম্পরয়া জ্ঞাননিষ্ঠাহেতুঃ জ্ঞাননিষ্ঠা তু সাক্ষাদেব মোক্ষহেতুরিতি শাস্ত্রার্থমুপসংহর্ত্তুমিতীত্যুক্তং। কাণ্ডত্রয়াত্মকং শাস্ত্রং পদবাক্যার্থগোচরং। আদিমধ্যান্তষট্কেষু ব্যাখ্যয়া গোচরীকৃতং। সংক্ষেপবিস্তরাভ্যাং যোলক্ষণৈরুপপাদিতঃ। সোর্থোঽস্মিনেন সংক্ষিপ্য লক্ষণেন বিবক্ষিতঃ। গীতাশাস্ত্রমহার্ণবোত্থমমৃতং বৈকুণ্ঠকণ্ঠোদ্ভবং শ্রীকণ্ঠাপরনামবন্মুনিকৃতং নিষ্ঠাদ্বয়দ্যোতিতং। নিষ্ঠাযত্র মতিপ্রসাদজননী সাক্ষাৎ কৃতং কুর্ব্বতী মোক্ষে পর্য্যবসাস্যতি প্রতিদিনং সেবধ্বমেতদ্বুধঃ। প্রাচাচার্য্যপাদানাং পদবীমনুগচ্ছতা। গীতাভাষ্যে কৃতা টীকা টীকতাং পুরুষোত্তমং ॥ ৭৮ ॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্যশুদ্ধানন্দপূজ্যপাদশিষ্যভগবদানন্দগিরিবিরচিতে শ্রীগীতাভাষ্যবিবেচনেঽষ্টাদশোধ্যায়ঃ।

রামানুজ ভাষ্য। যত্রেতি যত্র যোগেশ্বরঃ কৃষ্ণঃ কৃৎস্নস্য উচ্চাবচরূপেনাবস্থিতস্য চেতনাচেতনস্য বস্তুনঃ যে যে স্বভাবযোগাস্তেষাং সর্ব্বেষাং যোগানামীশ্বরঃ স্বসংকল্পায়ত্তস্বেতরসমস্তবস্তুস্বরূপস্থিত প্রবৃত্তিভেদঃ কৃষ্ণো বসুদেবসূনুর্যত্র চ পার্থো ধনুর্দ্ধরঃ তৎপিতৃস্বসুপুত্রস্তৎপদদ্বন্দ্বৈকাশ্রয়ঃ তত্র শ্রীর্ব্বিজয়োভূতির্নীতিশ্চ ধ্রুবানিশ্চলা ইতিমতির্ম্মমেতি। ঈশ্বরে কর্ত্তৃতাবুদ্ধিঃ সত্বোপাদেয়তান্তিমে স্বকর্ম্মপরিণামশ্চ শাস্ত্রসারার্থ উচ্যতে ॥ ৭৮ ॥

ইতি শ্রীমদ্ভগবদ্রামানুজমুনিবিরচিতে ভগবদ্গীতাভাষ্যে
অষ্টাদশোঽধ্যায়ঃ।

স্বামিকৃত টীকা। অতএবং পুত্রাণাং রাজ্যাদিশঙ্কাং পরিত্যজেত্যাশয়েনাহ যত্রেতি। যত্র

তত্র শ্রীর্ব্বিজয়োভূতির্ধ্রুবা নীতির্ম্মতির্ম্মম ॥ ৭৮ ॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং
যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসম্বাদে মোক্ষ-
যোগোনামাষ্টাদশোঽধ্যায়ঃ।

যেষাং পক্ষে যোগানামীশ্বরঃ শ্রীকৃষ্ণোবর্ত্ততে যত্র চ পার্থোগাণ্ডীবধনুর্দ্ধরস্তত্রৈবচ শ্রীরাজ্যলক্ষ্মীস্তত্রৈব চ বিজয়স্তত্রৈব চ ভূতিরুত্তরোত্তরাভিবৃদ্ধিঃ নীতির্ন্যায়োঽপি তত্রৈবধ্রুবা-নীতি মম মতির্নিশ্চয়ঃ অতইদানীমপি তাবৎ সপুত্রস্ত্বং শ্রীকৃষ্ণং শরণমুপেত্য পাণ্ডবান্ প্রসাদ্য সর্ব্বস্বং তেভ্যো নিবেদ্য পুত্রপ্রাণরক্ষাং কুর্ব্বিতিভাবঃ। ভগবদ্ভক্তিযুক্তস্য তৎপ্রসাদাত্মবোধতঃ। সুখং বন্ধবিমুক্তিঃ স্যাদিতি গীতার্থসংগ্রহঃ। তথাহি পুরুষঃ সপরঃ পার্থ ভক্ত্যা লভ্যস্ত্বনন্যয়া। ভক্ত্যা ত্বনন্যয়া শক্যঅহমেবং বিধোঽর্জ্জুনইত্যাদৌ ভগবদ্ভক্তের্ম্মোক্ষং প্রতি সাধকতমত্বশ্রবণাত্তদেকান্তভক্তিরেব মৎপ্রসাদোত্থজ্ঞানাবান্তরব্যাপারযুক্তা মোক্ষহেতুরিতি স্ফুটং প্রতীয়তে জ্ঞানস্য চ ভক্ত্যবান্তরব্যাপারত্বমেব, তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকং। দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপয়ান্তি তে মদ্ভক্তএতদ্বিজ্ঞায় মদ্ভাবা-যোপপদ্যতে, ইত্যাদিবচনাৎ। নচ জ্ঞানমেব ভক্তিরিতিযুক্তং সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাং। ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ ইত্যাদৌ ভেদ-দর্শনাৎ। নচৈবং সতি তমেব বিদিত্বাঽতিমৃত্যুমেতি নান্যঃ পন্থাবিদ্যতেঽয়নায়েতি শ্রুতিবিরোধঃ শঙ্কনীয়ঃ, ভক্ত্যবান্তরব্যাপারত্বাৎ জ্ঞানস্য নহি কাষ্ঠৈঃ পচতীত্যুক্তে জ্বলনস্যাসাধনত্বমুক্তং ভবতি। কিঞ্চ যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতাহ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ। দেহান্তে দেবঃ পরং ব্রহ্ম তারকং ব্যাচষ্টে যমেবৈষবৃণুতে তেন লভ্যইত্যাদিশ্রুতিস্মৃতিপুরাণবচনান্যেবং সতি সমঞ্জসানি ভবন্তি, তস্মাদ্ভগবদ্ভক্তিরেব মোক্ষহেতুরিতি সিদ্ধং। তেনৈব দত্তয়া মত্যা মদ্গীতাবিবৃতিঃ কৃতা। সএব পরমানন্দস্তয়া প্রীণাতু মাধবঃ। পরমানন্দ শ্রীপাদরজঃ শ্রীধারিণাধুনা শ্রীধরস্বামিযতিনা কৃতা গীতাসুবোধিনী। স্বপ্রাগল্ভ্যবলাদ্বিলোড্য ভগবদ্গীতাং তদন্তর্গতং তত্ত্বং প্রোন্মূক্টৈরেতি কিং গুরুকৃপাপীযূষদৃষ্টিং বিনা। অস্তু স্বাঞ্জলিনা নিরস্ত জলধেরাদিৎসুরন্তর্গতানাবর্ত্তেষু ন কিং নিমজ্জতি জনঃ সংকর্ণধারং বিনা ॥ ৭৮ ॥

ইতি শ্রীধরস্বামিযতিকৃতায়াং শ্রীভগবদ্গীতাটীকায়াং সুবোধিন্যাং পরমার্থ-নির্ণয়োনামাষ্টাদশোঽধ্যায়ঃ।

মধুসূদন সরস্বতী কৃত টীকা। এবং চ সতি স্বপুত্রে বিজয়াদিসংভাবনাং পরিত্যজে-ত্যাহ যত্র যস্মিন্ যুধিষ্ঠিরপক্ষে যোগেশ্বরঃ সর্ব্বযোগসিদ্ধীনামীশ্বরঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্বশক্তির্ভগবান্ কৃষ্ণোভক্তদুঃখকর্ষণস্তিষ্ঠতি নারায়ণঃ যত্র পার্থোধনুর্দ্ধরঃ যত্র গাণ্ডীবধন্বা তিষ্ঠত্যর্জ্জুনোনরঃ তত্র নরনারায়ণাধিষ্ঠিতে তস্মিন্ যুধিষ্ঠিরপক্ষে শ্রীঃ রাজ্যলক্ষ্মীঃ বিজয়ঃ শত্রুপরাজয়নিমিত্ত-উৎকর্ষঃ ভূতিরুত্তরোত্তরং রাজ্যলক্ষ্ম্যাবিবৃদ্ধিশ্চ ধ্রুবাঽবশ্যংভাবিনীতি সর্ব্বত্রান্বয়ঃ, নীতির্নয়ঃ এবং মম মতির্নিশ্চয়ঃ তস্মাত্ত্বং পুত্রবিজয়াশাং ত্যক্ত্বা ভগবদনুগৃহীতৈঃ পাণ্ডবৈঃ সন্ধিং বিজয়াদি

ভাগ্ভিঃ পাণ্ডবৈঃ সহ সন্ধিরেব বিধীয়তামিত্যভিপ্রায়ঃ ' বংশীবিভূষিতকরান্নবনীরদা-ভাৎপীতাম্বরাদরুণবিম্বফলাধরোষ্ঠাৎ পূর্ণেন্দুসুন্দরমুখাদরবিন্দনেত্রাৎ কৃষ্ণাৎপরং কিমপি তত্ত্বমহং ন জানে কাণ্ডত্রয়াত্মকং শাস্ত্রং গীতাখ্যংযেন নির্ম্মিতম্ আদিমধ্যান্তষট্‌কেষুতস্মৈ ভগবতে নমঃ শ্রীগোবিন্দমুখারবিন্দমধুনামিষ্টং মহাভারতে গীতাখ্যং পরমং রহস্যমৃষিণা ব্যাসেন বিখ্যাপিতম্ ব্যাখ্যাতং ভগবৎপদৈঃ প্রতিপদং শ্রীশঙ্করাখ্যৈঃ পুনর্ব্বিস্পষ্টং মধুসূদনেন মুনিনা স্বজ্ঞানশুদ্ধ্যৈ কৃতম্ ইহ বোধি বিমোহয়ন্ সমঃ পরমানন্দঘনঃ সনাতনঃ গুণদোষদৃশেএব নত্বগুণতুলেত্যাদয়ং স্বয়ং জনঃ শ্রীরামবিশ্বেশ্বরমাধবানাং প্রসাদমাসাদ্য ময়া গুরূণাম্ ব্যাখ্যানমেতদ্বিহিতং সুবোধং সমর্পিতং তচ্চরণাম্বুজেষু ॥ ইতি শ্রীমৎপরমহংস পরিব্রাজকাচার্য্যশ্রীবিশ্বেশ্বরসরস্বতীবিরচিতায়াং শ্রীভগবদ্গীতা গূঢ়ার্থদীপিকায়ামষ্টাদশোঽধ্যায়ঃ ॥ ৭৮ ॥

ষাষ্টাদশশতে শকে মাঘশুক্লে সমাপিতা ॥ গূঢ়ার্থদীপিকা টীকা নবম্যামিন্দুবাসরে ॥১॥ নারায়ণময়ূরাভ্যাং পরোপকৃতিসিদ্ধয়ে ॥ মুদ্রিতা কীলযন্ত্রে বৈ তেন কৃষ্ণঃ প্রসীদতু ॥ ২ ॥

শ্রীসদ্‌গুরুঃ কৃষ্ণো বিজয়তে

হে মহারাজ ! যে পক্ষে স্বয়ং যোগেশ্বর ভগবান্ শ্রীকৃষ্ণ ও যে পক্ষে গাণ্ডীব ধনুর্দ্ধারী অর্জ্জুন রহিয়াছেন, রাজশ্রী, বিজয়, ভূতি, নীতি সেই পক্ষকেই আশ্রয় করিবে, ইহা নিশ্চয় জানিবেন ॥ ৭৮ ॥

গীঃ সঃ। যে মহারাজা যুধিষ্ঠিরের পক্ষে সর্ব্ব সিদ্ধিদাতা ও দুঃখভঞ্জনকর্ত্তা "নারায়ণ" নামক ভগবান্ শ্রীকৃষ্ণ বিরাজ করিতেছেন, যে পক্ষে গাণ্ডীবধন্বা " নর " নামক অর্জ্জুন বীর কেশরী রহিয়াছেন, আমি নিশ্চয় বলিতেছি রাজ্যলক্ষ্মী, বিজয়, অভ্যুদয়, এবং ন্যায় সেই পক্ষকেই আশ্রয় করিবে, অতএব তুমি দুর্য্যোধনাদি দুরাত্মা পুত্রদিগের জয়াশায় জলাঞ্জলী দিয়া ভগবদনুগৃহীত হইয়া পাণ্ডব দিগের সহিত সম্মিলিত হও।

" কাণ্ডত্রয়াত্মকং শাস্ত্রং গীতাখ্যং যেন নির্ম্মিতং।
আদি মধ্যান্তষট্‌কেষু তস্মৈ ভগবতে নমঃ ॥ "

কর্ম্ম, উপাসনা ও জ্ঞান এতত্রিকাণ্ডাত্মক গীতাশাস্ত্র যিনি রচনা করিয়াছেন, আদি, মধ্য ও শেষ ষট্‌কে সেই ভগবান্‌কে নমস্কার করিতেছি ॥ ৭৮ ॥

ইতি শ্রীমদবধূত শিষ্য শ্রী শ্রীকৃষ্ণ প্রসন্ন পরিব্রাজক
কৃত " গীতার্থ সন্দীপনী " নামক
ভাষা তাৎপর্য্য ব্যাখ্যায়
অষ্টাদশ অধ্যায়
সমাপ্ত।

গীতা মাহাত্ম্যম্ ।

ওঁ

॥ নমো ভগবতে বাসুদেবায় ॥

গীতায়াশ্চৈব মাহাত্ম্যং যথাবৎ সূত মে বদ। পুরা নারায়ণ ক্ষেত্রে ব্যাসেন মুনিনোদিতম্ ।১॥ ভদ্রং ভগবতা পৃষ্টং যদ্ধি গুপ্ততমং পরং। শক্যতে কেন তদ্বক্তুং গীতামাহাত্ম্যমুত্তমম্ ।২॥ কৃষ্ণো জানাতি বৈ সম্যক্ কিঞ্চিৎ কুন্তি সুতঃ ফলম্। ব্যাসো বা ব্যাসপুত্রো বা যাজ্ঞবল্ক্যোঽথ মৈথিলঃ।৩॥ অন্যে শ্রবণতঃ শ্রুত্বা লেশং সংকীর্ত্তয়ন্তি চ। তস্মাৎ কিঞ্চিদ্বদাম্যত্র ব্যাসস্যাস্যান্ময়া শ্রুতম্। ৪॥ সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপাল নন্দনঃ। পার্থো বৎস সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ।৫॥ সারথ্য মর্জ্জুনস্যাদৌ কুর্ব্বন্ গীতামৃতং দদৌ। লোক ত্রয়োপকারায় তস্মৈ কৃষ্ণাত্মনে নমঃ ।৬॥ সংসার সাগরং ঘোরং তর্ত্তুমিচ্ছতি যোনরঃ। গীতনাবং সমাসাদ্য পারং যাতি সুখেন সঃ।৭॥ গীতা জ্ঞানং শ্রুতং নৈব সদৈবাভ্যাস যোগতঃ। মোক্ষ মিচ্ছতি মূঢ়াত্মা যাতি বালক হাস্যতাম্। ৮॥ যে শৃণ্বন্তি পঠন্ত্যেব গীতা শাস্ত্র মহর্নিশম্। ন তে বৈ মানুষা জ্ঞেয়া দেবরূপা ন সংশয়ঃ ।৯॥ গীতাজ্ঞানেন সম্বোধং কৃষ্ণ প্রাহার্জ্জুনায় বৈ। ভক্তি তত্ত্বং পরং তত্র সগুণং চাথ নির্গুণম্। ১০॥ সোপানাষ্টাদশৈরেবং ভক্তিমুক্তি সমুচ্ছ্রিতৈঃ। ক্রমশশ্চিত্ত শুদ্ধিস্যাৎ প্রেম ভক্ত্যাদি কর্ম্মসু। ১১॥ সাধু গীতাম্ভসি স্নানং সংসারমল নাশনম্। শ্রদ্ধাহীনস্য তৎ কার্য্যং হস্তি স্নানং বৃথৈব তৎ ।১২॥ গীতায়াশ্চ ন জানাতি পঠনং নৈব পাঠনম্ । স এব মানুষে লোকে মোঘ কর্ম্মকরো ভবেৎ। ১৩॥ যস্মাদ্গীতাং ন জানাতি নাধমস্তৎ পরোজনঃ। ধিকৃতস্য মানুষং দেহং বিজ্ঞানং কুল শীলতাম্ ।১৪॥ গীতার্থং ন বিজানাতি নাধমস্তৎ পরোজনঃ। ধিক্ শরীরং শুভং শীলং বিভবস্তদ্গৃহাশ্রমম্। ১৫॥ গীতাশাস্ত্রং ন জানাতি নাধমস্তৎ পরো-

জনঃ। ধিক্ প্রালব্ধং প্রতিষ্ঠাঞ্চ পূজাং মানং মহত্তমম্ । ১৬ ॥ গীতা-শাস্ত্রে মতির্নাস্তি সর্ব্বং তন্নিষ্ফলং জগুঃ। ধিক্তস্য জ্ঞান দাতারং ব্রতং নিষ্ঠাং তপোযশঃ। ১৭ ॥ গীতার্থ পঠনং নাস্তি নাধমস্তং পরো-জনঃ! গীতা গীতং নযজ্জ্ঞানং তদ্বিদ্যাস্মরসম্মতম্ । ১৮ ॥ তন্মোঘং ধর্ম্ম রহিতং বেদ বেদান্ত গর্হিতম্তস্মাদ্ধর্ম্মময়ী গীতা সর্ব্বজ্ঞান প্রযো-জিকা। সর্ব্ব শাস্ত্র সার ভূতা বিশুদ্ধা সা বিশিষ্যতে। ১৯ ॥ যোঽধীতে বিষ্ণু পর্ব্বাহে গীতাং শ্রীহরি বাসরে। স্বপন্জাগ্রন্ চলং স্তিষ্ঠন্ শত্রু-ভির্ন স হীয়তে। ২০ ॥ শালগ্রামে শিলায়াং বা দেবাগারে শিবালয়ে। তীর্থে নদ্যাং পঠেদ্গীতাং সৌভাগ্যং লভতে ধ্রুবম্ । ২১ ॥ দেবকী নন্দনঃ কৃষ্ণো গীতা পাঠেন তুষ্যতি। যথা নবেদৈর্দানেন যজ্ঞতীর্থ ব্রতাদিভিঃ। ২২ ॥ গীতাধীতাচ যেনাপি ভক্তি ভাবেন চেতসা । বেদ শাস্ত্র পুরাণানি তেনাধীতানি সর্ব্বশঃ । ২৩ ॥ যোগস্থানে সিদ্ধ পীঠে শিলাগ্রে সৎসভাসু চ। যজ্ঞেচ বিষ্ণু ভক্তাগ্রে পঠন্ সিদ্ধিং পরাং লভেৎ । ২৪ ॥ গীতা পাঠঞ্চ শ্রবণং যঃ করোতি দিনে দিনে॥ ক্রতবো বাজি মেধাদ্যাঃ কৃতাস্তেন সদক্ষিণাঃ ॥ ২৫ ॥ যঃ শৃণোতিচ গীতার্থং কীর্ত্তয়-ত্যেব যঃ পরম্ ॥ শ্রাবয়েচ্চ পরার্থং বৈ স প্রযাতি পরং পদম্ ॥ ২৬ ॥ গীতায়াঃ পুস্তকং শুদ্ধং যোঽর্পয়ত্যেব সাদরাৎ। বিধিনা ভক্তিভাবেন তস্য ভার্য্যা প্রিয়া ভবেৎ ॥ ২৭ ॥ যশঃ সৌভাগ্য মারোগ্যং লভতে নাত্র সংশয়ঃ। দয়িতানাং প্রিয়ো ভূত্বা পরমং সুখ মশ্নুতে ॥ ২৮ ॥ অভিচারো-দ্ভবং দুঃখং বর শাপাগতঞ্চ যৎ। নোপসর্পতি তত্রৈব যত্র গীতার্চ্চনং গৃহে ॥ ২৯ ॥ তাপত্রয়োদ্ভবা পীড়া নৈব ব্যাধির্ভবেৎ ক্বচিৎ। ন শাপো নৈব পাপঞ্চ দুর্গতির্নরকং নচ ॥ ৩০ ॥ বিস্ফোটকাদয়ো দেহে ন বাধন্তে কদাচন। লভেৎ কৃষ্ণপদেদাস্যং ভক্তিঞ্চাব্যভিচারিণীম্ ॥ ৩১ ॥ জায়তে সততং সখ্যং সর্ব্বজীবগণৈঃ সহ। প্রারব্ধং ভুঞ্জতোবাপি গীতা-ভ্যাস রতস্য চ ॥ ৩২ ॥ স মুক্ত স সুখী লোকে কর্ম্মণা নোপলিপ্যতে। মহাপাপাতিপাপানি গীতাধ্যায়ী করোতিচেৎ ॥ ৩৩ ॥ ন কিঞ্চিৎ

স্পৃশ্যতে তস্য নলিনী দলমম্ভসা । অনাচারোদ্ভবং পাপং মবাচ্যাদি কৃতঞ্চ যৎ ॥ ৩৪ ॥ অভক্ষ্য ভক্ষজং দোষ মস্পর্শ স্পর্শজং তথা। জ্ঞানাজ্ঞান কৃতং নিত্যমিন্দ্রিয়ৈ র্জনিতঞ্চ যৎ ॥ ৩৫ ॥ তৎসর্ব্বং নাশ মায়াতি গীতা পাঠেন তৎক্ষণাৎ । সর্ব্বত্র প্রতিভোক্তাচ প্রতিগৃহ্য চ সর্ব্বশঃ। গীতা পাঠং প্রকুর্ব্বানো ন লিপ্যেত কদাচনঃ। ৩৬। রত্ন পূর্ণাং মহীং সর্ব্বাং প্রতিগৃহ্যা বিধানতঃ। গীতা পাঠেন চৈকেন শুদ্ধ স্ফটিকবৎ সদা। ৩৭ ॥ যস্যান্তঃকরণং নিত্যং গীতায়াং রমতে সদা । স সাগ্নিকঃ সদা জাপী ক্রিয়াবান্ সচ পণ্ডিত। ৩৮ ॥ দর্শনীয়ঃ স ধনবান্ স যোগী জ্ঞানবানপি। সএব যাজ্ঞিকো যাজী সর্ব্ব বেদার্থ দর্শকঃ। ৩৯ ॥ গীতাযাঃ পুস্তকং যত্র নিত্যপাঠশ্চ বর্ত্ততে। তত্র সর্ব্বাণি তীর্থানি প্রয়াগাদীনি ভূতলে ॥ ৪০ ॥ নিবসন্তি সদা দেহে দেহশেষেঽপি সর্ব্বদা। সর্ব্বে দেবাশ্চ ঋষয়ো যোগিনো দেহ রক্ষকা ॥৪১॥ গোপালো বালকৃষ্ণোঽপি নারদধ্রুব পার্শ্বদৈঃ। সহায়ো জায়তে শীঘ্রং যত্রগীতা প্রবর্ত্ততে॥ ৪২ ॥ যত্র গীতা বিচারশ্চ পঠনং পাঠনং তথা। মোদতে তত্র শ্রীকৃষ্ণো ভগবান্ রাধিকাসহ ॥ ৪৩ ॥

শ্রীভগবানুবাচ।

গীতা মে হৃদয়ং পার্থ গীতা মে সারমুত্তমম্ । গীতা মে জ্ঞানমত্যুগ্রং গীতা মে জ্ঞানমব্যয়ম্। ৪৪ ॥ গীতা মে চোত্তমং স্থানং গীতামে পরমং পদম্। গীতামে পরমং গুহ্যং গীতা মে পরমো গুরুঃ । ৪৫ ॥ গীতাশ্রয়েঽহং তিষ্ঠামি গীতামে পরমং গৃহং। গীতাজ্ঞানং সমাশ্রিত্য ত্রিলোকীং পালয়াম্যহম্। ৪৬ ॥ গীতামে পরমা বিদ্যা ব্রহ্মরূপা ন সংশয়ঃ। ৪৭ ॥ অর্দ্ধমাত্রা পরানিত্য মনির্ব্বাচ্য পদাত্মিকা। গীতা নামানি বক্ষ্যামি গুহ্যানি শৃণু পাণ্ডব। ৪৮ ॥ কীর্ত্তনাৎ সর্ব্ব পাপানি বিলয়ং যান্তি তৎক্ষণাৎ। গঙ্গা গীতাচ সাবিত্রি সীতা সত্যা পতিব্রতা । ৪৯ ॥ ব্রহ্মাবলি ব্রহ্ম বিদ্যা ত্রিসন্ধ্যা মুক্তি গেহিনী। অর্দ্ধমাত্রা চিদানন্দা ভবঘ্নী ভ্রান্তিনাশিনী। ৫০ ॥ বেদ ত্রয়ী পরানন্দা তত্ত্বার্থ জ্ঞান মঞ্জরী । ইত্যেতানি

জপেন্নিত্য্য নরো নিশ্চল মানসঃ। জ্ঞানসিদ্ধিং লভেন্নিত্যং তথান্তে পরমং পদং। ৫১॥ পাঠেঽসমর্থাঃ সম্পূর্ণে তদর্দ্ধং পাঠমাচরেৎ। তদাগোদান জং পুণ্যং লভতে নাত্র সংশয়ঃ। ৫২॥ ত্রিভাগং পঠমানস্তু সোম যাগ ফলং লভেৎ। ৫৩॥ ষড়ংশং জপমানস্তু গঙ্গাস্নান ফলং লভেৎ। তথাধ্যায় দ্বয়ং নিত্যং পঠমানো নিরন্তরম্। ইন্দ্রলোক মবাপ্নোতিকল্পমেকং বসেদ্ধ্রুবম্। ৫৪॥ একমধ্যায়কং নিত্যং পঠতে ভক্তি সংযুতঃ। রুদ্র লোকি মবাপ্নোতি গণো ভূত্বা বসেচ্চিরম্। ৫৫॥ অধ্যায়ার্দ্ধঞ্চ পাদস্বা নিত্যং যঃ পঠতে জনঃ। প্রাপ্নোতি রবি লোকং স মন্বন্তঞ্চ সমাঃ শতম্। ৫৬॥ গীতায়াঃ শ্লোক দশকং সপ্তপঞ্চ চতুষ্টয়ম্। ত্রিদ্ব্যেকমেকমর্দ্ধং বা শ্লোকানাং যঃ পঠেন্নরঃ। চন্দ্রলোক মবাপ্নোতি বর্ষাণামযুতস্তথা। ৫৭॥ গীতার্থ মেকপাদঞ্চ শ্লোকমধ্যায় মেবচ। স্মরং স্ত্যক্ত্বা জনোদেহং প্রয়াতি পরমং পদম্। ৫৮॥ গীতার্থমপি পাঠং বা শৃণুয়াদন্ত কালতঃ। মহাপাতকযুক্তোঽপি মুক্তিভাগী ভবেজ্জনঃ। ৫৯॥ গীতা পুস্তক সংযুক্তঃ প্রাণাং স্ত্যক্ত্বা প্রযাতি যঃ। স বৈকুণ্ঠ মবাপ্নোতি বিষ্ণুনা সহ মোদতে। ৬০॥ গীতাধ্যায় সমাযুক্তো মৃতো মানুষতাং ব্রজেৎ। গীতাভ্যাসং পুনঃ কৃত্বা লভতে মুক্তিমুত্তমাম্। ৬১॥ গীতেত্যুচ্চার সংযুক্তো ম্রিয়মাণো গতিং লভেৎ। ৬২॥ যদ্যৎ কর্ম্মচ সর্ব্বত্র গীতা পাঠ প্রকীর্ত্তিমৎ। তত্তৎ কর্ম্মচ নির্দ্দোষং ভূত্বা পূর্ণত্বমাপ্নুয়াৎ ॥৬৩ পিতৃমুদ্দিশ্য যঃ শ্রাদ্ধে গীতা পাঠং করোতিহি। সন্তুষ্টাঃ পিতরস্তস্য নিরয়াদ্ যান্তি স্বর্গতিম্। ৬৪॥ গীতাপাঠেন সন্তুষ্টাঃ পিতরঃ শ্রাদ্ধ তর্পিতাঃ। পিতৃলোকং প্রযান্ত্যেব পুত্রাশীর্ব্বাদ তৎপরাঃ। ৬৫॥ গীতা পুস্তক দানঞ্চ ধেনু পুচ্ছ সমন্বিতম্। কৃত্বাচ তদ্দিনে সম্যক্ কৃতার্থো জায়তে জনঃ।৬৬॥ পুস্তকং হেমসং যুক্তং গীতায়াঃ প্রকরোতি যঃ। দত্ত্বা বিপ্রায় বিদুষে জায়তে ন পুনর্ভবং। ৬৭॥ শত পুস্তক দানঞ্চ গীতায়াঃ প্রকরোতি যঃ। স যাতি ব্রহ্ম সদনং পুনরাবৃত্তি দুর্লভম্ ॥৬৮॥ গীতা দান প্রভাবেন সপ্তকল্পা মতাঃস্নমীঃ। বিষ্ণুলোকমবাপ্যান্তে বিষ্ণুনা

সহ মোদতে । ৬৯ ॥ সম্যক্ শ্রুত্বাচ গীতার্থং পুস্তকং যঃ প্রদাপয়েৎ। তস্মৈ প্রীতঃ শ্রীভগবান্ দদাতি মানসেপ্সিতম্ । ৭০ ॥ দেহং মানুষ-মাশ্রিত্য চাতুর্বর্ণেষু ভারত। ন শৃণোতি ন পঠতি গীতামমৃত রূপি-ণীম্ ॥ ৭০ ॥ হস্তাত্ত্যক্ত্বামৃতং প্রাপ্তং স নরো বিষমশ্নুতে। জনঃ সং-সার দুঃখার্ত্তো গীতাজ্ঞানং সমালভেৎ। পীত্বা গীতামৃতং লোকে লব্ধা ভক্তিং সুখী ভবেৎ। ৭১ ॥ গীতামাশ্রিত্য বহবো ভূভুজো জনকাদয়ঃ। নির্ধূত কল্মষা লোকে গতাস্তে পরমং পদম্।৭২॥গীতাসুন বিশেষোঽস্তি জনেষূচ্চারকেষু চ। জ্ঞানেষ্বেব সমগ্রেষু সমা ব্রহ্ম স্বরূপিণী ॥৭৩॥ যোঽভি মানেন গর্ব্বেন গীতা নিন্দাং করোতি চ। সমেতি নরকং ঘোরং যাবদাহূত সংপ্লবম্ । ৭৪ ॥ অহঙ্কারেণ মূঢ়াত্মা গীতার্থং নৈব মন্যতে। কুম্ভী পাকেষু পচ্যেত যাবৎ কল্পক্ষয়ো ভবেৎ ॥ ৭৫ ॥ গীতার্থং বাচ্য মানংযো নশৃণোতি সমীপতঃ ॥ স শূকর ভবাং যোনিমনেকামধি গচ্ছতি। ৭৬ ॥ চৌর্য্যং কৃত্বাচ গীতায়াঃ পুস্তকং যঃ সমানয়েৎ। ন তস্য সফলং কিঞ্চিৎ পঠনঞ্চ বৃথা ভবেৎ। ৭৭ ॥ যঃ শ্রুত্বা নৈবগীতার্থং মো-দতে পরমার্থতঃ। নৈব তস্য ফলং লোকে প্রমত্তস্য যথা শ্রমঃ ॥ ৭৮ ॥ গীতাং শ্রুত্বা হিরণ্যঞ্চ ভোজ্যং পট্ট্যাম্বরং তথা। নিবেদয়েৎ প্রদানার্থং প্রীতয়ে পরমাত্মনঃ ॥ ৭৯ ॥ বাচকং পূজয়েদ্ভক্ত্যা দ্রব্য বস্ত্রাদ্যুপস্করৈঃ। অনেকৈর্ব্বহুধা প্রীত্যা তুষ্যতাং ভগবান্ হরিঃ। ৮০ ॥ মাহাত্ম্য মে তৎ-গীতায়াঃ কৃষ্ণ প্রোক্তং পুরাতনম্। গীতান্তে পঠতে যস্তু যথোক্ত ফল-ভাগ্ভবেৎ। ৮১ ॥ গীতায়াঃ পঠনং কৃত্বা মাহাত্ম্যং নৈব যঃ পঠেৎ। বৃথা পাঠ ফলং তস্য শ্রম এব উদাহৃতং । ৮২ ॥ এতন্মাহাত্ম্য সংযুক্তং গীতা পাঠং করোতি যঃ। শ্রদ্ধয়া যঃ শৃণোত্যেব পরমাং গতিমাপ্নুয়াৎ ৮৩ শ্রুত্বা গীতামর্থ যুক্তাং মাহাত্ম্যং যঃ শৃণোতি৮। তস্য পুণ্য ফলং লোকে ভবেৎ সর্ব্ব সুখাবহম্ ! ৮৪ ॥ ইতি শ্রীবৈষ্ণবীয় তন্ত্রসারে শ্রীমদ্ভগবদ্-গীতা মাহাত্ম্যং সমাপ্তম্ ॥

॥ শ্রীকৃষ্ণার্পণমস্তু ॥

গীতামাহাত্ম্যের ভাষানুবাদ।

(শৌণক কহিলেন) হে সূত! নৈমিষারণ্যে মহামুনি ব্যাসদেব কথিত গীতামাহাত্ম্য আমার নিকট যথাযথ বর্ণনা কর। সুত কহিলেন, হে ভগবন্! আপনি উত্তম জিজ্ঞাসা করিয়াছেন, ইহা পরম গুহ্যতম। এই গীতামাহাত্ম্য সুন্দররূপে ব্যাখ্যা করিতে কে সমর্থ? কৃষ্ণই ইহা সম্যক্‌রূপে জানেন, কিঞ্চিৎ অর্থাৎ ফলমাত্র কুন্তিপুত্র অর্জ্জুন, বেদব্যাস, শুকদেব, যাজ্ঞবল্ক্য, জনক অবগত আছেন; আর অন্যান্য মহাত্মাগণ ইহা শ্রবণ মাত্র করিয়া কিছু কিছু কীর্ত্তন করিয়া থাকেন মাত্র। অতএব আমিও মহর্ষি বেদ-ব্যাসের মুখে যেরূপ যৎকিঞ্চিৎ শ্রবণ করিয়াছি, তাহাই ব্যাখ্যা করিতেছি।

সমস্ত উপনিষৎ রাশি গাভি স্বরূপ, গোপালনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ পার্থরূপ বৎসের ক্ষুন্নিবারণ পূর্ব্বক নির্ম্মল বুদ্ধি ব্যক্তিদিগের জন্য দুগ্ধরূপ এই গীতামৃত দোহন করিয়াছেন। লোকত্রয়ের উপকারার্থ যে ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জ্জুনের সারথ্য স্বীকার পূর্ব্বক এই গীতামৃত দান করিয়াছেন, সেই পরমাত্মা স্বরূপকে নমস্কার করি।

যে ব্যক্তি এই ঘোর সংসার সাগর উত্তীর্ণ হইতে ইচ্ছা করেন, গীতারূপ নৌকা আশ্রয় করিলে তিনি পরম সুখে পার হইয়া যাইবেন। সর্ব্বদা অভ্যাস যোগ পূর্ব্বক গীতার জ্ঞানবার্ত্তা শ্রবণ না করিয়া যে মূঢ়াত্মা মুক্তি লাভের আকাঙ্ক্ষা করে, সে বালকেরও উপহাসাস্পাদ হইয়া থাকে। যাঁহারা দিবানিশি গীতাশাস্ত্র শ্রবণ বা অধ্যয়ন করেন, তাঁহাদিগকে নিঃসংশয় দৈবতা বলিয়া জানিতে হইবে। শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে যে গীতাজ্ঞান উপদেশ করিয়াছেন, তাহাতে সগুণ ও নির্গুণ ব্রহ্মের ভক্তিতত্ত্ব, জ্ঞানতত্ত্ব ব্যাখ্যাত হইয়াছে। ক্রমশঃ চিত্ত শুদ্ধি পূর্ব্বক প্রেম, ভক্তি কর্ম্ম আদিতে কিরূপে ভক্তি-মুক্তি লাভ হয়, গীতার অষ্টাদশ অধ্যায়ে তাহার অষ্টাদশ সোপান নির্ম্মিত হইয়াছে। গীতারূপ জলাশয়ে স্নান করিলে সংসাররূপ মালিন্য বিধৌত হইয়া যায়, কিন্তু শ্রদ্ধাবিহীন ব্যক্তির স্নান হস্তীর স্নানের ন্যায়, অর্থাৎ হস্তী যেমন স্নান করিয়া শুণ্ডের দ্বারা পথের ধূলী লইয়া আবার অঙ্গে নিক্ষেপ করে, সেই রূপ শ্রদ্ধাহীন ব্যক্তি গীতাসরোবরে স্নান করিয়াও পুনর্ম্মলিন হইয়া পড়ে। যে ব্যক্তি গীতা পড়িতে ও পড়াইতে না জানে, মনুষ্য লোকে তাহার সমস্ত কর্ম্মই পণ্ড হইয়া থাকে, যেহেতু গীতানভিজ্ঞ ব্যক্তির ন্যায় জগতে নরাধম আর কেহ নাই, তাহার মনুষ্য দেহ ধারণকে ধিক্, তাহার জ্ঞানেও ধিক্ ও কুলশীলেও ধিক্। যে ব্যক্তি গীতার অর্থ না জানে, তদপেক্ষা নরাধম আর কেহ নাই, তাহার শরীরকে ধিক্, তাহার কল্যাণ ও শীলতাকে ধিক্, তাহার গৃহাশ্রম ধনাদিকেও ধিক্। যে ব্যক্তি গীতাশাস্ত্র অবগত নহে তাহার অপেক্ষা নরাধম আর কেহই নাই, তাহার প্রারব্ধকে ধিক্, তাহার প্রতিষ্ঠাকে ধিক্ ও তাহার মান, সম্ভ্রম, মহত্ত্বকেও ধিক্। গীতাশাস্ত্রে যাহার মতি নাই, সংসারে তাহার সমস্তই নিষ্ফল, তাহার জ্ঞানদাতাকে ধিক্, তাহরা

ব্রত ও নিষ্ঠাকে ধিক্, তাঁহার তপস্যা ও জপকেও ধিক্। যে গীতা অধ্যয়ন না করে তদপেক্ষা আর নরাধম কেহই নাই, যে জ্ঞানের মূলে গীতার জ্ঞান না থাকে, তাহা আসুরী বিদ্যা, তাহা নিষ্ফল, ধর্ম্মরহিত ও বেদবেদান্ত বিরুদ্ধ। গীতা সর্ব্ব ধর্ম্মময়ী, গীতা সর্ব্বজ্ঞান প্রদায়িকা, গীতা সর্ব্ব শাস্ত্রের সারভূতা, গীতা বিশুদ্ধা ও গীতার ন্যায় আর কিছুই নাই।

বিষ্ণু পর্ব্বাহে ও একাদশীতে যিনি গীতা পাঠ করেন, তিনি স্বপ্নাবস্থায় থাকুন অথবা জাগ্রত থাকুন, তিনি কোথাও গমন করুন বা কোথাও স্থির হইয়া বসিয়া থাকুন, অর্থাৎ কোথাও কোন অবস্থাতেও তিনি শত্রু হইতে ভীত হইবেন না। যিনি শালগ্রাম শিলার নিকট, দেবালয়ে বা শিবালয়ে, তীর্থস্থানে বা নদীতটে গীতাপাঠ করেন, তিনি নিশ্চয়ই সৌভাগ্য লাভ করিয়া থাকেন। বেদপাঠে বা দানে অথবা যজ্ঞ, তীর্থ, ব্রতাদি দ্বারা ভগবান্ দেবকীনন্দন কৃষ্ণকে তাদৃশ সন্তুষ্ট করা যায়না, যেরূপ তিনি গীতা পাঠে পরিতুষ্ট হইয়া থাকেন। বেদ পুরাণ আদি সর্ব্বশাস্ত্র পাঠ করিলে যে ফল হইয়া থাকে, ভক্তি পূর্ব্বক একমাত্র গীতা পাঠ করিলেই তাহা সিদ্ধ হয়। যোগ স্থানে বা সিদ্ধ পীঠে কিম্বা শালগ্রাম শিলার সম্মুখে অথবা সজ্জন সমাজে কিম্বা যজ্ঞক্ষেত্রে কিম্বা ভগবদ্ভক্তের নিকট যিনি গীতা পাঠ করেন, তিনি পরম সিদ্ধি লাভ করিয়া থাকেন। যিনি প্রত্যহ গীতা পাঠ বা শ্রবণ করিয়া থাকেন, তাঁহার দক্ষিণাসহ অশ্বমেধাদি যজ্ঞ করা হইয়াছে বলিতে হইবে। যিনি গীতার্থ শ্রবণ করেন অথবা কীর্তন করেন কিম্বা অন্যকে শ্রবণ করাইয়া থাকেন, তিনি পরম পদ লাভ করেন। যিনি ভক্তি ও [illegible] যুক্ত হইয়া বিধি পূর্ব্বক সাদরে বিশুদ্ধ গীতা পুস্তক দান করেন, তিনি প্রিয়া ভার্য্যা লাভ করিয়া থাকেন, তিনি যশঃ সৌভাগ্য, আরোগ্য আদি লাভ করিয়া ও ভার্য্যার প্রিয় হইয়া নিঃসংশয় পরম সুখ প্রাপ্ত হবেন। যে গৃহে গীতার অর্চ্চনা হয়, তথায় হিংসা, বর [illegible] অভিশাপ জনিত কোন দুঃখই উপস্থিত হয় না। সেখানে ত্রিতাপ জনিত পীড়া, ব্যাধি, অভিশাপ বা পাপ, দুর্গতি বা নরক অথবা দেহে বিস্ফোটকাদি কোন প্রকার বাধা উৎপন্ন করে না। শ্রীকৃষ্ণ চরণের দাসত্ব, অব্যভিচারিণী ভক্তি ও সর্ব্ব জীবের সহিত পরম সখ্যতা লাভ হইয়া থাকে। গীতাভ্যাস পরায়ণ ব্যক্তি প্রারব্ধ কর্ম্ম ভোগের অধীন থাকিলেও তিনি মুক্তি ও সুখ লাভ করিয়া থাকেন, কোন কর্ম্ম তাঁহাকে বন্ধন করিতে পারেনা। গীতাধ্যায়ী ব্যক্তি যদি মহাপাপ বা অতিপাপও করেন, নলিনী দলগত জলের ন্যায় সেই কর্ম্ম তাঁহাকে স্পর্শ বা আশ্রয় করিয়া থাকিতে পারে না। অনাচার সম্ভূত ও অবদ্য পাপ সকল ও অভক্ষ্য ভোজন জনিত ও অস্পৃশ্য স্পর্শ জনিত দোষ সকল, জ্ঞান কৃত অজ্ঞান কৃত বা ইন্দ্রিয় জনিত যে কোন দোষই হউক না কেন, তত্তাবৎ গীতা পাঠ মাত্রেই বিনষ্ট হইয়া যায়। সকলের অন্ন ভোজন ও সর্ব্বত্র প্রতিগ্রহ করিলে যে কিছু পাপ হয়, গীতা পাঠকারীকে তাহা স্পর্শ করিতে পারেনা। যদি বিহিত বিধানে প্রদত্ত রত্ন পূর্ণা বসুন্ধরাও প্রতিগ্রহ করিয়া

কেহ পাপে মলিন হয়, একমাত্র গীতা পাঠ করিলে সে ব্যক্তি শুদ্ধ স্ফটিকবৎ স্বচ্ছ হইয়া যায়। যাঁহার অন্তঃকরণ প্রতিনিয়ত গীতাতে অনুরক্ত থাকে, তিনিই সাগ্নিক, তিনিই জাপক, তিনিই ক্রিয়াবান্, তিনিই পণ্ডিত, তিনিই দর্শনীয়, তিনিই ধনবান্, তিনিই যোগী, তিনিই জ্ঞানবান্, তিনিই যাজ্ঞিক, তিনিই যাজক, তিনিই সর্ব্ব বেদার্থদর্শী। যেখানে নিত্য গীতা পঠিত হইয়া থাকে, ভূতলের প্রয়াগাদি সমস্ত তীর্থই তথায় বিদ্যমান্ থাকেন, গীতাতে যাঁহার প্রবৃত্তি হয় তাঁহার জীবিত কালে এবং মরণান্তেও সমস্ত দেবতা, ঋষি ও যোগীগণ দেহরক্ষক এবং বালগোপাল কৃষ্ণ নারদ, ধ্রুব পার্ষদাদি সহিত তাঁহার সহায় হইয়া থাকেন। যে স্থানে গীতা শাস্ত্রের বিচার, অধ্যয়ন বা অধ্যাপনা হইয়া থাকে, শ্রীরাধিকাসহ ভগবান্ শ্রীকৃষ্ণ সেই স্থানে আনন্দ পূর্ব্বক বিরাজ করেন।

ভগবান্ কহিয়াছেন।

হে পার্থ! গীতা আমার হৃদয় স্বরূপ, গীতা আমার সার সর্ব্বস্ব, গীতা আমার অত্যুগ্র ও অব্যয় জ্ঞান স্বরূপ, গীতাই আমার পরম স্থান এবং পরম পদ, গীতা আমার পরম গুহ্য, গীতা আমার পরম গুরু, গীতার আশ্রয়েই আমি অবস্থিত, গীতা আমার পরম নিকেতন, গীতার জ্ঞানকে আশ্রয় করিয়াই আমি ত্রিলোক প্রতিপালন করি, গীতা আমার ব্রহ্মরূপা পরমা বিদ্যা তাহাতে সংশয় নাই; অর্দ্ধমাত্রা রূপিণী গীতা নিত্য পরাৎপরা ও অনির্ব্বচনীয় পদ স্বরূপিণী। হে পাণ্ডব! গীতার গুহ্য নাম সকল আমি বলিতেছি শ্রবণ কর; এই নাম সকল কীর্ত্তন করিলে পাপরাশি তৎক্ষণাৎ বিনষ্ট হইয়া যায়। গঙ্গা, গীতা, সাবিত্রী, সীতা, সত্যা, পতিব্রতা, ব্রহ্মাবলী, ব্রহ্মবিদ্যা, ত্রিসন্ধ্যা, মুক্তি গেহিনী, অর্দ্ধমাত্রা, চিদানন্দা, ভবঘ্নি, ভ্রান্তি নাশিনী, বেদত্রয়ী, পরানন্দা, তত্ত্বার্থ-জ্ঞান মঞ্জরী ইত্যাদি নাম সকল যে ব্যক্তি নিশ্চল চিত্তে নিত্য জপ করেন, তিনি জ্ঞান ও সিদ্ধি লাভ করিয়া পরিণামে পরম পদ প্রাপ্ত হয়েন। যিনি সম্পূর্ণ গীতা পাঠে অসমর্থ হইয়া গীতার্দ্ধ পাঠ করেন, তিনি নিঃসংশয় গোদানের ফল লাভ করেন। এক তৃতীয়াংশ পাঠ করিলে সোম যাগের এবং ষড়ংশ পাঠ করিলে গঙ্গা স্নানের ফল লাভ করিয়া থাকেন। যিনি প্রত্যহ দুই অধ্যায় পাঠ করেন, তিনি এক কল্প কাল নিশ্চল হইয়া ইন্দ্রলোকে বাস করেন। যিনি ভক্তিযুক্ত হইয়া এক অধ্যায়ও পাঠ করেন, তিনি গণ মধ্যে পরিগণিত হইয়া চিরকাল রুদ্র লোকে বাস করেন। যিনি অধ্যায়ার্দ্ধ বা এক পাদ মাত্র নিত্য পাঠ করেন, তিনি শত মন্বন্তর সূর্য্য লোকে বাস করেন। যিনি গীতার দশটী, সাতটী, পাঁচটী, চারিটী, তিনটী, দুইটী, একটী বা অর্দ্ধ শ্লোকও পাঠ করেন, তিনি অযুত বর্ষ পর্য্যন্ত চন্দ্র লোকে বাস করিয়া থাকেন। যিনি গীতার এক অধ্যায়ের বা এক শ্লোকের অর্থ স্মরণ করিতে করিতে দেহত্যাগ করেন, তিনি পরম পদ লাভ করেন। যিনি মরণ কালে গীতার অর্থ শ্রবণ করেন, বা পাঠ করেন, তিনি মহাপাতক যুক্ত হইলেও মুক্তি ভাগী হইয়া থাকেন। যিনি গীতা পুস্তক সংযুক্ত হইয়া প্রাণত্যাগ করেন, তিনি বৈকুণ্ঠ বাসী হইয়া বিষ্ণুর সহিত আনন্দভোগ করিয়া থাকেন। গীতার এক অধ্যায়ও

যদি কাহারও মৃত্যু কালে নিকটে থাকে, তাহা হইলে তিনি নীচ যোনী প্রাপ্ত না হইয়া পুনর্ম্মনুষ্য যোনী লাভ করেন এবং সেই দেহে গীতা অভ্যাস পূর্ব্বক মুক্তি পদ লাভ করিয়া থাকেন। মরণ কালে যিনি "গীতা" এই শব্দ উচ্চারণ করেন, তাঁহারও সদ্‌গতি হয়। মনুষ্য যখন কোন কর্ম্মের অনুষ্ঠান করে, সেই সময়ে গীতা পাঠ করিলেই সেই সকল কর্ম্ম নির্দ্দোষ হইয়া সম্পূর্ণ ফল দানে সমর্থ হয়। শ্রাদ্ধ কালে পিতৃ লোকের উদ্দেশে গীতা পঠিত হইলে তাঁহারা নরকস্থ থাকিলেও আনন্দ লাভ পূর্ব্বক স্বর্গে গমন করেন। গীতা পাঠ দ্বারা শ্রাদ্ধতর্পণপরিতৃপ্ত পিতৃগণ পুত্রকে আশীর্ব্বাদ করিয়া সন্তুষ্ট চিত্তে পিতৃ লোকে গমন করেন। যিনি ধেনুপুচ্ছ সহিত গীতা পুস্তক দান করেন, তিনি সম্যক্‌রূপে কৃতকৃত্য হইয়া থাকেন। যিনি সুবর্ণ সংযুক্ত করিয়া গীতা পুস্তক বিদ্যাবান্‌ বিপ্রকে দান করেন, তাঁহার পুনর্জ্জন্ম হয় না। যিনি একশত গীতা পুস্তক দান করেন, তিনি ব্রহ্ম লোকে গমন করিয়া থাকেন, তাঁহার পুনরাবৃত্তির সম্ভাবনা নাই। গীতাদানের পুণ্য প্রভাবে সপ্ত কল্প কাল পর্য্যন্ত দাতা বিষ্ণু লোকে বিষ্ণুর সহিত আনন্দ ভোগ করিয়া থাকেন। সম্যক্‌ গীতার্থ শ্রবণ করিয়া যিনি গীতা দান করাইয়া থাকেন, তাঁহার প্রতি ভগবান্‌ প্রীত হইয়া বাঞ্ছিতার্থ দান করেন। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র কুলে স্ত্রী বা পুরুষ দেহ প্রাপ্ত হইয়া যে ব্যক্তি এই অমৃত রূপিণী গীতা শ্রবণ বা অধ্যয়ন না করে, সে হস্তস্থ অমৃত ত্যাগ করিয়া গরল ভক্ষণ করে বলিতে হইবে। সংসার দুঃখার্ত্ত ব্যক্তি গীতার জ্ঞান লাভ করিবেন, গীতামৃত পান করিলে ভক্তি লাভে সুখী হইয়া থাকেন, জনকাদি বহুল রাজন্যবর্গ গীতাকে আশ্রয় করিয়া নিষ্পাপ হইয়া পরম পদ লাভ করিয়াছেন। গীতার শ্লোক উচ্চারণই করুন বা তজ্জনিত জ্ঞানই লাভ করুন, গীতা সকলের নিকটেই ব্রহ্ম স্বরূপিণী। অভিমান বা অহংকার পূর্ব্বক যিনি গীতার নিন্দা করেন, তিনি চিরকাল ঘোর নরকে নিবাস করিয়া থাকেন। যে মূঢ়াত্মা অহংকার পূর্ব্বক গীতার্থের অবমাননা করে, সে কল্পক্ষয় কাল পর্য্যন্ত কুম্ভীপাক নরকে পচিতে থাকে। নিকটে গীতা ব্যাখ্যা হইতেছে দেখিয়াও যে ব্যক্তি শ্রবণ না করে, সে ব্যক্তি বহুদিন শুকর যোনী প্রাপ্ত হয়। যে ব্যক্তি গীতা পুস্তক চুরি করিয়া আনে, তাহার গীতা পাঠ ব্যর্থ ও বিফল হয়। যে ব্যক্তি গীতার্থ শ্রবণ না করিয়া পরমার্থ লাভে যত্নবান্‌ হয়, উন্মত্তের পরিশ্রমের ন্যায় তাহার তাহাতে কোন ফলই লাভ হয় না। গীতা শ্রবণ করিয়া যিনি দানার্থ সুবর্ণ, ভোজ্যসামগ্রী ও পট্টাম্বর ভগবৎ প্রীত্যর্থ নিবেদন করেন এবং ব্যাখ্যাতাকে ভক্তি পূর্ব্বক পূজা করিয়া নানা প্রকার সামগ্রী ও বস্ত্রাদি পুরস্কার করেন, তিনি ভগবান্‌ হরিকে সন্তুষ্ট করিয়া থাকেন। যিনি এই শ্রীকৃষ্ণোক্ত গীতার মাহাত্ম্য গীতার পাঠান্তে পাঠ করিয়া থাকেন, তিনি যথোক্ত ফল ভাগী হয়েন। গীতা পাঠ করিয়া যিনি গীতার মাহাত্ম্য পাঠ না করেন, তাঁহার গীতা পাঠের ফল হয় না, তাঁহার শ্রমমাত্রই সার হয়। এই মাহাত্ম্য সহিত যিনি গীতা পাঠ করেন, অথবা শ্রদ্ধা পূর্ব্বক শ্রবণ করেন, তিনি পরম গতি লাভ করিয়া থাকেন। যিনি অর্থ সহিত গীতাও মাহাত্ম্য শ্রবণ করেন, তাঁহার সর্ব্ব সুখাবহ পুণ্য লাভ হইয়া থাকে।

ইতি শ্রী বৈষ্ণবীয় তন্ত্রসারে শ্রীমদ্ভগবদ্গীতা মাহাত্ম্যং সমাপ্তং।

"ওঁ হরিঃ ওঁ।